

নীলাঞ্জনা

A Translation of Toni Morrison's *The Bluest Eye*

A Thesis Submitted in Partial Fulfillment for the requirements of
the Degree of Masters of Arts in English

Submitted to:

Dr. Fakrul Alam
Professor, Department of English
East West University

Submitted by

Walima Matin
ID no. 2010-1-93-005

Submission Date

October 30, 2011

Table of Contents:

	<i>page</i>
1. Acknowledgement	i
2. Introduction	ii
3. Translation of <i>The Bluest Eye</i> (নীলাঞ্জনা)	01
3.1) Autumn (হেমন্তকাল)	03
3.2) Winter (শীতকাল)	17
3.3) Spring (বসন্তকাল)	28
3.4) Summer (গ্রীষ্মকাল)	48
3. Conclusion	64
4. Bibliography	67

ACKNOWLEDGEMENT

Thanks to all, who showed me the right direction towards the discipline of Translation Studies and helped me complete this dissertation. I am really grateful to my supervisor, Dr. Fakrul Alam who has given me such the opportunity to undertake this gigantic task for his support and suggestions. His belief in my potentials inspired me and his valuable guidelines helped me to bring this dissertation to a close. His course, “Translation Studies” encouraged me to choose the topic and eventually provided me with all kinds of materials to enrich and explore the topic. Thanks too to Dr. Samshad Murtaza whose course “Contemporary American Literature” provided me many important points for my topic. I would also like to thank my husband Mr. Naim Ahmed for his invaluable support during the writing of my dissertation.

Thanks too to the Department of English, East West University that has always motivated me to achieve success. Last, but not the least, my thanks go to my parents who were always with me in my good times and bad ones, for all their love and support, and without whom my life would not be what it is. I am also grateful to my beautiful sister who helped me a lot with my dissertation. Without their support or guidelines, I could not have accomplished my task and come to this position in life.

INTRODUCTION

i

“A little black girl yearns for the blue eyes of a little white girl, and the horror at the heart of her yearning is exceeded only by the evil of fulfillment.”
(Morrison,1970,1994:162)

This extract has been taken from Toni Morrison’s *The Bluest Eye* which is a novel considered to be a critique of the influence of standards of white beauty on black people (Delgado and Stefanic, 2000). This novel is not an easy text at all, as it deals with a sensitive issue relating to racism, which according to the US Civil Rights Commission, is discrimination towards an individual or group based on skin colour that can be either individual or institutional (<http://academic.udayton.edu/race/01race/race08.htm>). In this regard, many difficulties can be faced in comprehending the text. Morrison’s novel deals with issues arising out of “the imposition of white ideals of beauty on black women” (Ryan, 1999). Thus the ideology of white beauty remains an important issue that affected the spirit of the novel. In Bangladesh, although colour racism is unfamiliar, the concept of making beauty synonymous with fairness is, to some extent, relevant. In other words, having white skin seems to be something desirable in Bangladesh. Even now dark skinned girls are neglected in society in the sense that in obtaining a good job, they are less preferred; their parents worry about their marriage prospect, and they are even at times humiliated by narrow-minded people. Therefore, preference for whiteness is not uncommon in our country. Such colour prejudice is at the core of Morrison’s novel.

Morrison's *The Bluest Eye* analyses the tragic effects of white, middle-class American ideals of beauty on the developing female identity of a young African American girl during the early 1940s. The novel shows the psychological devastation of a young black girl, Pecola Breedlove, who had searched for love and acceptance in a world that denies and devalues people of her race because of their colour. As her mental state slowly unravels, Pecola hopelessly longs to possess the traits admired in conventional

American standards of beauty—namely, white skin, blonde hair, and blue eyes—as propagated by the popular icons and traditions of white culture. With its sensitive portrait of African American female identity and its critique of the racism bred by American cultural definitions of beauty, *The Bluest Eye* has been widely seen as a literary watershed, inspiring many more works by African American women about their identity and experience as women of color.

The style of *The Bluest Eye* is lyrical, and features multiple perspectives. Morrison is famous for her use of fragmented narratives and multiple perspectives. *The Bluest Eye* is written based on the multi-narrator technique: it combines a First Person narrator with a Third Person one. Claudia as the central narrator provides the bulk of the narration in the book. Morrison's use of different narrative styles gives her the freedom to do two interesting things. On the one hand, she uses Claudia to convey the thoughts and perceptions of a 9-year-old girl, giving the novel an air of innocence. On the other hand, the use of third-person omniscient narration allows the novel to cover broad sweeps of time and space – like when we get the history of the Breedloves' storefront or stories about Soaphead Church's white ancestors. This opens the novel up, giving it historical depth, and allowing us to see how the racial issues of the past are still impacting on these characters in the 20th centuries.

Sometimes the contrast between speakers is particularly vivid. For example, during Pauline's story, the narration begins in the third-person omniscient mode. Suddenly, about three pages into the text, we get a series of paragraphs presented from Pauline's perspective. One minute we're reading a lyrical line about how Pauline "saw the Kentucky sun drenching the yellow, heavy-lidded eyes of Cholly Breedlove" (Morrison, 1970, 1994:90) and the next minute we're immersed in Pauline's own Southern dialect as she says, "When I first seed Cholly...it was like all the bits of color from that time down home when all us chil'ren went berry picking after a funeral" (Morrison, 1970, 1994:90). This makes the narrative more inclusive, giving rural, less-educated characters the opportunity to describe their own experience in their own language.

According to a feature in the *New York Times*, "*The Bluest eye* is an enquiry into the reasons why beauty gets wasted in this country. The beauty in this case is black. The wasting is done by a cultural engine that seems to have been designed to murder

possibilities... And she does it with a prose so precise, so faithful to speech and so charged with pain and wonder that the novel becomes poetry". The tone of *The Bluest Eye* is sympathetic, poetic and philosophical. Both Claudia and the third-person narrator are deeply sympathetic about Pecola's plight. Claudia insists that Cholly loved Pecola even though he raped her. The third-person narrator provides us with an account of Cholly's past not to let him off the hook, but to complicate his personality and try to show us how the rape fits in the narration of his life. The book is also deeply poetic and features long, elegant descriptive passages about immaterial things like love: "..... *I could smell it – taste it – sweet, musty, with an edge of wintergreen in its base – everywhere in that house. It stuck, along with my tongue, to the frosted windowpanes. It coated my chest, along with* ." (Morrison,1970,1994:07) Here in this extract Morrison has used internal rhyme by using repetitive /t/ sound in the sentence and made it poetic.

The novel is philosophical. At times, it features multiple aphorisms, like- "Love is never any better than the lover" (Morrison,1970,1994:163), and "Wicked people love wickedly, violent people love violently, weak people love weakly, stupid people love stupidly, but the love of a free man is never safe," (*et al*).


According to Bassnett (2002), translation studies is a vastly complex field with many comprehensive ramifications. Translation involves the alteration of a source language (hereby, SL) text into a target language (hereby, TL) in one condition where “(1) the surface meaning of the two will be approximately similar and (2) the structure of the SL will be preserved as closely as possible but not so closely that the TL structure will be seriously distorted.” (p:11) This dissertation tries to translate the striking novel, *The Bluest Eye*, written by Toni Morrison, into Bengali language to present this distinctive work to Bengali readers. The translation thus intends to help people who may have problem in reading the original text. This work will hopefully make the text accessible to them. This translation aims to transmit the Black American female author’s point of view in the novel to Bangladeshi readers so that they can reflect on a problem they have in common with Black Americans in their society, that is to say, colour prejudice. Since translation is not only about translating a text into another language but also about increasing knowledge of different cultures (see Sontag, 2007), this translation aims to enrich our culture with a classic work from another one.

My translation of *The Bluest Eye* aims to be true to the original text. It also intends to make the text accessible, and to enrich our culture by representing Black American culture and passing the author’s point of view to Bangladeshi urban people (through the Bengali vernacular). It wants to show the readers the biases that exist in romantic love and physical beauty based on colour prejudice that is imposed on women (Ryan,1999) so that they are able to understand the problem and understand the biases

that exist in their own culture. Toni Morrison's *The Bluest Eye* is of course an African American text, written in English that presents African American culture, but its theme has relevance to Bengalis. A translator should maintain an invariant core (Popović in Bassnett, 2002) and he or she should try to use orders, every day language in his or her translation (Dolet in Basnett, 2002). As a translator I tried to retain the invariant core and use the forms of the language of everyday life for my translation. Translating this text and maintaining its original tune, however, proved to be quite challenging at times due to dissimilarities in the structures of the SL and the TL, distinctive cultural phenomena and also for some untranslatable words.

Faced with the challenges posed by the differences between the two languages I have often had to improvise. For example, I have translated *The Bluest Eye* into “নীলাঞ্জনা” in Bengali. One might think that “নীলাঞ্জনা” is not a perfect translation for “The Bluest Eye” as the word “নীলাঞ্জনা” seems to be someone's name. However, it can also mean a girl possessing blue eyes. Also, in the original title the superlative form of the adjective has been used to emphasize the importance of the colour, “blue.” In this regard, I had several options to choose from. Such as, “নীল চোখ,” “নীল আঁখি,” “নীল নীল নয়না,” “নীল ভরা নয়না,” “গাঢ় নীল আঁখি,” etc. ; but no name seemed to be as poetic as “নীলাঞ্জনা”. Moreover, the Bengali title, “নীলাঞ্জনা” has been selected for the translated text since this name conveys the centre theme of a young girl crawling for blue eyes. Last but not the least, this translated title, “নীলাঞ্জনা” tells us that the tale is about a young girl. It tells the story how she tried to be “নীলাঞ্জনা” , why she did so and what was the after-effect for her crawling for being “নীলাঞ্জনা” .

In translating a text that deals with the pain and devastation felt by an eleven-year-old Black American girl Pecola Breedlove received from the American society due to her desire for having “the bluest eye” and confirms the stereotypical concept of white beauty, the translation tries to uphold the spirit of the text at the semantic level. This translation follows Nida’s model of translation process (Bassnett, 2002):



In this sense, the original text was thoroughly studied and analyzed and restructured at the linguistic level. For example, the novel begins with a popular children primer, which is supposed to be light in tone and in simple diction to make it acceptable for a child. Therefore, to translate this part of the text it was necessary to understand the genre, maintain its simplicity and make it look like a children primer. In the beginning of *The Bluest Eye*, there is a child primer- “Here is the house. It is green and white. It has a red door. It is very pretty. Here is... .. (Morrison, 1970)” that is simple in structure, light in mood, and repetitive in word construction and quite rhythmic as far as the sound is concerned. Again, in the next paragraph the same words have been used without punctuation mark and in the third one the same extract has been represented without space in between words; thus the author has used the same extract in three different ways. Consequently, translation shifts have been deliberately used in this work according to the demands of the TL text that is to say a departure from the formal correspondence in the

process of going from the SL to the TL (Catford in Hatim and Munday, 2004). For example, the last two lines in the prologue- “There is really nothing more to say- except why. But since why is difficult to handle, one must take refuge in how (Morrison, 1970)” has been translated as follows- “কেন এমন হল? এ প্রশ্ন জিজ্ঞেস করাই দায়। তবে যেহেতু কেন-এর উত্তর খোঁজা কঠিন, আমাদের এটা নিয়ে ভাবা উচিত কীভাবে এমনটা হল” - here in this translation the extract begins with question, whereas in the original text, there is statement in the beginning; so here the shift has occurred through linguistic level.

To be truthful to the original text, this translation aimed to situate itself between formal and dynamic equivalence. For example, the prologue of *The Bluest Eye* in the ‘Autumn’ section has been translated dynamically due to the demand of the text, so that it would be able to retain spirit of the original text:

“Quiet as it’s kept, there were no marigolds in the fall of 1941. We thought, at the time, that it was because Pecola was having her father’s baby that the marigolds did not grow (Morrison, 1970).” - যদিও এটা নিয়ে কোন কথা বলাবলি হয়নি যে ১৯৪১-এর সেপ্টেম্বরে এখানে কোন ম্যারিগোল্ড ফোটেনি। ভেবেছিলাম, পিকোলা ওর বাবার সন্তান গর্ভধারণের ফলেই সেবার কোন ম্যারিগোল্ড-এর দেখা মেলেনি।

In this translation, word-for-word translation is avoided to maintain the internal spirit of the original text and also to make the text more accessible to the readers.

Moreover, I did not change the names of the characters in my translation and I maintained the same names for all the characters in the original text to make my translated text closely related to the original text.

Jiří Levý's theory of translation has also been followed in this work. He considers translation "Decision Process" and a pragmatic work, involving maximum effect with minimum effort, something he labels as "MINIMAX STRATEGY" (Hatim and Munday, 2004). For example, many words can be found for a single word. Choosing the best option is important. Using the minimax strategy this will be done on the basis of genre, audience, grammatical and syntactical considerations (see Hatim and Munday, 2004). For example, in the first section of the novel Claudia says, "My sister comes in. Her eyes are full with sorrow (Morrison, 1970)." In Bengali, this can be expressed as-“আমার ছোটবোন আসল। ওর চোখদুটো না অ-নে-ক মায়ান্ভরা!” Here in these lines one could translate “full with sorrow” with phrases such as “দুঃখভরা,” “দুঃখভারাক্রান্ত,” “বেদনায় ভরা,” “বেদনারিক্ত,” etc for the phrase “full with sorrow.” However, the translated line, “ওর চোখদুটো না অ-নে-ক মায়ান্ভরা!” seems to have more rhythm as well as meaning, giving one maximum impact out of minimum effort.

In many cases I have used literal translation. This has been done through the following procedures of translation: (a) Borrowing or keeping the original word and using it directly in the translation; (b) Transposition or replacing one word class with another without altering the meaning of the text; (c) Modulation or retaining the literal change of a word in the linguistic level without changing the meaning of the text; (d) Equivalence or filling up the same situation using completely different stylistic and structural words in rendering two texts; (e) Adaptation or adapting a word from the SL text in the TL text that is unknown or untranslatable in the TL text (*ibid*). For example, in the translation of *The Bluest Eye*, one finds the line- “... .. the health and safe delivery

of Pecola's baby we could think of nothing... ..(Morrison, 1970)." This has been translated in a way so that the word, "delivery" is borrowed and directly applied to the translation thus "... .. পিকোলার বাচ্চার স্বাস্থ্য ও নিরাপদ ডেলিভারি নিয়ে". While translating the line- "Her eyes are full with sorrow" it has been transported, mentioned above; in translating "Quiet as it's kept, there were no marigolds in the fall of 1941 (Morrison,1970), " the words have been modulated maintaining its equivalence with the context, but the words "marigolds" has been adapted here (since this flower is not known in our land).

Finally the translation of *The Bluest Eye* follows the concept of paraphrasing described by Dryden when he says that it is "translation with latitude, the Ciceronian 'sense-for-sense' view for translation" (Bassnett, 2002). Also, following some general rules suggested by Belloc in Bassnett (2002) this translation also tries to be a 'block-out work' that has been rendered idiom by idiom. The children primer in the beginning, of the novel for example, has been translated in a way of idiomatic translation:

"Here is the house. It is green and white. It has a red door. It is very pretty..."

That has been translated in this way:

"এই সেই বাসা। সবুজ ও সাদা। দরজাটা লাল। দেখ কী সুন্দর!"

नीलाङ्गना

এই সেই বাসা। সবুজ ও সাদা। এর লাল দরজাটা দেখতে কী সুন্দর! এখানে ডিক, জেন এবং ওদের মা-বাবা বাস করে। তারা কী সুখী! দেখ দেখ, জেন কে দেখ- ওর লাল জামাটা কী সুন্দর! ও খেলতে চায়। কে খেলবে জেনের সাথে? বিড়ালটাকে দেখ- শুধু মিউ মিউ করছে। এই, এদিকে আস, খেলা কর জেন-এর সাথে। কিন্তু বিড়ালছানাটা না খেলতেই চায় না। দেখ দেখ, মা কী মিষ্টি! মা, তুমি কী জেনের সাথে খেলবে? মা হাসে- হাসে আর হাসে। বাবাকে দেখ- বাবার অ-নে-ক শক্তি! বাবা, তুমি কী জেনের সাথে খেলবে? বাবা হাসে- হাসে আর হাসে। দেখ দেখ, কুকুরটা না ঘেউ ঘেউ করছে। এই, তুমি জেনের সাথে খেলবে? আরে আরে দেখ- কুকুরটা দৌড়ে পালাল। দেখ দেখ, এক বন্ধু এসেছে- ও জেনের সাথে খেলবে। ওরা না দারুন খেলা খেলবে। খেল, জেন, খেল।

এই সেই বাসা সবুজ ও সাদা এর লাল দরজাটা না দেখতে ভারী সুন্দর এখানে ডিক জেন এবং ওদের মা-বাবা বাস করে তারা কী সুখী দেখ দেখ জেন কে দেখ ওর লাল জামাটা কী সুন্দর ও খেলতে চায় কে খেলবে জেনের সাথে বিড়ালটাকে দেখ শুধু মিউ মিউ করছে এই এদিকে আস খেলা কর জেনের সাথে কিন্তু বিড়ালছানাটা না খেলতেই চায় না দেখ দেখ মা কী মিষ্টি মা তুমি কী জেনের সাথে খেলবে মা হাসে হাসে আর হাসে বাবাকে দেখ বাবার অ-নে-ক শক্তি বাবা তুমি কী জেনের সাথে খেলবে বাবা হাসে হাসে আর হাসে দেখ দেখ কুকুরটা না ঘেউ ঘেউ করছে এই তুমি জেনের সাথে খেলবে আরে আরে দেখ কুকুরটা দৌড়ে পালাল দেখ দেখ এক বন্ধু এসেছে ও জেনের সাথে খেলবে ওরা না একটা দারুন খেলা খেলবে খেল জেন খেল

এইসেইবাসাসবুজওসাদাএরলালদরজাটানা দেখতেভারীসুন্দরএখানেডিকজেনএবংওদেরমাবাবাবাসকরেতারা কীসুখীদেখদেখ জেনকেদেখওরলালজামাটাকীসুন্দরওখেলতেচায়কেখেলবেজেনেরসাথেবিড়ালটাকেদেখশুধুমিউমিউকরছেএইএদিকেআসখেলা করজেনএরসাথেকিন্তুবিড়ালছানাটানাখেলতেইচায়নাদেখদেখমাকীমিষ্টিমাতুমিকীজেনের সাথেখেলবেমাহাসেহাসেআরহাসেবাবাকেদেখবাবারঅ-নে-কশক্তিবাবাতুমিকীজেনের সাথেখেলবেবাবাহাসেহাসেআরহাসেদেখদেখকুকুরটানাঘেউঘেউকরছেএইতুমিজেনের সাথেখেলবেআরেআরেদেখকুকুরটাদৌড়েপালালদেখদেখএকবন্ধুএসেছেওজেনের সাথেখেলবেওরানাএকটাদারুনখেলাখেলবেখেলজেনখেল

হেমন্তকাল

হুশ্-শ্-শ্-শ্! কথাটা কেউ যেন না জানে- ১৯৪১-এর সেপ্টেম্বরে এখানে কোন ম্যারিগোল্ড ফোটেনি। সেই সময় ভেবেছিলাম, পিকোলা ওর বাবার সন্তান গর্ভে ধারণের ফলেই হয়তো এখানে কোন ম্যারিগোল্ড জন্মেনি। অতটা বিষন্ন না হয়ে বিষয়টা খুটিয়ে দেখলে হয়ত বুঝতাম- যে শুধু আমাদের বাগানেই না, সে বছর লরেন*-এর কোথাও কোন ম্যারিগোল্ডের সন্ধান মেলেনি। এমন কী লেকের সামনের বাগানেও না। তবে সেবার সবচেয়ে বেশি টেনশন করেছিলাম পিকোলার বাচ্চার স্বাস্থ্য আর ওর নিরাপদ ডেলিভারী নিয়ে। কিন্তু আফসোস- আমরা যদি বীজগুলো ভাল করে বুনে তাতে মন্ত্র পড়ে দিতাম, তাহলে হয়তো ফুল ফুটতো, সবকিছু ঠিক হয়ে যেত।

অনেক অনেক আগে আমি ও আমার বোন মিলে প্রতিজ্ঞা করেছিলাম যে আমাদের বাগানে কখনো বসন্তের ফুল ফুটবে না। সেবার বুঝেছি, আমাদের সমস্যাটা আসলে কোথায় ছিল- আমরা একে অন্যের সাথে দ্বন্দ্ব - প্রতিদ্বন্দ্ব যাই আর একের দোষ অন্যের ঘাঁড়ে চাপাই। বছরের পর বছর ভেবেছি দোষ আমার, আমার বোনের না। আমি বীজগুলো মাটির এত গভীরে পুতেছি যে সেগুলো থেকে আর কুঁড়ি বের হয়নি। আসলে আমরা আমাদের বীজগুলো নোংরা জমিতে বুনেছি ঠিক যেভাবে পিকোলার বাবা তার বীজ ভরেছিল তার নিজের নোংরা জমিতে। না চলির লালসা বা হতাশা ভাল কিছু দিতে পেরেছে, না পেরেছে আমাদের নিঃস্পাপ মন বা বিশ্বাস। এখন সব পরিস্কার- আমাদের আশা, ভালবাসা, ভয় কিংবা ক্ষোভ কোন কিছুই পিকোলা আর তার নির্মম পৃথিবীর কাছে কিছু না। আজ চলি ব্রিডলাভ* নেই, নেই তার নোংরামির ফসল। আমাদের বাগানের বীজগুলো কুকড়ে মরে গিয়েছিল; পিকোলার বাচ্চাটাও ...

কেন এমন হল? এ প্রশ্ন জিজ্ঞেস করাই দায়। তবে যেহেতু কেন-এর উত্তর খোঁজা কঠিন, আমাদের এটা নিয়ে ভাবা উচিত কীভাবে এমনটা হল-

* লরেন- যুক্তরাষ্ট্রের ওহিও প্রদেশের একটি শহর

সাদা পোশাকের সন্ধ্যাসীরা গ্রীক হোটেলে যায় লোভে পরে, আর মাতালেরা লাল লাল চোখে গান গায় হোটেলের লবিতে। আমার পাশের বাড়ির বন্ধু রোজমেরি ভ্যালানুসি যে বাড়িতে থাকে, তার নিচতলায় ওর বাবার ক্যাফে। ও ওর বাসার জানালায় বসে রুটি-মাখন খায়, আর জানালায় ঝুঁকে আমাদের ক্যাফেতে ঢুকতে নিষেধ করে। আমরা ওর হাতের লোভনীয় রুটি-মাখনের দিকে তাকিয়ে থাকি, আর সেই সাথে দেখতে থাকি বাবার ক্যাফেটা নিয়ে মেয়ের কী দাপট!

তবে একদিন ওকে পেছন থেকে মারব, ওকে কাঁদাব। যদি জানতে চায় কে মেরেছে কিংবা কে ওর প্যান্ট খুলে দিয়েছে উত্তর দিব না, তবে ও ভাল কিছুর লোভ দেখালে, জানিনা কতক্ষণ আমরা চুপ করে থাকব।

স্কুল সবে শুরু হল। ফ্রিদা ও আমি নতুন ব্রাউন স্কুলড্রেস পেয়েছি। যিক কয়েল কোম্পানীর নামা শুনলেই বড়রা কেমন যেন গম্ভীর হয়ে যায়। সন্ধ্যায় আমাদের আসতে হয় রেলরোডে, যেখান থেকে আমরা ছোট ছোট কয়লা বস্তায় ভরি, তারপর আমরা ষ্টিল মিলের কালো ধোয়া পার করে বাসায় আসি।

আমাদের বাসাটা পুরান, ঠান্ডা আর সবুজ রঙের। রাতে শুধু এক রুমে কেরোসিনের লাইট জ্বালান হয়। আর অন্যরুমগুলো তখন অন্ধকার, আর ইঁদুর বা তেলাপোকায় ভরা থাকে। বড়রা আমাদের সাথে বেশি কথা বলে না। শুধু দিক নির্দেশ করে। তবে বলার চেয়ে ওরা আদেশ দিতে বেশি পছন্দ করে। হাটার সময় পড়ে গেলে এরা এক নজর তাকায়। ব্যাথা পেলে জিজ্ঞেস করে পাগল হয়ে গেছি নাকি। ঠান্ডা লাগলে বিরক্ত হয়ে আমাদের দিকে তাকিয়ে মাথা নাড়ায়, জিজ্ঞেস করে আমরা তাদের থেকে কিছু চাই কিনা। আমাদের অসুস্থতা তাদের কাছে কালো ছাইয়ের মত তুচ্ছ যেটা আমাদের মনকে বিধিয়ে তুলে।

একবার কয়লা সংগ্রহ করার সময় কাঁশি দিয়েছিলাম জোরে। মা তখন চেটিয়ে উঠল। “হায় যিশু! বিছানায় যাও। কতবার বলছি মাথাটা কিছু একটা দিয়া ঢাক। গাধা! ফ্রিদা, যাও পুরান কাপড় নিয়া আস, আর জানালা ভালমত বন্ধ করিয়া আস”।

ফ্রিদা জানালা লাগিয়ে দিল। বাইরে ঠান্ডায় পুরো জমে গিয়েছিলাম, তাই বাড়ি ফিরে তাড়াতাড়ি কাপড় ছেড়ে বিছানায় গেলাম। স্বাভাবিক হতে অনেক সময় লাগল। এক ঘন্টা বাদে মা আসল। তার বড় আর খসখসে হাতে দিয়ে আমার বুকে ভিন্ন মালিশ করে দিল। আমি না অনেক ব্যাথা পাচ্ছিলাম! যখন ব্যাথায় চিৎকার করে উঠব, মা এক চামচ কাঁশির সিরাপ মুখের মধ্যে ঢুকায় দিল, আর বলল, গিলে ফেল, একটা গরম ফ্লানেলের কাপড় দিয়ে আমাকে মুড়ানো হল। তার ওপর দেয়া হল লেপ। আমি ঘামতে লাগলাম।

কিছুক্ষণ পর আমি বমি করে ফেললাম। মা বকে উঠল “তুমি কেন বিছানায় বমি করলা? এতটুকু বুদ্ধিজ্ঞান হইল না যে মাথাটা বিছানার বাইরে রাইখা বমি করি? তুমি কি মনে কর তোমার বমি পরিষ্কার করা ছাড়া আমার কোন কাজ নাই?”

মার কথার আওয়াজ পাচ্ছি। সে এখন আমার সাথে কথা বলছে না, সে তার রাগ ঝারছে বমির ওপর। কিন্তু একে ক্লডিয়া নাম ধরে ডাকছে, যেটা আসলে আমার নাম। সে এটাকে ভালমত ধুয়ে মেলে দিল। আমি আবার শুয়ে পড়লাম। জানালাতে যে পুরান ভারি কাপড় দেয়া ছিল, সেটা পড়ে গেল। ঠান্ডা কনকনে একটা বাতাস ঘরে আসছিল। আমি মা কে ডাকতে পারছিলাম না, আবার ঠান্ডাও সহ্য করতে পারছিলাম না। মার রাগ না আমাকে খুব কষ্ট দেয়। আমি জানতাম না যে মা আসলে আমার উপর নয় আমার অসুস্থতার উপর বিরক্ত। আমি কাঁদতে লাগলাম, আর চাপতে পারলাম না।

আমার ছোট বোন আসল। ওর চোখদুটো না অ-নে-ক মায়াজারা! ও আমাকে লক্ষ্য করে গেয়ে উঠল- “যখন গাঢ় বেগুনী আভা বাগানের গায়ে এসে পড়ল, কেউ একজন আমাকে স্মরণ করল”। আর আমিও হারিয়ে গেলাম চিন্তারাজ্যে-বাগান আর “কেউ একজন”।

কিন্তু আসলেই কী তাই? চোখ বুজলেই মনে পড়ে শরীর খারাপের যন্ত্রণা, মনে পড়ে কাঁশির সিরাপের স্বাদ, যেটার তীব্র গন্ধ যেন সারা ঘর ছেয়ে গেছে আর যেটার কড়া মিষ্টি স্বাদ এখনো আমার জীভে লেগে আছে। তবে হ্যাঁ, রাতে যখন আমার কাঁশি বেড়ে যায়, সেই কেউ একজন হেঁটে আমার কাছে আসে, তার হাত আমার লেপ ঠিক করে দেয়, আমার মাথার কাছে সে কিছু সময়ের জন্য বসে থাকে। তাই যখনই হেমন্তের কথা ভাবি, “সেই একজনের” কথাই মাথায় আসে, যে আমাকে কখনই মরতে দিবে না।

তখন হেমন্ত চলছিল, যখন মিঃ হেনরি, আমাদের লজিং গেষ্ট বাসায় এলেন, উনি চলে যাওয়ার পর মা ঠান্ডা ও শান্ত গলায় উনার আসার কারণ জানালেন।

“তোরা উনারে চিনস”, মা তার বান্ধবীদের বললেন, “হেনরি ওয়াশিংটন, উনি মিস ডেলা জোনের সাথে ১৩ নম্বর রাস্তায় থাকতেন। কিন্তু মহিলার আর পোষাইল না। তাই হেনরি থাকার জায়গা খুঁজতেছে।”

মার বান্ধবীরা কৌতুহল চাপিয়ে রাখলেন না। বরং আলাপ জমালেন এভাবেঃ “আরে আমি তো এই ভাইবা অবাক হইতেছি, ভদ্রলোক অতদিন ঐ মহিলার সাথে থাকলেন ক্যামনে? মহিলা তো বেশি সুবিধার না।”

“মহিলা এক বুইড়া নিগ্রোকে বিয়ে করছিল, সেইটাও বেশিদিন টিকে নাই”।

“আরে জানিস, ঐ নিগ্রো ডেলাকে ছাইড়া পেগির সাথে ভাগছে?”

লোকটাকে জিজ্ঞেস করা হইছিল কেন ও ডেলার মত ভাল ধার্মিক মহিলাকে ছাইড়া দিল। ডেলা ওর বাড়িঘর সুন্দর করে রাখতো। জানিস, নিগ্রোটা কী বলছিল? ওর ধর্মভীরুতাই ওকে ছাড়ার জন্যে যথেষ্ট। ডেলা নাকি ওর কাছে একটু বেশিই পবিত্র ছিল।”

“কুত্তা কোথাকার! কী নোংরা তাই না?”

“কী যে বলিস?”

“ঠিক বলছি। কিছু মানুষ আছে কুত্তা স্বভাবের”।

“তবে মহিলাদের দোষও কইলাম কমনা। মনে আছে হেরির কথা? ও কিন্তু ভাল ছিল না। আর তাদের জুলিয়া আন্টি এখনও ১৬ নম্বর রাস্তায় ঘুইরা বেরায় আর একা একা কথা বলে”।

“উনি এখনো ঐখানে আছে?”

“এলাকার মেয়র বলছে যেহেতু উনি কারো ক্ষতি করে না, তাই উনারা তারে সরাবে না”।

“কিন্তু ও আমার ক্ষতি করে। তোগো তো আর আমার মত সকাল সাড়ে পাঁচটায় ঘুম বাদ দিয়া ওর চেঁচামেচি শোনার জন্যে জাইগা থাকতে হয়না”।

‘হে প্রভু, দয়া কর’।

সবাই হাসে।

“তবে কারও লাইফ ডেলার মত না হোক এই আশাই করি। ছি ছি কী লজ্জা!”

“কিন্তু ডেলার কী হবে? ও কী কোন মানুষ পাবে না?”

“শুনাছি নর্থ ক্যারোলিনা* থেকে ডেলার এক বোন ওর কাছে থাকতে আসতেছে, ওর দেখাশোনা করতে। কিন্তু আমার যতদূর ধারণা ও বাড়ি ভোগ করতে আসতেছে”।

“কী যা তা ভাবতেছ?”

“তুমি বাজি লাগাতে পার। কারণ হেনরি ওয়াশিংটন বলছে, ঐ বোন গত ১৫ বছরে একদিনও ডেলার খোঁজ নেয়নি”।

“আমি ভাবি, হেনরি ওকে বিয়ে করলেই পারত”।

*নর্থ ক্যারোলিনা- যুক্তরাজ্যের একটি প্রদেশ

“ঐ বুড়িরে?”

“হেনরিও তো কচি খোকা না” ।

“কিন্তু সে বুড়াও না” ।

“তাইলে কী?”

“ও হইলো একটা হাদারাম ।”

“মোটোও না, মনের মত না হইলে কী বিয়ে করা যায়? তই করবি?”

“হুম্ না ।”

“ও বুদ্ধি রাইখা কাজ করে । এইটাই ঠিক ।”

“তা তই ওর কাছ থেকে কত রাখবি?”

“দুই সপ্তাহে- পাঁচ ডলার ।”

“তোর বড় উপকার হবে রে ।”

“সেটাই । ”

মহিলাদের আলাপে বিরাম দেখিনা । এক কথা থেকে আরেক কথা, আরেক কথা থেকে আবার আরেক । কথার মধ্যে আবার প্যাঁচও আছে ।

যেহেতু ফ্রিদা ও আমি নয় ও দশ বছরের, আমরা তাদের অনেক কথার মানে বুঝিনা । তবে আমরা তাদের অঙ্গভঙ্গি দেখি, আর তাদের অনুভূতি ও বুঝতে পারি ।

শনিবার রাতে হেনরি ওয়াশিংটন আমাদের বাসায় আসলেন । তার গা থেকে সুগন্ধ বের হচ্ছিল । লোকটা হাসে অনেক- একেবারে থান খোলা হাসি যাকে বলে । তবে আমাদেরকে তার সাথে পরিচয় করান হয়নি বরং ইশারায় দেখানো হয়েছে । তাকে আমাদের ঘরের টয়লেট, আলমারি ও অন্যান্য জিনিসের মত আমাদেরকেও দেখানো হয়েছে ।

আমরা তাকে আড়চোখে দেখছিলাম, ভেবেছিলাম লোকটা আমাদের সাথে কথা বলবেনা । কিন্তু আমাদের অবাক করে হেনরি আমাদের বললেন, “হ্যালো, তুমি নিশ্চয়ই গ্রেটা গার্বো*, আর তুমি জিনজার রজার্স* । ”

আমরা ভয়ে ভয়ে হাসলাম । বাবাও আমাদের অবাক করে হাসতে লাগল ।

এরপর হেনরি আমাদের পয়সা গায়েব করার যাদু দেখাল । আমরা খুব মজা পাচ্ছিলাম । বাবা-মাও আমাদের আনন্দ উপভোগ করছিলেন ।

আমরা হেনরিকে খুব পছন্দ করতাম । তাকে নিয়ে আমাদের মনে কোন তিক্ততা নেই ।

মেয়েটা আমাদের সাথে এক বিছানায় ঘুমাত । ফ্রিদা যেহেতু সাহসী ছিল, ও বিছানার বাইরের সাইডে শুতো, আর আমি শুতাম বিছানার কোনার দিকে । কারণ বাইরের দিকে শুলে আমার মনে হত কিছু একটা খাটের নিচ থেকে বের হয়ে আমার হাতে কামড় দিবে । তাই পিকোলাকে আমাদের মাঝে শুতে হত ।

* এরা দুজনেই ১৯৪০এর বিখ্যাত হলিউড নায়িকা

দুই দিন আগে মা একটা বামেলা আসার কথা বলছিল। পিকোলাকে মা বামেলা মনে করত। কারণ ওর থাকার জায়গা ছিলনা। ওর মা চলে গিয়েছিল, আর বাবা ওদের বাড়িঘর আগুনে পুড়িয়ে দিয়েছিল। তাই ও ছিল ঘরছাড়া। তবে আমরা পিকোলার সাথে সবসময় ভাল ব্যবহার করতাম, মারামারি করতামনা।

আমরা জানতাম, ঘরছাড়া হওয়ার ভয়াবহতা। জীবনটা অনেক বদলে যায়; সব সমস্যা যেন এক হয়ে যায়। সেই সময় যে ঘরছাড়া হতো, হোক না সে যত বড় অপরাধী, তার প্রতি সবার করুণা হত। ঘরের মালিক যদি কাউকে ঘরছাড়া করে, তাহলে এটাকে দুর্ভাগ্য বলা যায়, তবে যদি কেউ তার নিজের সন্তানকে ঘরছাড়া করে, সেটাকে বলতে হবে অপরাধ।

পিকোলার বাবার নাম ছিল চলি ব্রিডলাভ, সে ঘরবাড়ি পুড়িয়ে জেলে গিয়েছিল। আর ওর মা মিসেস ব্রিডলাভ অন্য এক পরিবারে কাজ করতে গিয়ে সেখানেই স্থায়ী হয়েছিলেন। তাই পিকোলা আমাদের সাথে থাকছিল। ওর ভাই, স্যামিকে অন্য আরেক পরিবারের সঙ্গে রাখা হয়েছিল।

পিকোলাকে এক ফর্সা মহিলা আমাদের বাসায় নিয়ে এসেছিল। পিকোলার সাথে কোন কিছু ছিলনা। ওর ব্যাগ বা জামা কাপড় কিছুই না। যখন ও আমাদের বাসায় আসে, প্রথম প্রথম আমরা আমাদের ঝগড়া বাদ দিয়ে আমাদের নতুন অতিথিকে লক্ষ্য করতাম, ওর সাথে মজা করতাম, চেষ্টা করতাম ও যেন নিজেকে বাইরের কেউ মনে না করে। যখন দেখলাম, ওর ভিতর কর্তৃত্বভাব নেই, তাকে পছন্দ করতে শুরু করলাম। ও যতদিন আমাদের সাথে ছিল, আমরা অনেক মজা করেছি। যখন আমি ওর জন্য সঙ সাজতাম ও হাসত, আমার বোন ওকে কোন খাবার জাতীয় কিছু উপহার দিলে ও সাদরে গ্রহণ করত।

“তুমি ক্র্যাকার্স নিবে?” ফ্রিদা পিকোলাকে জিজ্ঞেস করল।

“হ্যাঁ।”

ফ্রিদা পিকোলার জন্য বাটিতে ক্র্যাকার্স নিয়ে আসল আর শার্লি টেম্পল-এর* ছবিযুক্ত কাপে দুধ দিল। পিকোলা এক নজরে

শার্লি টেম্পলের সুন্দর মুখশ্রীর দিকে তাকিয়েছিল। এরপর শুরু হল পিকোলা আর ফ্রিদার শার্লি টেম্পলকে নিয়ে রসালাপ, যেটাতে আমি শরিক হতে পারলাম না। কারণ আমি শার্লিকে ঘৃণা করতাম। এ কারণে না যে শার্লি টেম্পল অনেক সুন্দরী ছিল, বরং এই কারণে যে সে আমার বন্ধু, আফেল, আমার বাবার সবার পছন্দ। আমি ফ্রিদা ও পিকোলাকে বললাম “আমি জেন উইদারস** কে পছন্দ করি”।

ওরা আমাকে এমনভাবে দেখল, যেন আমি কিছুই বুঝিনা। তারপর ওরা আবার বাকা চোখের শার্লিকে নিয়ে খোশালাপ জমাতে লাগল। আমার গাটা জ্বলে যাচ্ছিল। তবে এটা সত্যি যে আমি পৃথিবীর সব শার্লি টেম্পলদের ঘৃণা করি।

ক্রিসমাস এলে বড়রা বাচ্চা মেয়েদের নীল নীল চোখের সুন্দর সুন্দর বেবি ডল দেয়। আমি শুনেছি, তারা মনে করে এটাই নাকি বাচ্চা মেয়েরা পাওয়ার আশা করে। আমিও একটা পুতুল পেয়েছিলাম। কিন্তু আমি ওটা দিয়ে কী করতাম- ভাবতাম, আমি ওটার মা?

আমার ওই পুতুলের মা হওয়ার কোন শখ নাই। মা হলে বড় হয়ে হব ভবিষ্যতে। তাই একে নিয়ে মাতামাতি করা, এটার সাথে কথা বলা বা এটাকে নিয়ে ঘুমাতে যাওয়া ছাড়া আর কিছুই করার ছিলনা। কিন্তু আমি পুতুলের নীল স্বীর চোখ, প্যানকেকের মত সাদা মুখ বা কমলা চুল দেখতে পারিনা, কেমন যেন ভয় ভয় করে।

এমনকি ঘুমানোর সময় ওইসব পুতুলের আমি মনের অজান্তে মাথা মুড়ে দিতাম। আর জাগা অবস্থায় একবার এক সুন্দর পুতুলের ছোট ছোট আঙ্গুল ভেঙ্গে ফেলেছিলাম, কোকড়া হলুদ চুলগুলো টেনে টিলা করে দিয়েছিলাম, মাথা মুড়িয়ে ভেঙ্গে ওইটার নীল নীল চোখ দুইটা খুঁচিয়ে উঠায় দিয়েছিলাম। অনেক বকুনি শুনেছিলাম, কিন্তু আমি পুতুলটাকে ভালবাসতে পারিনি।

* শার্লি টেম্পল- ১৯৪০-এর সুন্দরী হলিউড নায়িকা

**জেন উইদারস্- ১৯৪০-এর বিখ্যাত শিশুতোষ চলচ্চিত্র তারকা

আচ্ছা কেউ যদি জানতে চাইত ক্লডিয়া, তুমি ক্রিসমাসে কী করতে পছন্দ করত? আমি বলতাম, আমি দাদীমার কিচেনে বসে কোলের উপর একগুচ্ছ লাইলাক ফুল নিয়ে দাদার ভায়োলিনের সুর উপভোগ করতাম। ফুলের স্বাণ নিতাম, আর গান শুনতাম। কিন্তু তার পরিবর্তে এখন আমাকে অপ্রীতিকর টিনপ্লেট আর কাপের গন্ধে থাকতে হচ্ছে যা আমাকে বিরক্ত করে।

যাই হোক আমি পুতুলটাকে নষ্ট করে ফেলেছিলাম। কিন্তু ওটা আমার আসল ভয় ছিল না। আমি আসলে ভয় পেতার সাদা চামড়ার মেয়েদের। আমি ওদের মত সাদা নই। কিন্তু তাদের চেহারার যাদু সবাইকে মুগ্ধ করতো- যেটা আমার ভাল লাগত না। আমি ঐ জাদু থেকে পালাতে চাইতাম। ওদের চেহারা দেখে মানুষের মুখ থেকে যে শব্দ বের হয়, তা কেন আমার জন্য বের হয় না? আমি কালো, সেই কারণে?

“গতকাল ঐ আইস-বক্সে আড়াই লিটারের বেশি দুধ ছিল। এখন নাই। একটা ফোটাও নাই। ঐ গ্রাম্যটা খাইব ভাল কথা, কিন্তু আড়াই লিটার দুধ! রান্ফস না কী?”

আমার মা পিকোলাকে উদ্দেশ্যে কথাগুলো বলছিল। আমি, পিকোলা ও ফ্রিদা নিচে মার কথাগুলো শুনতে পাচ্ছিলাম। আমরা জানতাম, বেচারি শার্লি টেম্পলকে এক নজরে দেখতে গিয়ে সব দুধ শেষ করে ফেলেছে। কিন্তু মা ভাবছিলেন আমরাও দুধ পছন্দ করিনা আর পিকোলা লোভে দুধ সাবাড় করেছে।

মা কখনো কারও নাম নিয়ে বকা দেয় না। সে সবসময় নামের পরিবর্তে গ্রাম্য কিছু মানুষ এ জাতীয় শব্দ ব্যবহার করে। কিন্তু আমরা লজ্জা পাচ্ছিলাম। আমাদের বান্ধবীকে নিয়ে এসব কথা আমাদের গায়ে লাগছিল।

আমরা বাড়ির সামনের বারান্দায় এসে বসলাম। যেখান থেকে মায়ের কথা অল্প শোনা যাবে। সেদিন ছিল শনিবার। আমার মা যখন গান গায়, বুঝতে হবে, তার মন ততটা খারাপ না। তবে আমার মায়ের গানের গলা অনেক মিষ্টি। আসলে দুঃখ দুর্দশা তাকে এমন রক্ষ করে তুলেছে। যাই হোক শনিবারে, তার গলা দিয়ে সুর না মনে হচ্ছে পাথর নিষ্ফিণ্ড হচ্ছে।

হঠাৎ ফ্রিদা বলে উঠল, “চল কিছু করা যাক।”

আমি বললাম, “কী করতে চাও?”

“জানিনা, ফ্রিদা গাছের আগায় তাকিয়ে দেখছিল, পিকোলা ওকে দেখছিল।”

“তুমি কি উপরে মিঃ হেনরির রুমে গিয়ে মেয়েলি ম্যাগাজিন পড়তে চাও?”

ফ্রিদা মুখ ভাঙ্গাল। ও ওসব বাজে বাজে ছবি দেখতে পছন্দ করে না। আমি বললাম, তাহলে বরং তার বাইবেল দেখতে পারি, যেটা মনে হয় সবার ভাল লাগবে।

ফ্রিদা উফ করে উঠল আর প্রস্তাব দিল এক আধাকানা মহিলাকে তার সেলাইয়ে সাহায্য করার, যাতে কিছু পয়সা তার কাছ থেকে কামানো যায়।

ফ্রিদা পিকোলাকে বলল, “তুমি কী করতে চাও?”

পিকোলা উত্তর দিল, “তোমরা যা চাও।”

মা একা একা কথা বলে যায়..... “বাইবেলে আছে, ক্ষুদার্তকে খাবার দাও। এইটা ঠিক কিন্তু আমি তো হাতি পালতেছি না। কারো বাঁচার জন্যে আড়াই লিটার দুধ লাগবে? এইটা কী ডেইরি ফার্ম?”

হঠাৎ পিকোলা উঠে দাঁড়াল। ওর চোখে ভয়, একটা চাপা গোঙ্গানির মত শব্দ বের হচ্ছে ওর মুখ থেকে।

ফ্রিদাও দাড়িয়ে গেল আর জিজ্ঞেস করতে লাগল কী হয়েছে। তখন আমরা খেয়াল করলাম পিকোলা কোন দিকে তাকিয়ে আছে। পিকোলার পা বেয়ে রক্ত গড়িয়ে পড়ছে। আমি বলে উঠলাম এই তুমি কি আঘাত পেয়েছ? দেখ তোমার জামা রক্তে ভরা।

পিকোলার ভয় আরো বেড়ে গেল।

ফ্রিদা বলে উঠল, “আমি জানি এটা কী?”

পিকোলা জিজ্ঞেস করল, “কী?”

“মিনিষ্ট্রেশন।”

“সেইটা কী?”

“তুমি জান না?”

“আমি কী মরে যাব? পিকোলা জিজ্ঞেস করল।”

“না না। মরবা না। এটার মানে হল তুমি এখন বাচা নিতে পারবা।”

“কী?”

“তুমি কী করে জানলা? আমি ফ্রিদাকে অবাক হয়ে জিজ্ঞেস করলাম।”

“মাইল্ডারড বলেছে। মা ও।”

“আমার বিশ্বাস হয় না।”

“দরকার ও নাই, গরু কোথাকার। পিকোলা, তুমি এইখানে বস।” ফ্রিদার দাদাগিরি শুরু হয়ে গেছে। ও আমাকে বলল, “যাও, পানি নিয়ে আস।”

“পানি?”

“হ্যাঁ, গাধা, পানি। আর আস্তে বল, মা শুনবে।”

যাই হোক আমরা পিকোলাকে সাহায্য করার জন্য বাইরে গেলাম পিকোলাকে নিয়ে। আমরা আমাদের বাসার বাইরে এক কোনে যেয়ে পিকোলার যেখানে রক্ত আছে, তাতে পানি ঢালছিলাম। ফ্রিদাও কাছে ছিল। হঠাৎ দেখতে পেলাম, রোজমেরি আমাদের লক্ষ্য করছে। তিনি চিৎকার করে মাকে ডাক দিল।

“মিসেস ম্যাকটিয়ার। মিসেস ম্যাকটিয়ার। দেখে যান ক্লাডিয়া ও ফ্রিদা কী নোংরামিটাই না করতেছে।”

মা জানালা খুলে আমাদের দিকে তাকালো।

“এই দেখেন মিসেস ম্যাকটিয়ার, ওরা কী নোংরা খেলা খেলতেছে, আর আমি দেখছি দেখে ক্লাডিয়া আমাকে মারল।”

মা জানালা লাগায় দিল। তারপর পেছনের দরজা দিয়ে বেরিয়ে আমাদের বকতে আরম্ভ করল।

“তোরা কী করতেছিলি? বল, কী নোংরামি করতেছিলি? আমি আসলেই বাজে মেয়ে জন্ম দিছি। আগে জানলে জবাই করে ফেলাইতাম।”

আমরা তো ভয়ে অস্থির! আমরা অনেক বললাম যে আমরা কিছু করিনি,রোজমেরি মিথ্যা বলতেছে, কিন্তু কাজ হল না। মা আমাদের সাথে পিকোলাকেও ধমক দিতে গিয়ে যখন দেখল ওর পা দিয়ে রক্ত গড়িয়ে পড়ছে, তখন সে জানতে চাইল কী হয়েছে। ফ্রিদার কাছ থেকে সব শুনে মা নিজের ভুল বুঝতে পেরে বলল “ঠিক আছে, ঠিক আছে। আমি জানতাম না।”

পিকোলা কাঁদছিল, মা ওকে টয়লেটে নিয়ে গেল।

মা যখন বাইরে এল, আমি জিজ্ঞেস করলাম, “এখন রোজমেরীকে এক চোট দেখে নিব?”

মা বলল, “না ঐসব বাদ দাও। ওরে ওর মত থাকতে দাও।”

রাতে আমরা তিনজন শুয়েছিলাম। অনেকক্ষণ পর পিকোলা বলল, “আসলেই কী আমি এখন বাবু নিতে পারব?”

ফ্রিদা ঘুমের ঘোরে উত্তর দিল, “অবশ্যই।”

“কিন্তু, কী ভাবে?”

“ও পিকোলা, তার জন্য একটা ছেলেকে তো তোমাকে ভালবাসতে হবে।”

“ও আচ্ছা।”

সবাই অনেকক্ষণ ধরে চুপ ছিলাম। পিকোলা আর আমি এটা নিয়ে ভাবতে লাগলাম। কে হবে সেই ছেলে, যে আমাকে ভালবাসবে? তবে একটা কথা ঠিক, যে কারণে মেয়েরা দুঃখী হয় তা হল- ছেলেরা বাচ্চা তৈরী করা ছাড়া আর কিছুই করতে পারেনা।

হঠাৎ পিকোলা জিজ্ঞেস করে উঠল, “তুমি কী ভাবে একটা ছেলেকে পারবে তোমাকে ভালবাসাতে?” ফ্রিদা ঘুমিয়েছিল, আর আমি এই প্রশ্নের উত্তর জানতাম না।

এইসেইবাসাসবুজওসাদাএরলালদরজাটানা দেখতেভারীসুন্দরসুন্দরসুন্দর

পিকোলার বাসা ওহিও-এর লরেইনে দক্ষিণ পূর্ব দিকে ৩৫নং রাস্তার একটা পরিত্যক্ত ষ্টোরের পেছন দিকে ছিল। সামনে ভাড়া নেওয়া সম্ভব ছিল না কারণ পিকোলারা গরীব ছিল। ষ্টোরের পিছনের দিকটা বড় হওয়াতে হার্ডবোর্ডের পার্টিশন দিয়ে দুই রুম করা হয়েছিল। একটাকে বানানো হল লিভিং রুম আর অন্যটা বেডরুম। লিভিং রুমে দুটো সোফা, একটা পিয়ানো এবং একটা ছোট আর্টিফিশিয়াল ক্রিসমাস গাছ ছিল- যেটা মনে হয় দুবছরেও পরিষ্কার করা হয়নি। বেডরুমে তিনটা বেড ছিল। ভাঙ্গা লোহার খাটটায় শুত পিকোলোর ভাই স্যামি। ওর বয়স ছিল ১৪ বছর। অন্য সিঙ্গেল খাটে শুত ১০ বছরের পিকোলা। আর ডাবল বেডে শুত পিকোলার বাবা- চলি ব্রিডলাভ ও মা মিসেস ব্রিডলাভ। বেডরুমের ঠিক মাঝখানে কয়লা দিয়ে বানান একটা ষ্টোভ ছিল ঘর গরম করার জন্য। আর চেয়ার, ছোট এক টেবিল, ট্রাংক ও ওয়ার্ড্রব ছিল রুমের দেয়াল ঘেষে। রুমে গোছলখানা ছিলনা। তরে একটা টয়লেট ছিল, যেটা সহজে চোখে পড়ার মত ছিল না।

ঘরের লিভিংরুমের ফার্নিচারগুলো পুরান ছিল। এগুলো ঘরে আনা হয়েছিল ঠিকই কিন্তু কেউ হয়তো সোফায় কখনো বসেনি বা কেউ পিয়ানো বাজিয়ে কোন গান গায়নি বা ক্রিসমাস গাছগুলোতে কোন বল ঝুলান হয়েছে তার খোঁজ করেনি। তবে এখন এসব স্মৃতি। এখন পিকোলার বাসায় একটা জিনিসই বর্তমান, আর তা হলে সেই কয়লার ষ্টোভ, যেটার অগ্নিশিখা বদলে দিল এক পরিবারের জীবন নক্ষত্র।

এখানেডিকজেনএবংওদেরমাবাবাসকরেতারাকীসুখীদেখ

পিকোলারা গরীব ছিল, কালো ছিল এবং বিশ্বাস করত তারা কুৎসিৎ, কারন কেউ কখনো তাদের বুঝানোর চেষ্টা করেনি যে তারা কুৎসিৎ না। তাদের কোঁকড়া চুল, কালো মুখ, মোটা ঞ্র, ডোতা নাক, ঠোঁট আর লম্বাটে মুখ দেখলে তুমি অবাক হতে এই ভেবে যে তারা দেখতে কতটাই না খারাপ! তুমি ঐ চেহারার কোন উৎস খুঁজে পাবে না। আর ওরাও যেন এটা ধরেই নিয়েছে যে ওদের চেহারা ভাল না। তাই তাদের তথাকথিত প্রভুগণ যখন তাদেরকে কুৎসিৎ বলে অপমান করে ওরা কোন প্রশ্ন করা ছাড়াই এটা মেনে নেয় আর উত্তরে বলে আপনি ঠিক। আসলে এটা ওদের বিশ্বাস যে ওরা দেখতে ভাল না, আর তাই হাতাশায় ভুগে।

পিকোলার পরিবারে শান্তি ছিল না। পিকোলার বাবা মার মধ্যে সারাক্ষণ ঝগড়া গেলে থাকত। পিকোলার মা নিজেকে একজন খাঁটি খ্রিষ্টান মহিলা মনে করত। সে মনে করত, চলি ব্রিডলাভের সাথে বিয়ে হওয়ার পর তার কপাল পুড়েছে। এদিকে চলি মিসেস ব্রিডলাভের দিকে ফিরেও তাকাত না। মিসেস ব্রিডলাভের প্রতি ভালবাসাতো নাই-ই পারলে তিনি এর থেকে দূরে থাকতে পারলে বেঁচে যেতেন। তাই সে মদের বোতলে ডুবে থাকত তবু মিসেস ব্রিডলাভের সঙ্গ চাইত না। যাই হোক রাতদিন সবসময় তারা একে অন্যের সাথে ঝগড়া করত। একে অন্যকে ধরে মারত, কামড়াকামড়ি করত, গালিগালাজ দিত। তাদের মারামারি পশুদেরও হার মানাত- রাতে স্যামি বা পিকোলা কেউ ঘুমাতে পারত না, এদের ঝগড়া বিবাদের কারণে। স্যামি তো উঠে মাঝেমাঝে বাবা-মার মারামারি দেখে ঝগড়ায় সামিল হয়ে যেত। আর ছোট্ট পিকোলা ভয়ে কাথার নিচে গুটিসুটি মেরে গুয়ে প্রার্থনা করত যেন সে এই দোষখ থেকে অদৃশ্য হয়ে যায়।

পিকোলার জীবনে অবহেলার কমতি ছিলনা। ওর বাবা-মা ওর দিকে তেমন কর্ণপাত করত না। ওর ভাইও ওকে কোথাও নিত না। এমন কী স্কুলে ওর কোন বন্ধু ছিল না। ওর স্কুলটিচার ফর্সা চেহারার সুন্দর ম্যারি অ্যাপোলনারির দিকে যেভাবে তাকাতে, ওর দিকে তেমন দৃষ্টি দিতেন না। কোন মেয়ে যদি কোন ছেলেকে লজ্জা দিতে যেত সে ঐ ছেলেকে বলত “ববি পিকোলাকে ভালবাসে, ববি পিকোলাকে ভালবাসে”। পিকোলা তাই ঘরের বাইরে স্কুলে যাওয়া ছাড়া অন্য কোথাও বের হত না। সারাক্ষণ আয়নার সামনে দাড়িয়ে পিকোলা নিজের কাল চেহারার দিকে তাকিয়ে থাকত, আর ভাবতে থাকতো, কেন সে এত কালো? কেন সে এত কুৎসিৎ? পারিপার্শ্বিকতার স্বীকার পিকোলা তাই ভাবতে শুরু করল, যদি ওর চোখদুটো নীল হত আমেরিকান সুন্দরীদের মত, ওকেও ভাল লাগত। লাইফটা বদলে যেত। ওর আশেপাশের সব কিছু ঠিক হয়ে যেত। যদি ও সুন্দরী হত ওর বাবা-মাও অন্যরকম হত। হয়তো তারা তখন ওকে দেখে বলত “কেন পিকোলার নিষ্পাপ সুন্দর চোখদুটোর দিকে তাকাচ্ছ না? আমাদের এই নীলাঞ্জনার সামনে কোন খারাপ কাজ করা উচিত না”।

প্রতিরূতে পিকোলা প্রার্থনা করে ঘুমাত- ওর চোখ দুটো যেন সুন্দর হয়ে যায়। ও যেন পায় সুন্দর দুটো নীলচোখ। ও যেন হয়ে যায় নীলাঞ্জনা।

যাই হোক অলৌকিক ক্ষমতা ছাড়া নীলাঞ্জনা হওয়া পিকোলার জন্য সম্ভব নয়। আর ও জানেও না ও সুন্দর কি না। ও শুধু ততটুকু জানে, যতটুকু ওর আশেপাশের মানুষ ওকে জানায়।

পিকোলা গার্ডেন এভেনিউ এর একটা ছোট মুদি দোকানের পাশ দিয়ে হাঁটছিল। দোকানের একজনকে দেখল তার ডেস্কে ঘাসফুল দেখে বিরক্ত হতে। সে মনে মনে ভাবল, কেন মানুষ ঘাসফুল পছন্দ করে না। এগুলো কী আগাছা? ওর তো ঘাসফুল বেশ লাগে। তারপর আবার ভাবতে থাকে কেউ ঘাসফুল ভালবাসেনা, কারণ এই ঘাসফুলগুলো সংখ্যায় অনেক, শক্তিশালী আর অনেক দ্রুত ছড়ায়।

পিকোলা হাঁটতে হাঁটতে ষ্টোরের দরজা দিয়ে ভেতরে ঢুকে কাউন্টারের সামনে রাখা ক্যাডিগুলোর দিকে তাকিয়ে থাকে। ম্যারি জেন্স* এর ছবিযুক্ত ক্যাডি। এক টাকায় তিনটা। বাইরে টক-মিষ্টি পিনাট বাদামের স্বাদ আর ভেতরে ক্যারামেল। পিকোলার পেট খাওয়ার জন্য চোঁ চোঁ করতে লাগল।

পিকোলা তার জুতার ভেতর থেকে তিন টাকা বের করল। মিঃ ইউকবস্কি কাউন্টারে হেলান দিয়ে বসা ছিল। তিনি পিকোলার দিকে তাকালেন, তার চোখজোড়া নীল ও সুন্দর। কিন্তু তিনি পিকোলার দিকে ভালভাবে তাকাতে অস্বস্তি বোধ করছিলেন। তিনি এদিক ওদিক তাকাচ্ছিলেন।

* ১৯৪০-এর সুন্দরী হলিউড নায়িকা

“কি হইছে?”

পিকোলা তার দিকে তাকাল এবং চারপাশে দেখল। ওর খুব একা একা লাগছিল। ও জানে না কীভাবে সে ঐ লোকটার দৃষ্টি স্থির করবে। ও জানে লোকটা অনেক বড় আর ও ছোট। তবে পিকোলার জন্য এটা নতুন কিছু ছিলনা। ও বড় বড় ছেলেমানুষের চোখে কৌতুহল, বিরক্তি এমনকি রাগও দেখেছে। সে এই ধরনের লুকানো দৃষ্টি সব ফর্সা মানুষদের চোখে দেখেছে এবং সেটা ওর জন্য, ওর গায়ের রং কালো হওয়ার জন্য।

পিকোলা ম্যারি জেন্সের ক্যান্ডিগুলো হাত ইশারায় দেখায়।

“কী? এইটা না এইটা?” তার কণ্ঠে অস্থিরতা পরিষ্কার। পিকোলা মাথা নাড়িয়ে আবার ম্যারি জেন্সের দিকে আঙ্গুল দিয়ে ইশারা করল।

এবার ভদ্রলোক চোটে গিয়ে বললেন, “উহু কথা বলতে জানস্না?”

এরপর ম্যারি জেন্সের উপর হাত রাখল।

পিকোলা মাথা নাড়িয়ে হ্যাঁ বলল।

“ভাল। এতক্ষণ বলস নাই ক্যানন? কয়টা দিব?”

পিকোলা ওর হাতের মুষ্টি খুলে তিন টাকা দিল।

ভদ্রলোক এমনভাবে টাকাটা নিলেন যাতে পিকোলার হাতের সাথে তার হাতের স্পর্শ না লাগে।

পিকোলার খুব লজ্জা লাগছিল।

ঘাসফুল। সবাই ওদের ঘাসফুলের মত আগাছা মনে করে। কেউ তাদের দিকে ফিরে তাকায় না। ভালবাসাতো দুরের কথা। পিকোলার খুব আত্মসম্মানে লাগে। যাই হোক তিন টাকার বিনিময়ে পিকোলা ৯টা সুন্দর সুন্দর ক্যান্ডি পেল। ম্যারি জেন্স যার নামে ক্যান্ডিগুলোর নামকরণ হয়েছে।

পিকোলার বাসার সামনের এপার্টমেন্টে তিন বেশ্যা নারী বাস করত। চায়না, পোল্যান্ড ও মিস ম্যারি। পিকোলা তাদের খুব পছন্দ করত, তাদের বাসায় যেত, তাদের দেখলে দৌড়ে তাদের কাছে চলে যেত। তারাও পিকোলাকে পছন্দ করত, ঘৃণা করত না।

অক্টোবরের এক সকালে পিকোলা তাদের এপার্টমেন্টে গেল। পোল্যান্ড তখন মিষ্টি সুরে গান গাইছিল। ওকে দেখেই ম্যারি ওকে বলে, “হ্যালো ডাম্পলিং*, তুমি মোজা পর নাই?” ম্যারি খেতে খুব ভালবাসে, তাই কাউকে আদর করে কিছু বলার সময় খাবারের নামই সে সবার আগে ব্যবহার করে।

পিকোলা এক এক করে প্রত্যেককে হ্যালো বলল।

“কী হইল শুনতে পাও না? তোমার মোজা কই? গলির কুত্তারা একমাত্র খালি পায়ে ঘুরে।”

“আমি খুঁজে পাই নাই,” পিকোলা বলল।

“খুঁজে পাও নাই মানে? তোমার বাসার কেউ মোজা ভালবাসে না?”

*গোলাকৃতি পিঠাবিশেষ

চায়না ম্যারির কথা শুনে চাপা হাসি দিল কারণ, ম্যারি কোন জিনিস খুঁজে না পেলে এধরনের কথা বলে। যেমন সে যখন ব্রেসিয়ার খুঁজে না পায়, তখন বলে এ বাসায় কেউ কি আছে, যে ব্রেসিয়ার ভালবাসে?”

পোল্যান্ড ও চায়না সন্ধ্যার জন্য তৈরী হচ্ছিল। পোল্যান্ড কাপড় আয়রন করছিল আর সব সময়ের মত গান গাইছিল। চায়না রান্নাঘরে সবুজ চেয়ারে বসে সব সময়ের মত চুলের ভিতর আঙ্গুল দিয়ে পেঁচাচ্ছে। ম্যারি তৈরী হচ্ছিল না।

এরা খুব ভাল, বন্ধুভাবাপন্ন। তবে কথা বলতে অনেক সময় নেয়। পিকোলা ম্যারির সাথেই আগে কথা বলে। কারন একবার কথা শুরু হলে তাকে থামানো কঠিন।

পিকোলা ম্যারিকে জিজ্ঞেস করে, “তুমি এত বয়ফ্রেন্ড পেলে কীভাবে?”

“বয়ফ্রেন্ড? বয়ফ্রেন্ড? মানে বাচ্চা ছেলে? আমি উনিশ থেকে সাতাশ বছরের কোন ছেলে পাই নাই”।

কীভাবে মিস্ ম্যারি?” পোল্যান্ড খোঁচাল।

“কীভাবে মানে? কীভাবে উনিশ থেকে সাতাশ বছরের কোন ছেলে পাই নাই? কারণ সাতাশের উপরে কেউ বয় থাকে না। বাচ্চাগুলো বুড়া হতে শুরু করে”।

“তার মানে তোমার বয়স বাড়েছে,” চায়না বলে উঠল।

“বয়স বাড়ে নাই, মেদ বাড়েছে আর কী।”

“একই জিনিস।”

“তুমি কী মনে কর, চিকনা বলে ছেলেরা তোমাকে ছোট মনে করে?”

“আর তোমার অবস্থা কী? মনে তো হয় ঢিলা জামা।”

“আর তোমার ছোট ছোট পাগুলো তো আমার মতই বুড়া।”

“আমার পা নিয়ে মাথা ঘামিও না। ছেলেরা কাজের সময় ঐগুলোই প্রথমে সাইড করে।”

তিন জন হেসে উঠে।

পিকোলা আবার জিজ্ঞেস করে উঠে “আমি কারো এত বয়ফ্রেন্ড থাকতে দেখি নাই। মিস ম্যারি সবাই কীভাবে তোমাকে ভালবাসে?”

ম্যারি বিয়ারের বোতল খুলতে খুলতে বলে সে অনেক ধনী আর সুন্দরী। ছেলেরা এগুলো দেখেই তার কাছে আসে। তার সাথে চায়না ও পোল্যান্ডও তাদের ছেলেষটিত ব্যাপারগুলো সামনে রেখে হাসতে থাকে।

একসময় মানুষ তাদের অবহেলা করত। এখন ওরা পুরুষজাতকে ঘৃণা করে। তারা পুরুষদের ভোগ বিলাসের কাজে লাগান ছাড়া ওদের ভিতর আর কিছু দেখেনা। তাদের কাছে সব পুরুষ দুর্বল। কালো, ফর্সা, পুর্তোরিকান, মেক্সিকান, ইহুদী, পোল্‌স সব। সবাই তাদের প্রতি আকৃষ্ট হয়ে কাছে আসে। এদের চোখে মেয়েদের প্রতি শ্রদ্ধাবোধতো নাই-ই বরং ভোগবাসনা থাকে মাত্র।

পোল্যান্ড আবার গান গেয়ে উঠে-
“আমি শ্রদ্ধ শ্যামল এক ছেলেকে জানি
আমি শ্রদ্ধ শ্যামল এক ছেলেকে জানি
যার পা মাটিতে পড়লে ধুলো আনন্দে আটখানি
তার চলা যেন ময়ূরের মত
তার চাহনী উত্তপ্ত
তার হাসিখানা মনকাড়া যা হয়না সমাপ্ত
আমি শ্রদ্ধ শ্যামল এক ছেলেকে জানি । ”

ম্যারি বাদাম খাচ্ছিল । পিকোলা আবার ওদের দিকে তাকিয়ে জানতে চাইল এগুলো সত্যি কিনা । ম্যারি মিষ্টি হাসি দিল ।

শীতকাল

আমার বাবার চেহারা পড়ে ফেলা যায়। শীতকালে তার চোখগুলো স্থির হয়ে থাকে। তার কোঁচকানো শ্রুজোড়া যেন হয়ে যায় পত্রহীন গাছ। তার চামড়া হয়ে যায় মলিন, হলুদ আর চোয়াল হয়ে যায় যেন অমসূন, খসখসে। কপালটা হয়ে যায় ঠান্ডা, স্থির। তিনি কাজ করেন সকাল-সন্ধ্যা। আর আমাদের পাহাড়া দেন এভাবে যেন আমাদের ঠান্ডা না ধরে। তিনি আমাদের সাথে কয়লা নিয়ে আলোচনা করেন। কীভাবে দরজা লাগাতে বা খুলতে হয় কিংবা কিভাবে আগুন দীর্ঘক্ষণ ধরাতে হয় তা শেখান। বসন্ত না আসা পর্যন্ত তিনি তার দাড়ি কামাবেন না। আমরাও সবসময় বসন্ত আগমনের অপেক্ষায় থাকি কারণ তখন বাগান করা যায়।

এমন এক পচা সময়ে মরিন পিল নামে এক মেয়ে আমাদের স্কুলে ভর্তি হল। ফর্সা ও বাদামী রঙ্গের চুলের এই মেয়েটি অনেক ধনী। অন্তত আমাদের চেয়ে শতগুন বড়লোক ছিল সে। মে মাসের শেষে সে স্কুলে ভর্তি হয়।

মরিন তার সৌন্দর্যে স্কুলটাকে পুরো বিমোহিত করে তুলেছিল। টিচাররা ওর সাথে কথা বলতে পছন্দ করতেন। কালো ছেলেরা ওকে বিরক্ত করত না। ফর্সা ছেলেরা ওর গায়ে টিল ছুড়ত না। ফর্সা মেয়েরা ওকে অ্যাসাইনমেন্টের পার্টনার হিসেবে পেলে খুশি হত আর কালো মেয়েরা ওকে দেখলে দূরে সরে যেত। ফ্রিদা আর আমি এসব ব্যাপারে খুবই বিরক্ত ছিলাম। আমার খুব হিংসা হতে ওকে দেখলে। আমার লকারের পাশেই মরিনের লকার ছিল। আমি বা আমার বোন দুজনই মরিনের ফ্রেন্ড হতে চেতাম, কিন্তু আমি জানতাম সেটা খুবই বিপদজনক হবে, কারণ আমি ফর্সা কিছু পছন্দ করি না।

একদিন লকারের কাছে যখন ফ্রিদার জন্য অপেক্ষা করছি, মরিন আমার কাছে এল।

“হ্যালো।”

“হ্যালো।”

“বোনের জন্য অপেক্ষা করতেছ?”

“হু।”

“কোন দিক দিয়ে বাসায় যাও?”

“২১ নম্বর রাস্তা দিয়ে বড় রাস্তায়।”

“২২ নম্বর রাস্তা দিয়ে যাও না কেন?”

“কারণ আমি ২১ নম্বরে থাকি।”

“ও, আমার মনে হয় আমি ঐদিক দিয়েও যেতে পারব।”

“তোমার ইচ্ছা।”

ফ্রিদা চলে আসল। আমি ফ্রিদাকে বললাম “মরিন আমাদের সাথে কিছুদূর যাবে।”

ফ্রিদা ও আমি দুজন দুজনের দিকে চাইলাম।

আমরা তিনজন হাটছিলাম। হঠাৎ দেখি একদল ছেলে কাউকে ঘেরাও করে ধরেছে। আর সেই কেউ ছিল পিকোলা ব্রিডলাভ।

বে বয়, উডরো, কেইন, বাডি উইলসন, জুনি বাগ সবাই পিকোলাকে ঘিরে ছিল। ওরা ওকে বিরক্ত করছিল। যদিও তারা নিজেরাও কালো ছিল, কিন্তু স্বভাববশত তারা পিকোলাকে বিরক্ত করছিল এই বলে-

কালো পিকোলা, কালো পিকোলা
বাবা ঘুমায় হয়ে নাস্তা
লা লা লা
লা লা লা

তারা পিকোলাকে ঘিরে, বাজে কথা বলতেছিল আর নাচতেছিল। পিকোলা কাঁদছিল।

ফ্রিদা আগায় গেল। “ওকে ছেড়ে দাও, নইলে আমি সবাইকে বলে দিব তোমরা কী করতেছিল।”

উদ্ভো কিছু বললনা, কিন্তু বেবয় বলে উঠল, “এই মেয়ে আমরা কী তোমাকে কিছু বলতেছি?”

“চুপ কর মাথামোটা।”

“এই তুমি কাকে মাথামোটা বললা?”

“তোমাকে, মাথামোটা কোথাকার।”

ফ্রিদা পিকোলার হাত ধরে টেনে নিয়ে যাচ্ছিল।

বেবয় আমাকে বলল, “ঠোঁট লাগবে?”

ফ্রিদা প্রচণ্ড রেগে গেল। সে রাগে গজরাচ্ছে। আমি ফ্রিদাকে সামলাচ্ছি এই ফাঁকে মরিন পিকোলাকে নিয়ে গেল।

“আমি এদিক দিয়েই যাইতেছিলাম, আমি মরিন পিল, তোমার নাম?”

“পিকোলা”।

“পিকোলা। এইটা না “Imitation of life” এর মেয়েটার নাম ছিল?”

“আমি জানি না। সেইটা আবার কী?”

ছবির নাম। এখানে এক মুলাটো মেয়ে তার মাকে ঘৃণা করত, কারণ সে কালো ও কুৎসিৎ ছিল। অনেক দুঃখের ছবি। সবাই কাঁদে ছবি দেখার পর।

“ও,” পিকোলা দীর্ঘশ্বাস ছাড়ে।

“যাই হোক, ঐ মেয়ের নামও পিকোলা থাকে। ও খুব সুন্দরী ছিল। ছবিটি আমি আবার দেখব। আমার মা তো চারবার ছবিটা দেখছে”।

আমি ও ফ্রিদা ওদের পিছন পিছন আসতেছিলাম। আমাদের দুজনেরই মনে হল মরিন খারাপ না। মরিন তাদের সকলকে আইসক্রিম খাওয়াল, তবে কথা বলতে বলতে এক পর্যায়ে মরিন বোকা পিকোলাকে জিজ্ঞেস করে, “পিকোলা তুমি কী সত্যি কখনো কোন নাস্তা পুরুষ দেখ নাই?”

পিকোলা চোখ পিটাপট করতে করতে বলল, “না, কোথায় আবার আমি নাস্তা মানুষ দেখলাম?”

“জানি না, এই এমনি জিজ্ঞেস করলাম আর কী।”

“আমি তার দিকে তাকাই নাই। কে ঐসব নোংরামী দেখতে চায়? কারো বাবাই মেয়ের সামনে নাস্তা ঘুরতে পারে না। এমন কী অপরিষ্কার থাকলেও না।”

“আমি তো বাবার কথা বলি নাই। বলছি একটা নান্দা পুরুষ”।

“ও আচ্ছা”।

“তুমি বাবার কথা টানলা ক্যান? ” মরিন জানতে চাইল।

“এইটা তো তোমার দেখার বিষয় না- ও যাকে খুশি তাকে দেখুক। ”

“আমি তো তোমার সাথে কথা বলতেছি না”, মরিন বলল। “ ও ওর বাপকে ওপেন দেখল কী দেখলনা তাতে আমার কী? ও ওর বাপকে ঘন্টার পর ঘন্টা ওভাবে দেখতে পারে- কার কী আসে যায়?”

ফ্রিদা বলে উঠল, “অন্তত তোমার তো ভালই লাগতেছে এসব শুনতে। ”

“না, মোটেও না। ”

“হ্যাঁ, তাই। তুমি না একটা ছেলে পাগল মেয়ে। ”

“চুপ কর বলছি। ”

“পারলে চুপ করাও। ” ফ্রিদা কোমরে হাত রেখে বলতে থাকে-

“তুমি তোমার মার কাছে যেয়ে আদর নাও। মায়ের মেয়ে। ”

“আমার মা-কে নিয়ে কথা বলা বন্ধ কর, ” মরিন বলল।

“তাহলে তুমি আমার বাবাকে নিয়ে কথা বলা বন্ধ কর। ”

“কে তোমার বুড়া বাপকে নিয়ে কথা বলতেছে?”

“তুমি শুরু করছ। ”

“আমি তোমার সাথে না পিকোলার সাথে কথা বলতেছিলাম। ”

“হ্যাঁ, ও ওর বাবাকে বিনা কাপড়ে দেখেছে কি না? ”

“তাতে কী হয়েছে ও কী করল আর না?”

পিকোলা চিৎকার করে বলে উঠল, “আমি কোনদিন বাবাকে নান্দা দেখি নাই, কোনদিন না”।

“দেখছ দেখছ। বে বয় বলেছে, ” মরিন ফোঁড়ন কাটল।

“না আমি দেখি নাই। ”

পিকোলা অসহায় ভঙ্গিতে ওর মাথা চাপড়াল, ওর কান ঢাকল, ও আর শুনতে চাইছেন।

আমি মরিনকে বলে উঠলাম তুমি ওর বাপকে নিয়ে কথা বলা বন্ধ কর।

“আমি কেন ওর কালো বাপকে পরোয়া করব? ”

“কালো, কাকে বলছ তুমি? ”

“তোমাদের।”

“তুমি কি নিজেকে খুব সুন্দরী ভাব?” আমি মরিনের দিকে এগিয়ে গেলাম। আমার নোটবুক ওর দিকে ছুঁড়ে মারলাম।

মরিন অন্যদিকে সরে গিয়ে বলল “হ্যাঁ আমি সুন্দর, আর তোরা কালো। কালো আর কুৎসিৎ ভুত। আমি সুন্দর।”

মরিন দৌড়ে চলে গেল। আর আমরা পিকোলার কাছে গেলাম। ওর দুঃখ আমাকে মর্মান্বিত করল। আমার মনে হল ওকে বলি-ওর দুঃখ কষ্ট রাস্তায় ঝেড়ে ফেলতে। কিন্তু ও এগুলো চেপে রাখল যেটা শুধু চোখের পানি হয়ে চোখে জমতে লাগল।

ফ্রিদা তাড়াতাড়ি ওর ব্রাউন স্কুলকোর্ট পিকোলার কাছ থেকে নিল আর আমাকে টান মেরে বলল “চল তাড়াতাড়ি।”

আমরা যত তাড়াতাড়ি সম্ভব হাটছিলাম। আমাদের মনেব মধ্যে চলছিল মরিনের বলা শেষ শব্দগুলো। যদি সে সুন্দরী হয়, তাহলে বিশ্বাস করতে হবে যে আমরা তা না। এর রহস্য কী? আমাদের কী নাই? কেন সেটা এত দরকার? কিন্তু তাতে কী? আমরা এখনো নিজেদের ভালবাসি।

আমরা যখন দরজা খুলে বাসায় ঢুকলাম, তখন বাসা নীরব ছিল। সেদ্ধ শালগমের তীব্র স্রাণ আমাদের নাকে চলে আসল।

“মা”।

কোন শব্দ নেই। শুধু একটা পায়ের শব্দ পেলাম। মিঃ হেনরি গোসলের পোষাক পড়ে সিঁড়ি দিয়ে নীচে নেমে আসলেন।

“হ্যালো, হেঁটা গার্বো। হ্যালো, জিনজান রজার্স।”

আমরা মিঃ হেনরির দিকে তাকায় মুচকি হাসলাম।

“মা কোথায়?”

“তোমার নানীর বাসায়। তোমার মা তোমাদের শালগম কেটে রাখতে বলছেন আর তিনি আসার আগে তোমাদের ক্র্যাকার্স খেয়ে নিতে বলছেন। ওগুলো কিচেনে আছে।”

আমরা চুপচাপ কিচেন টেবিলে ক্র্যাকার্স ভেঙ্গে গুড়োগুড়ো করছিলাম। কিছুক্ষণের মধ্যে মিঃ হেনরি তার গোছলের পোশাকের নীচে ট্রাউজার পড়ে আসলেন।

“বল তোমরা আইসক্রিম পছন্দ করবে?”

“জি।”

“এখানে এই বক্সে কিছুটা আইসক্রিম আছে। তোমরা চাইলে ইসেলি* য়েয়ে নিজেরাই আইসক্রিম বেছে আনতে পার। কী বল সোনা মেয়েরা?”

আমরা তো আল্লাদে আটখানা হয়ে গেলাম তার কথা শুনে। “জী ধন্যবাদ, কিন্তু আপনি কী মা-কে একটু বলবেন যদি সে আমাদের সাথে আসত?”

“আবশ্যই, তবে মনে হয়না সে পারবে।”

যাই হোক, আমরা বাসার বাইরে বের হয়ে কর্ণারে যেতে না যেতে ফ্রিদা বলে উঠল “আমি ইয়েলি যাব না”।

* ইসেলি- আইসক্রিমের দোকান

“কী?”

“আমি আইসক্রিম না, পটেটো চিপস খাব।”

“ইসেলিতে তো পটেটো চিপস পাওয়া যায়।”

“জানি, কিন্তু অত দুরে ক্যান যাব? মিস বার্থার দোকানেও তো পটেটো চিপস পাওয়া যায়।”

“কিন্তু আমি আইসক্রিম চাই।”

“না, ক্লাডিয়া, তুমি চাওনা।”

“হ্যাঁ আমি চাই।”

“তাহলে তুমি ইসেলি যাও। আমি মিস বার্থার দোকানে যাচ্ছি। আমি অতদুর একা যেতে চাইনা।”

“তাহলে চল মিস বার্থার দোকানে যাই। ওখানকার ক্যান্ডি তো পছন্দ করবা তাই না?”

“কিন্তু সেটা প্রায় সবদিনই বাসি থাকে।”

“আজ শুক্রবার। তিনি শুক্রবারে ফ্রেশ জিনিস রাখেন।”

“আর ওখানে ঔ বুড়ো সোপহেড চার্চ ও তো থাকে।”

“তাতে কী? আমরা একসাথে যাচ্ছি। সে ওরকম কিছু করলে আমরা দৌড় দিব।”

“ঐ লোকটা ভয় দেয়।”

“আমি ইসেলি কল্লিতেই যাব না। ধর ওখানে মেরিডা পাই বুলানো আছে, তারপরও তুমি যাবে, ক্লাডিয়া।”

“ওহ ফ্রিদা, ঠিক আছে আমি ক্যান্ডি খাব।”

মিস বার্থার ছোট্ট দোকানে ক্যান্ডি, সিগারেট আর গুড়া তামাক ছিল। উনি কাউন্টারের পিছনের বসে বাইবেল পড়ছিলেন।

ফ্রিদা পটেটো চিপস্ আর আমরা তিনটা বড় বড় চকলেট বার, দশ টাকায় কিনলাম।

আমরা তাড়াতাড়ি বাড়ি ফেরছিলাম রোজমেরি বাসার পাশে দিয়ে। আমরা সবসময়ের মত এবারও ক্যান্ডি নাচ দিতে দিতে যাচ্ছিলাম, যাতে রোজমেরি আমাদের দেখে আর হিংসায় জ্বলে। আমরা সবসময় মিষ্টি জাতীয় কিছু খাওয়ার সময় জোড়ে জোড়ে গান গেয়ে, লাফিয়ে লাফিয়ে, ট্যাপ ড্যান্স করি আর খাই। হঠাৎ বাসার কোনের বোপবাড়ের ফাঁকে কারো কথা ও হাসির আওয়াজ পেলাম। আশা করছিলাম মা হবে। কিন্তু দেখতে পেলাম দুইজন মহিলাকে মিঃ হেনরির সাথে। দাদী-নানীরা যেমন নাতি পুতিদের আদর করে ঠিক তেমনি মিঃ হেনরি আর ঐ মহিলাদের অবস্থা ছিল। মিঃ হেনরি এক মহিলার আঙ্গুল চেটে দিচ্ছিলেন। আর একজন উনার কোর্টের বোতাম লাগায়ে দিচ্ছিল। আমরা ঐ মহিলাদের চিনতাম। একজন চাইনা আর অন্যজন ম্যাগিনট লাইন। আমরা ঘাড়টা যেন কেমন শরশর করে উঠল। এই মহিলাদের মা ও নানী ঘৃণা করেন। আর এদের নামে আমরা বাজে বাজে কথাও শুনেছি।

ওরা দুজনেই মিঃ হেনরির সঙ্গ উপভোগ করছিল। একপর্যায়ে ম্যাগিনট লাইন বলে উঠল “চাইনা, অনেক হয়েছে, আমরা সারাদিন এখানে পড়ে থাকতে পারি না। বাড়ির মানুষ তাড়াতাড়ি চলে আসবে।” এই বলে সে দরজার দিকে চলে আসল।

ফ্রিদা ও আমি লাফিয়ে তাড়াতাড়ি উঠানো গিয়ে একে অপরের দিকে তীক্ষ্ণ দৃষ্টি বিনিময় করলাম। যখন ঐ মহিলারা বেশ দুরে চলে গেছে, তখন আমরা বাসায় ঢুকলাম। মিঃ হেনরি তখন কিচেনে ফ্রেশ ড্রিংস এর বোতল খুলছেন।

“তোমরা চলে আসছ?”

“জী।”

“আইসক্রীম সব শেষ?”

তাকে অসহায় লাগছিল। আসলেই কী চায়নার সাথে এই হেনরিই ছিল? আমি বললাম, “আমরা ক্যান্ডি নিয়ে আসছি।”

“তাই, সোনা মেয়ে।”

সে বোতল খুলে ড্রিংক্স মুখে দিয়ে ঠোঁট নাড়লেন। উনার অঙ্গভঙ্গি আমার কাছে ভাল লাগলনা।

“মিঃ হেনরি, ঐ মহিলারা কারা?”

মিঃ হেনরি ফ্রিদার দিকে তাকিয়ে বললেন, “কী বললা?”

ফ্রিদা আবার জিজ্ঞেস করল, “ঐ মহিলা, যারা মাত্র বাসা থেকে বের হলেন, তারা কারা?”

“ও,” তিনি মিথ্যে হাসি দিয়ে বললেন, “ওরা আমার বাইবেল ক্লাস পার্টনার। আমরা একসাথে বাইবেল পড়ি। তাই আজ তারা আমার কাছে ঐ পড়ার কাজে আসছিল।”

“ও” ফ্রিদা বলে উঠল। আমি তার দিকে তাকিয়েছিলাম। কী সুন্দর মিথ্যা বলে গেল। তিনি সিঁড়ি বেয়ে উপরে ওঠার সময় আমাদের দিকে ফিরে তাকালেন আর বললেন, “ভাল হয় যদি তোমরা এই ব্যাপারটা তোমাদের মাকে না বল। তিনি খুব একটা বাইবেল পড়েন না, আর ঘরে আমার সাথে কেউ দেখা করতে আসুক এটা তিনি সহজ ভাবে নিবেন না।”

আমি বললাম, “না না আমরা বলব না।”

তিনি তাড়াতাড়ি সিঁড়ি বেয়ে উপরে উঠে গেলেন।

আমি ফ্রিদাকে জিজ্ঞেস করলাম “কী, মা-কে বলা উচিত?”

ফ্রিদা দীর্ঘশ্বাস নিল। ও তখনও ওর চকলেট বার খুলে নাই। হঠাৎ ও আমার দিকে ঘুরে বলল-

“না, আমার মনে হয় না। কোন খাবার প্লেট বাইরে নাই।”

“প্লেট এখানে কোথা থেকে আসল?”

“মানে ওরা কেউ এখানে খায়নি। তাই কোন প্লেট বাইরে নেই। মা-কে তাই বলার দরকার নেই। আর বললে, শুধু শুধু বকাবকি করবে। বরং আমরা শালগমগুলো কাটি। মা খুশি হবে।”

“আমি জানি।”

“চল এগুলো পুড়ায় ফেলি, তাহলে আর এসব খেতে হবে না।”

“খুব ভাল আইডিয়া,” আমি ভাবলাম।

“কী চাও? মায়ের খুশি না কী নো শালগম?”

“আমি জানিনা, তবে আমরা অল্প কিছু পোড়াতে পারি, যাতে মা-বাবা খেতে পারে, কিন্তু আমরা না।”

“আচছা ।”

“ফিদা ।”

“কী?”

“মা-কে বলে দিলে উডওয়ার্ড কী করবে?”

“বিছানা ভেজাবে । ”

“ছি, কী নোংরা । ”

আকাশ অন্ধকার হয়ে আসছে । আমি জানালা দিয়ে বাইরে তাকালাম । বাইরে তুষার পড়ছে । দেখতে দেখতে শালগম কাটা হয়ে গেল ।

বিড়ালটাকে দেখে শুধুমি উমিউকরছে এই এদিকে আস খেলাকর জেন এর সাথে কিস্তি বিড়াল ছানাটানা খেলতে ইচায়না

ওরা মেরিডিয়ান* থেকে মেরিটা*, মেরিটা থেকে নিউপোর্ট নিউস্*, সেখান থেকে এইকেন*, এইকেন থেকে অ্যালাবামার মোবাইল* থেকে এখানে এসেছে। এই জায়গাগুলোর নাম শুনলেই ভাল লাগে। যখন ওরা বলে মোবাইল, মনে হয়, আদুরে জায়গা। যখন বলে, “এইকেন,” চেখে ভাসে- যেন একটা সাদা প্রজাপতি পাখনা মেলে বেড়ার ফাঁক দিয়ে উড়ে গেল। আর যখন বলে “নাগাদশেস*”, তুমি বলবে “আমিও যাব”। তুমি জাননা কত সুন্দর এই শহরগুলো!

মেরিডিয়ান। নাম শুনলেই প্রশংসা না করে পারা যায় না। ওখানকার মেয়েরা শ্যামলা ও স্লিম। তাদের দেখলেই হলিহক ফুলের কথা মনে পড়ে। তাদের গড়ন হলিহক ফুলের মত লম্বা, প্রশস্ত ও একহারা। তাদের চোখ আকাশের মত। এরা ভীতু নয়। এরা চরম স্মার্ট এবং পা থেকে চেহারা অবধি দেখতে ভারী মিষ্টি। এরা ধূমপান বা মদ্যপান কোনটাই করেনা, কিন্তু এরা চরম যৌনাবেদনাময়ী।

শ্যামবর্ণা এই মেয়েরা সাধারণ স্কুল-কলেজে পড়ে আর বড় আর্থের সাথে ফর্সা লোকদের ঘর সামলানোর কাজ শিখে। অর্থাৎ এরা Home Economics নিয়ে পড়াশুনা করে কীভাবে রান্না করতে হয় বা কীভাবে বাচ্চা পড়াতে হয়, এগুলো একাত্তর সাথে শিখে। এরা গান শিখে যাতে তারা তাদের স্বামীর মনকে প্রসন্ন করতে পারে, এর চেয়েও বড় কথা এরা ধৈর্যশীল, নীতিবান এবং ভদ্রগোছের হয়ে থাকে।

এসব মেয়েরা ভালবাসা না সরাসরি বিয়েশাদী করে থাকে। আর এদের স্বামীরও ঘরে এমন স্ত্রী থাকলে ভরসা পায় সুন্দর করে রাখা বিছানার চাদরে আরাম করে ঘুমাতে। এসব স্বামীর ভাল করেই জানে, তাদের স্ত্রী তাদের কাজের পোষাক সোমবারে আইরন করে রাখবে, তারা জানে বিস্কিটের ডো দিয়ে স্ত্রী কী করবে আর তারা এটাও জানে যে তাদের স্ত্রী কোন কষ্ট ছাড়াই খুব সহজে বাচ্চা পালতে পারবে।

তবে যেটা তারা জানে না, সেটা হল- এসব সিধাসাধা শ্যামবর্ণা মেয়েরা তাদের ঘরের ব্যাপারে খুব সচেতন থাকে, ঘরকে তারা নিজেদের একক পৃথিবী মনে করে, প্রয়োজনে তারা এই ঘরের গার্ড হয়ে দাঁড়ায় যাতে ঘরের কিছু না হয়। এখানে এমনই একটা পরিবার থাকে যেখানে একটু উঁকি দিলেই দেখা যায় এই বাসার পুরুষ মানুষ পেছনের বারান্দায় সিগারেট টানে। বাচ্চারা এই বাসার উঠোনে তাদের খেলার বল ফেরত চাইতে আসেনা মহিলার ভয়ে। এমন কী এই বাসার মহিলা স্বামীর প্রতি খুব টান না থাকলেও স্বামীকে শারীরিকভাবে খুশি করতে সবসবময় প্রস্তুত থাকে। তবে করার চেয়েও ছাড়া পেলে স্বস্তি বেশি পায়। মহিলার একটা পোষা বিড়াল আছে, যার প্রতি তার টান সাংঘাতিক। যদিও মহিলার জুনিয়র নামে একটা ছেলে আছে, তবে এটা বিড়ালটাও জানে যে, সেই মহিলার সবচেয়ে প্রিয়।

মহিলার নাম জেরালডিন। তিনি Home Economics নিয়ে পড়াশুনা করেছেন। তাব স্বামীর নাম লুইস এবং স্বামীর সাথেই তিনি লরেইনের ওহিততে এসেছেন। সংসার পেতেছেন, শার্ট আইরন করেছেন, ঘর গুছিয়েছেন, বিড়ালের সাথে খেলেছেন আর লুইস জুনিয়রকে জন্ম দিয়েছেন।

জেরালডিন তার ছেলে জুনিয়রের সব চাহিদা পূরণ করতেন তবে ছেলের আরাম আয়েশ কিংবা ওর পরিতৃপ্তি কিসে সেটা তিনি কখনও দেখতেন না। তিনি কখনও জুনিয়রের সাথে খুব বেশি কথা বলতেন না বা তাকে আদর করে চুমুও দিতেন না, বরং তিনি ছেলের অন্য চাহিদাগুলোর দিকেই বেশি নজর দিতেন। তাই খুব বেশিদিন লাগেনি, তার ছেলে আবিষ্কার কর যে, তার মা-র কাছে কে বেশি প্রিয়- সে না কী ঐ বিড়াল। আর তাই যখনই জুনিয়র দেখত ওর মা কিছুক্ষণের জন্য বাইরে গেছেন, তখনই সে তার মা-র প্রতি সব রাগ বা ঘৃণা বিড়ালটার উপর দিয়ে মেটাত, বিড়ালটাকে কষ্ট দিয়ে ও মজা পেত।

*যুক্তরাষ্ট্রের শহর

জুনিয়র ওয়াশিংটন আরভিং স্কুলের খেলার মাঠের পাশের বাসাটায় থাকত। মাঠটাকে জুনিয়র নিজের মনে করত, স্কুলের অন্যান্য বাচ্চারাও ওর দেরিতে ঘুমুতে যাওয়া, লাঞ্ছন বাসায় যাওয়া আর স্কুল শেষে মাঠে তার আধিপত্য দেখে ভারী হিংসা করত। জুনিয়র তাই মাঠের খালি দোলনা, স্লাইড বা নাগরদোলা দেখতে পছন্দ করত না, ও চাইত বাচ্চারা যাতে বেশি সময় খেলার মাঠে থাকে। তবে শুধু ফর্সা বাচ্চা। ওর মা নিগ্রোদের সাথে ছেলের খেলা মোটেও পছন্দ করতেন না, ছোটবেলা থেকেই জুনিয়র তার মায়ের কাছ থেকে কালো ও ফর্সা মানুষের ভেদাভেদ বুঝতে শিখেছে যে নিগ্রোরা ফর্সাদের থেকে আলাদা। তারা ফর্সা, পরিষ্কার ও শান্ত, আর নিগ্রোরা কাল, অপরিচ্ছন্ন এবং উগ্র।

জুনিয়র কালো ছেলেদের সাথে খেলত, তবে ঐ ছেলেদের সাথে সে 'পাহাড়ের রাজা' খেলত আর নিজে রাজা হয়ে অন্যান্যদের ধাক্কা দিয়ে ধুলোর মধ্যে ফেলে দিত, তাদের নীচু দেখাতো আর, Fuck you, বলে গালাগালি দিত। এক সময় বেবয় ও পি.এল. ওর আদর্শ ছিল কিন্তু ধীরে ধীরে ও ওর মায়ের মত বিশ্বাস করতে লাগল যে বেবয় বা পি.এল. কেউই তার কাছে কিছু না। ও মেয়েদের বিরক্ত করে ভয় দিয়ে মজা পেত। নিজে দোষ করে মায়ের কাছে মিথ্যা বলত বেবয় এসব করেছে। ওর মা দুঃখ পেতেন আর বাবা বিরক্ত হয়ে পত্রিকায় মনযোগ দিতেন।

একদিন খেলার মাঠে জুনিয়র একটা কালো মেয়েকে হেঁটে যেতে দেখল। মেয়েটা মাথা নিচু করে হাঁটছিল। ও এর আগে মেয়েটাকে অনেক দিন দেখেছে একা দাঁড়িয়ে থাকতে, সবসময়ই একা। কেউ কখনো ওর সাথে খেলেনি। সম্ভবত এর কারণ মেয়েটা কুৎসিৎ, জুনিয়র ভাবল। এখন জুনিয়র মেয়েটাকে ডেকে বলে উঠল, "এই, তুমি আমার উঠোনে হেঁটে হেঁটে কী করছ?"

"আমার উঠোন দিয়ে কেউ হাঁটেনা যতক্ষণ না আমি বলি।"

"এটা তোমার উঠোন না, স্কুলের।"

"কিন্তু এখন আমি এর দায়িত্বে আছি।"

মেয়েটা আবার হাঁটা শুরু করল।

"এই দাঁড়াও", জুনিয়র দৌড়ে ওর কাছে এসে বলল, "তুমি চাইলে এখানে খেলতে পার। তোমার নাম কী?"

"পিকোলা, কিন্তু আমি খেলব না।"

"আচ্ছা ঠিক আছে।"

"আমি বাড়ি যাব।"

"আমি ওখানে থাকি, এখানে আস।"

"কী দেখাবে?"

"কিছু বেড়ালের বাচ্চা, আমাদের কিছু বেড়ালের বাচ্চা আছে। তুমি চাইলে দেখতে পার।"

"সত্যিকারের বেড়ালের বাচ্চা?"

"হ্যাঁ তাড়াতাড়ি আস।"

ও পিকোলার জামা ধরে হালকাভাবে টান দিল। ও ঘরে ঢুকে দরজা খোলা রাখে। পিকোলা বাসার সামনের বারান্দায় চলে এল। ও জুনিয়রকে অনুসরণ করতে ভয় পাচ্ছিল। বাসাটা অন্ধকার লাগছিল। জুনিয়র বলল, "বাসায় কেউ নেই। মা বাইরে আর বাবা কাজে গেছেন। তুমি কী বাচ্চাগুলো দেখবে না?"

জুনিয়র ঘরের লাইট জ্বালাল। পিকোলাও ঘরের ভিতর ঢুকল। ঘরে ঢুকেই পিকোলার মনে হল, এই বাসাটা কী সুন্দর! ডাইনিং রুমের টেবিলে লাল-গোল্ডেন রঙের বাইবেল ছিল। ঘরটা খুব সুন্দর করে সাজানো ছিল। পিকোলা দেখল দেয়ালে

যীশু খ্রিষ্টের রঙিন ছবি টানানো। পিকোলা আন্তে আন্তে সবকিছু দেখতে চেয়েছিল। কিন্তু জুনিয়র বলে উঠছিল, “তাড়াতাড়ি আস, তাড়াতাড়ি আস।” পিকোলা ঘরে রাখা অন্যান্য জিনিস দেখছিল। পিকোলার মন ভরে যাচ্ছিল, এমন সময় জুনিয়র পিকোলার মুখের উপর বড় একটা কালো বেড়াল ছুঁড়ে মারল আর বলে উঠল, “পিকোলা, এই হল তোমার বেড়ালের বাচ্চা।”

পিকোলা অবাক হয়ে ভয়ে ভয়ে নিঃশ্বাস ত্যাগ করতেছিল আর মুখে কোন কিছুই লোম অনুভব করল। বেড়াটাও নিজেকে বাঁচানোর জন্য পিকোলার মুখে ও বুকে আঁচড় দিল এবং নিচে নেমে আসল। এসব দেখে জুনিয়র মজা পাচ্ছিল এবং হাসতে হাসতে ওর যেন পেট খিল ধরে যাচ্ছিল। কিন্তু যখন সে দেখল পিকোলা কাঁদতে কাঁদতে দরজার দিকে এগুচ্ছে, জুনিয়র ওর সামনে গিয়ে ঝুঁকে বলল, “তুমি যেতে পার না, তুমি এখন আমার কয়েদি।” জুনিয়রের প্রনোচ্ছল চোখ দুটো ছিল কঠিন।

“আমাকে যেতে দাও বলছি।”

“না।” জুনিয়র পিকোলাকে ধাক্কা দিয়ে সরায় দিল এবং দরজা দিয়ে বেরিয়ে নিজের হাতে দরজা লাগাল। পিকোলা তখন মুখে হাত চেপে কাঁদছিল। যখন ও পায়ের ওপর দিয়ে নরম ও লোমশ কিছু চলে যাচ্ছিল, ও দেখল এটা ছিল সেই বেড়ালটা, ও সাথে সাথে বেড়ালের উপর বাপায় পড়ল এবং হাটু দিয়ে বেড়ালের পিঠে চাপ দিল। পিকোলা তখনও কাঁদছিল। বেড়ালটা ভীষন কালো ছিল আর ওর চোখদুটো ছিল নীলাভ সুবজ। বেড়ালটার মাথা ধরে পিকোলা মেঝেতে চেপে ধরল।

এদিকে জুনিয়র প্রবল আত্মহে দরজা খুলে ভেতরে এসে দেখে পিকোলার চাপে বেড়ালটার মাথা বের হয়ে এসেছে আর চোখদুটো বড় বড় করে ফেলছে।

“ও জিমি” বলে বেড়ালটাকে টেনে নিজের কাছে আনল। পিকোলা চিৎকার করছিল আর বেড়ালটা ছাড়া পেয়ে শ্বাস নিতে গিয়ে হা করে বড় বড় চোখে তাকিয়ে রইল। পিকোলা চিৎকার করতে করতে জুনিয়রের হাতের কাছে এসে বেড়ালটাকে নিতে চেষ্টা করল। এক পর্যায়ে দুজনই পড়ে গেল আর জিমি মানে ঐ বেড়ালটা গিয়ে পড়ল সোফার পেছনে রেডিওটরের উপর। সেই সময় জেরালডিন দরজা খুলল। মৃদু আওয়াজে তিনি বললেন, “কী হচ্ছে এসব? এই মেয়েটি কে?”

জুনিয়র বলে উঠল, “ও আমাদের বেড়ালটা মেরে ফেলেছে। ঐ দেখ”। সে রেডিওটরের দিকে হাত ইশারায় দেখাল যেখানে বেড়ালটাকে বেহুশ হয়ে পড়েছিল।

জেরালডিন ভাল করে মেয়েটাকে দেখল। ওর পোষাক থেকে শুরু করে সব। এসব কালো মেয়েদের ও খুব চিনে। জেরালডিন ওর বেড়ালটার দিকে তাকাল। তারপর গর্জে বলল, “বের হয়ে যা। কালো নষ্টা মাগী, দূর হয়ে যা আমার বাসা থেকে”।

হঠাৎ বেড়ালটা উঠে বসে লেজ নাড়াতে লাগল।

পিকোলা বাসা থেকে বের হয়ে যাচ্ছিল। ও দেখল বাড়ির দেয়ালে ঝুলানো যীশু খ্রিষ্টের ছবির দিকে। পিকোলা ধূসর ফুলে ঘেরা যীশুর আবেগভরা চোখের দিকে তাকিয়েছিল।

বাইরে মার্চ মাসের ঠান্ডা বাতাস বইছিল। পিকোলা শীতের প্রকোপে মথা নুইয়ে ছিল। তবে তুষারপাত দেখতে তাকে মাথা উঠাতেই হলো।

বসন্তকাল

আগের ডালগুলো পাতলা, সবুজ ও নমনীয়। এগুলো একসাথে করলে ভাঙবেনা। এগুলোর আঘাত ফোরসিথিয়া বা লাইলাক ফুলের ছরির আঘাত থেকে ভিন্ন। বসন্তে এরা বিভিন্নভাবে আমাদের আঘাত করে। শীতের মলিন কষ্টের পরিবর্তন এসেছে। পরিবর্তে সবুজ কষ্ট এসেছে। এগুলো দেখলে চাবুকের ব্যাথা বা চিরুণীর শক্ত আঘাতের ভয় মনে পড়ে যা আমাদের উপর অনেকদিন ধরে চলেছে। তাই বসন্ত আমার কাছে ব্যাথার পরিবর্তন, ফোরসিথিয়া ফুল আমাকে আনন্দ দেয়না।

বসন্তের এক শানিবারে গাছের কচি ডাল ভাঙতে ভাঙতে আমার পিপড়া, পিচফলের আটি ও মৃত্যুর কথা চিন্তায় আসে। যখন আমি চোখ বুজব, কী হবে এই পৃথিবীর? যাই হোক যখন আমি বাসার ঢুকলাম, মাকে গুনগুন করে গান গাইতে শুনলাম। সে ঘরের সবকাজ ঠিকভাবেই করতেন, তবুও তার আচরণ আমার কাছে স্বাভাবিক মনে হলো না। তাছাড়া তাকে অন্যমনস্কও লাগতেন।

আমি ফ্রিদার কাছে গেলাম। দেখলাম ও বিছানায় শুয়ে অসহায়ভাবে কাঁদতেছে। আমি ওকে ভালভাবে দেখে ওকে জিজ্ঞেস করলাম, ওর কী হয়েছে। ও মাথা উচু করে বিছানায় পা ছড়ায় বসে। আমি আমার জামার উল্টোপাশ দিয়ে ওর নাক মুছে দেই। আমি যখন ওকে জিজ্ঞেস করলাম ও কোন মারটার খেল কী না, ও মাথা নেড়ে না জানাল।

“তাহলে তুমি কাঁদতেছ কেন?”

“কারণ?”

“কারণ কী?”

“মিঃ হেনরি।”

“সে কী করছে?”

“বাবা ওকে অনেক মারেছে।”

“কেন? ম্যাগিনট লাইনের কারণে?”

“না।”

“তাহলে? ওহ, ফ্রিদা না বললে কীভাবে জানব?”

“সে আমার গায়ে হাত দিছে”।

“গায়ে হাত? মানে সোপহেড চার্চ এর মত?”

“ওরকমই”।

“ও কী তোমাকে গোপনাঙ্গ দেখাইছে?”

“না সে আমাকে ধরছে”।

“কোথায়?”

“এখানে আর এখানে।” ও ওর ওক ফলের মত দুটো স্তনের দিকে দিক নির্দেশ করল।

“তাই? তোমার কেমন লাগছে?”

“ওহ ক্লাডিয়া, আমার কিছুই লাগে নাই।”

“কিন্তু ভালইতো লাগার কথা । তাহলে ও কী করল? শুধু ধরছে না কী চিমটিও দিছে?”

ও দীর্ঘশ্বাস ছেড়ে বলল, “প্রথমে ও আমাকে বলেছে আমি অনেক সুন্দর । তারপর আমার হাত ধরে আমাকে টাচ করছে । ”

“বাবা- মা কোথায়?”

“বাগানে । ”

“ও যখন এমনটা করল, তুমি কিছু বল নাই?”

“না, আমি দৌড়ে কিচেন থেকে বের হয়ে বাগানে চলে গেছি । ”

“মা বলছে, আমাদের কখনও সীমা অতিক্রম করা উচিত না” ।

“তুমি হলে কী করত? ওখানে বসে তাকে চিমটি কাটতে দিতা?”

আমি আমার বুকের দিকে তাকালাম । “আমার চিমটি কাটার মত কিছুই নেই আর কিছু হবেও না । ”

“ও ক্লাডিয়া, তোমার সবকিছুতেই হিংসেমী । তুমি কী তাকে চাও এমনটা করতে?”

“না, আমার সবকিছুতেই দেরী । ”

“কিন্তু হামজুরে তুমি আমার আগে কষ্ট পাইছ । ”

“যাই হোক বাগানে কী হয়েছে?”

“আমি বাবা-মাকে সব বলেছি । ও তখনও বাসায় আসে নাই । আমরা সবাই বাসায় চলে আসছিলাম । আমরা মিঃ হেনরির জন্য অপেক্ষা করছিলাম । তাকে দেখামাত্র বাবা তার পুরান ত্রিচক্রযান মিঃ হেনরির মাথা বরাবর মারে আর বারান্দায় মাথা ঠুকে দেয় । ”

“সে কী মরে গেছে?”

“আরে না, বরং মেঝে থেকে উঠে গান গাইতে থাকে । মা প্রভুর নাম নিয়ে ওকে ঝাটার বাড়ি দিতে থাকে । প্রত্যেকেই চিৎকার করছিল । ”

“ওহ আমি সব সময় এইসব মারামারি মিস করি । ”

“আর মিঃ বুফোর্ড তার বন্দুক নিয়ে ছুটে আসেন এবং মা তাকে এক জায়গায় বসতে বলে । তারপর বাবা বন্দুক চাইলে উনি বাবাকে বন্দুক দিয়ে দেয় । তখন মিঃ হেনরি দৌড়ানো শুরু করল । বাবা গুলি ছোড়েন আর সে লাফ দেয়, আর জুতা না পড়েই বাসা থেকে পালায় । তারপর রোজমেরি যখন বলতে আসল যে ওর বাবা পুলিশের ওখানে গেছে, তখন ওকে ধরে মাইর দেই । ”

“অনেক জোরে?”

“হ্যাঁ, অনেক জোরে । ”

“তাই মা বকা দিছে?”

“না, বলেছি তো সে বকা দেয় নাই । ”

“তাহলে কাঁদতেছ ক্যান?”

“যখন সবাই চিল্লানো বন্ধ করে, মিস্ ডানিয়ন এসে মা-কে বলল আমাকে না কী ডাক্তারের কাছে নেওয়া উচিত, কারণ আমি নষ্ট হয়ে যেতে পারি। মা আবার চিল্লানো শুরু করল।”

“তোমার উপর?”

“না, ঐ মহিলার উপর।”

“তো তুমি কাঁদতেছ কেন?”

“আমি নষ্ট হইতে চাই না।

“কীসের নষ্ট?”

“তুমি জান, ম্যাগিনট লাইন নষ্ট মহিলা, মা বলছে,” ওর চোখ দিয়ে পানি পড়তে থাকে।

“কিন্তু ফিফা, তুমি কম খেয়ে ব্যায়াম করতে পার”।

ও সামান্য মাথা নাড়ায়, বলে-

“চাইনা আর পোল্যান্ড ও তো নষ্ট মেয়ে মানুষ। তারা মোটা না”।

“কারা তারা হইস্কি পান করে। মা বলে, মদ তাদের শেষ করে ফেলছে। তুমি তাইলে হইস্কি খাও”।

“কই পাব এই হইস্কি?”

আমরা ভাবতে লাগলাম। কেউ আমাদের কাছে হইস্কি বেচবে না। আমরাও কখনও কোন বাসায় যাইনা। কে আমাদের হইস্কি দিবে?

আমি বললাম, “পিকোলা দিবে, ওর বাবা তো মাতাল।”

“তোমার তাই মনে হয়?”

“নিশ্চয়ই। চল ওকে দিতে বলি, ওকে কারণ বলা লাগবে না।

“এখনই?”

“অবশ্যই।”

“মা-কে কী বলব?”

“কিছু না। পেছন দিক দিয়ে বের হব। সে খেয়াল করবে না।”

“তাহলে তুমি আগে, ক্লাডিয়া।”

ব্রডওয়ের অপর সাইডে পিকোলারা থাকত। আমরা কখনও ওর বাসায় আগে যাইনি। কিন্তু আমরা জানি ওর বাসা কোথায়। একটা ধূসর দোতলা বাসা। নীচে স্টোর আর ওপরে একটা এপার্টমেন্ট।

সামনের দরজায় নক দেওয়ার পর যখন কেউ দরজা খুলল না, আমরা দরজা দিয়ে বাসার ভেতর ঢুকলাম। শুনতে পেলাম রেডিও মিউজিক আর খোঁজ কবতে থাকলাম শব্দটা আসছে কোথা থেকে। আমরা সামনে এগুতেই দেখলাম স্বয়ং ম্যাগিনট

লাইন চেয়ারে বসে ডার্ক ব্রাউন রুট বেয়ার পান করছে। আমরা ওর মোটা শরীরের দিকে তাকালাম। সে দেখতে সুন্দর কিন্তু মোটা। সে আমাদের দিকে তাকিয়ে হাসল।

“তোমরা কাউকে খুঁজতেছ?”

“পিকোলা, ও কী এখানে থাকে?”

“হ্যা, কিন্তু ও তো এখন ওর মা যেখানে কাজ করে সেখানে।”

“ও কখন ফিরবে?”

“সূর্যাস্তের আগে।”

“ঠিক আছে।”

“তোমরা ওর জন্য অপেক্ষা করতে পার। এখানে এসে অপেক্ষা করবে?”

আমরা একজন আরেকজনের দিকে তাকালাম। ফ্রিদা বলে উঠল “না।”

“তাহলে তোমরা ওর মা যেখানে কাজ করে সেখানে যেতে পার। ওটা লেকের পাড়ে।”

“লেকের পাড়ে কোথায়?”

“একটা বড় সাদা বাড়ী, ফুলের বাগান ও আছে।”

“এটা কী সেই বাড়ী যেখানে সব ঋতুর ফুল পাওয়া যায়?”

“কিন্তু এতদূর তোমরা হেঁটে যেতে পারবা? তোমরা এখানে কেন অপেক্ষা কর না? এখানে আস।”

“পপকর্ণ খাবা?”

আমি সিঁড়ির দিকে আগাছিলাম কিন্তু ফ্রিদা বলল-

“না, আমাদের নিষেধ করা হইছে।”

ম্যাগিনট লাইন বলল, “মানে?”

“নিষেধ।”

“কী নিষেধ?”

“আপনার বাসায় যাওয়া।”

“সত্যিই? কীভাবে?”

“মা বলছে, আপনি নষ্ট মেয়ে।”

কিছুক্ষণের জন্য ম্যাগিনট লাইন স্তব্ধ হয়ে বসেছিল। হঠাৎ হাসতে লাগল, যেটা ছিল ভয়ঙ্কর। সে এমনভাবে তাকাল যে আমরা দৌড় দিলাম। একটা গাছের নীচে বিশ্রাম নেয়ার পর আমি বললাম, “চল, বাসায় যাই।”

ফ্রিদা রেগে বলল, “না, আমাদের আগে ওটা নিতে হবে।”

“আমরা এতদূর লেকের ওখানে যাইতে পারি না।”

“হ্যাঁ আমরা পারি, উহ্ চলই না।”

“মা আমাদের ধরে দেবেন।”

“না সে কিছুই দিবে না। বকা ছাড়া যে কিছুই দেয় না।”

“এটা সত্যি, তারা কখনও তাদের মা-ক মারতে, খুন করতে বা কোন কিছু ছুঁতে দেখিনি।”

আমি ট্রি-লাইন স্ট্রিট দিয়ে ধূসর রঙের বাড়ির দিকে হাঁটছিলাম। বাসাবাড়িগুলোর অনেক পরিবর্তন হয়েছে। লেকের সামনের দিকের বাসা সবচেয়ে বেশি সুন্দর। স্ট্রিমিলের ধোঁয়া এখানে আসে না। তাই এখানকার আকাশ সবসময় নীল।

আমরা লেকের পাশে পৌছলাম। এইটা সিটি পার্ক যেখানে কালো মানুষের প্রবেশ নিষেধ। তাই এখানে এসে মনে হচ্ছে স্বপ্নপূরণ হয়েছে।

পার্কের সামনে বিশাল সাদা বাড়ি। যেখানে সেই বিশাল দেয়ালঘেরা ফুলের বাগান। সেখানে একটা ছোট্ট লোহার টুলে পিকোলা বসেছিল। ও হালকা লাল রঙের সোয়েটার আর নীল সুতির জামা পড়েছিল। ওদের দেখেই বলে উঠল “হাই”।

“তোমরা এখানে কী কর?” মেয়েটা হাসতেছিল যেটা খুব একটা চোখে পড়েনা। আমি খুব অবাক হলাম যে ওর এই হাসি আমাকে আনন্দ দিচ্ছে।

“আমরা তোমার কাছে আসছি।”

“কে বলছে যে আমি এখানে আছি?”

“ম্যাগিনেট লাইন।”

“সে আবার কে?”

“সেই বড় মোটা মহিলা। তোমাদের ওপরে থাকে।”

“ওহ্ তুমি মিস্ ম্যারির কথা বলতেছ? ওনার নাম মিস্ ম্যারি।”

“হতে পারে, তবে সবাই মিস্ ম্যাগিনেট লাইন বলে ডাকে। তুমি তাকে ভয় পাও না?”

“ভয়, কিসের ভয়?”

“ম্যাগিনেট লাইন।”

“কেন?” পিকোলা হাসল।

“তোমার মা তোমাকে ওর বাসায় যেতে দেয়? তার সাথে খেতে দেয়?”

“সে জানে না যে আমি ওখানে যাই। মিস্ ম্যারি খুব ভাল মানুষ। তারা সবাই ভাল।”

“তাই নাকি? ও তো আমাদের মেরেই ফেলছিল!”

“কে? মিস ম্যারি? সে কাউকে পাত্তা দেয় না” ।

“সে যদি ভালই হবে তাহলে কেন তোমার মা তোমাকে সেখানে যেতে নিষেধ করবেন?”

“আমি জানি না । মা বলে সে খারাপ, কিন্তু সে খারাপ না । তারা সবসময় আমাকে কিছু না কিছু দেয়” ।

“কী দেয়?”

“সুন্দর জামা, জুতা সহ অনেক কিছু- টাকা, গয়না বা চকলেট ইত্যাদি । আমরা সবখানে একসাথে যাই । ”

“তুমি মিথ্যা বলতেছ, তোমার ভাল কোন জামা নাই । ”

“না, আমার আছে । ”

“উহু, কী আবেল তাবোল বলতেছ?”

“এটা আবেল তাবোল না” । পিকোলা প্রতিবাদ করতে যাবে, এসময় দরজা খুলে সাদা পোশাকে পিকোলার মা মাথা বের করে বললেন, “কী হইছে বাইরে? পিকোলা, এরা কারা?”

“আমরা ফ্রিদা আর ক্লাডিয়া । ”

“কার বাচ্চা তোমরা?”

“মিস্ ম্যাকটিয়ার-এর । ”

“ও, হ্যাঁ, তোমরা ২৪ নং রাস্তায় থাক?”

“জ্বী । ”

“এইখানে কী করতেছ?”

“এই তো এমনি হাটতেছিলাম । আমরা পিকোলাকে দেখতে আসছি । ”

এখন তোমরা পিকোলার সাথে হাঁট । আমি গোছলে যাব । আমি না আসা পর্যন্ত এখানকার কিছু ধরবা না, কিছু নষ্ট করবানা” ।

আরেকটা দরজা খুলে ছোট্ট একটা মেয়ে বের হল । গোলাপি জামা পড়া এই মেয়েটা লোমশ একটা বেডরুম স্লিপার স্যাভেল পড়ে আছে । ওর চুলগুলো সোনালি, পাতলা ফিতা দিয়ে বাঁধা ।

ও রান্নাঘরের চারদিকে তাকিয়ে পলিকে খুঁজছে আর বলছে, “পলি কোথায়?” মিসেস ব্রিডলাভকে ও পলি ডাকে ।

আমি বললাম, “সে নীচে আছে । ”

“পলি,” ও ডাক দিল ।

ফ্রিদা ফিস্ ফিস্ করে বলে উঠল, “ঐ দেখ” ষ্টোভের চুলায় সিলভার প্যানে কালো জাম ছিল । বেগুনী জুস ফুটছিল । পিকোলা হাত দিয়ে দেখতে গেল ওটা গরম কিনা । কিন্তু দুর্ভাগ্যবশত, প্যানটা ওর হাতের উপর পড়ল আর বেশিরভাগ জুস পায়ে পড়ল । পোড়ার জ্বালা সাংঘাতিক, তাই পিকোলা কেঁদে ফেলল । মিসেস ব্রিডলাভ একটা শক্ত লব্ধি ব্যাগ নিয়ে বাড়ির ভেতর ঢুকল । পিকোলার এই অবস্থা দেখে পিকোলাকে ঐ অবস্থায় চটাচট থাপ্পর মারলেন, বকলেন । সাথে ফ্রিদা আর আমাকেও দুঃলেন ।

“পাগলি মেয়ে বোকা দ্যাখ্ কী করছিস্ বের হ চোখের সামনে থেইকা..... এখনই আমার মেঝে হায় আমার মেঝে । তার কথা গরম জামের চেয়েও গরম ও কড়া । আমরা ভয়ে ফিরে এলাম ।

ছোট্ট মেয়েটা কেঁদে উঠল । মিসেস ব্রিডলাভ তার দিকে তাকিয়ে বলল, “না না, এখানে আস, দেখি, জামাটার কী হইছে? আর কেঁদ না, পলি এটা বদলে দিবে” । সে মেঝে পরিষ্কার করার জন্য পরিষ্কার পানি আনল । পিকোলাকে ধমকের স্বরে বলল, “ধোয়া কাপড়গুলো নিয়ে এখনই এইখান থেইকা চলে যা, যাতে আমি এই জঞ্জাল ছাফ করতে পারি । ”

পিকোলা ভেজা কাপড়ের ভারী লব্ধিব্যাগ নিয়ে তাড়াতাড়ি দরজার বাইরে বের হল । ও লব্ধি ব্যাগ গাড়িতে রাখবে সে সময় শুনতে পেলাম মিসেস ব্রিডলাভের সাথে গোলাপি হলুদ মেয়েটার নমনীয় আলাপ-

“পলি, ওরা করা?”

“কেউ না, সোনা । ”

“তুমি আরেকটা পাই বানায় দিবে?”

“অবশ্যই ।”

“পলি, ওরা কারা?”

“কেউ না, ভয় পেয় না” সে ফিসফিসিয়ে বলে । মিসেস ব্রিডলাভের কথার মধু গলে যেন লেকের পানিতে পড়ছে ।

দেখদেখমাকীমিষ্টিমাতুমিকীজেনের সাথেখেলবেমাহাসেমাহাসেআরহাসে

পলিন উইলিয়ামস্ তার পা নিয়ে সবসময় খুব চিন্তা করত। সে এগার ভাইবোনদের মধ্যে নবম ছিল আর তারা রেড অ্যালাবামার কাছে- রাস্তা থেকে সাত মাইল দূরের এক অঞ্চলে থাকত। দুই বছর বয়সে পলিনের এক পায়ের পাতায় মরিচা পড়া পেরেক ঢুকে, যার জন্য পলিনের পা খোঁড়া হয়ে যায়। ও যখন হাঁটত, সে তার ভাঙ্গা পায়ের হাঁটার কোন শক্তি পেতনা। তাই খোঁড়া পা পলিনের জীবনে একটা খুঁত হয়ে রইল। তবে এই কষ্ট বলে বুঝান গেলেও পলিনের আরও একটা কষ্ট ছিল যেটা বলে বুঝাবার মত ছিল না- কেন এগার ভাইবোনদের মধ্যে শুধু ওর কোন ডাক নাম ছিল না? কেন ওর জীবনে কোন ঠাট্টা, মশকরা ছিল না? কেন কেউ ওর খাবারের ব্যাপারে কখনও উৎসাহী ছিল না? কেউ ওর খাওয়ার জন্য কেন কোন গলা বা পাখনা উঠায় রাখত না? ভাত পছন্দ করে না জেনেও কেন ওর জন্য মটরগুঁটি ও ভাত একসাথে রান্না করা হত? কেন বাড়ির কেউ তাকে জ্বালাতে আসত না বা কেন বাড়িতে থেকেও ওর নিজেকে বাড়ির কেউ মনে হত না? পলিনের এই একা দুর্দশাপূর্ণ জীবনের জন্য ওর পা কেই দায়ী করা হল। তবে পলিন ওর নিজের খুশি নিজেই বানিয়ে নিয়েছিল, ও সাজাতে পছন্দ করত। সে জিনিসপত্র সারিবদ্ধভাবে সাজাতে যেমন তাকের জায়গাগুলো, আঁটি, পাথর, লাঠি বা পাতা আর ওর পরিবারও ওকে বাঁধা দিত না। তাবে কেউ যদি ভুলবশত ঐ সারি নস্ট করে দিত, তখন ও রাগ করত না এই ভেবে যে ও আরেকবার এগুলো সাজাতে পারবে। যখন একের অধিক জিনিস পেত ওর আকার আকৃতি বা রং বিবেচনা করে তা সাজাতে লাগত। তাই স্কুলের চারটা বছর “সংখ্যা” পলিনকে আনন্দ দিত আর শব্দ দিত হতাশা।

প্রথম বিশ্বযুদ্ধের শুরুতে অ্যাডা ও ফ্লাওয়ার উইলিয়ামস তার পরিবার নিয়ে কেনটাকির* এক শহরে চলে যায়। সেখানে পাঁচকক্ষের এক বাসায় তারা থাকতে শুরু করে। বাসার উঠোনে পলিনের মা ফুলগাছ চাষ করত ও মুরগি পালত। পলিনের কয়েক ভাই সেনাবাহিনীতে যোগ দিল, এক বোন মারা গেল আর দুইজনের বিয়ে হয়ে গেল। পলিনেরও তাই স্কুল দেহিতে ছেড়েছিল। পলিনের মা রান্না ও পরিষ্কারের কাজ পেয়েছিলেন আর কিশোরী পলিন ঘরসামলানো কাজ পেল। ঘরের সবকাজ ও করত। ও এসব কাজে ভাল ছিল আর ও উপভোগও করত।

যখন যুদ্ধ শেষ হলো পলিনের দশ বছরের যমজ ভাইরা স্কুল ছেড়ে কাজে মনযোগী হল। পলিনের বয়স তখন পনের। তখনও ও ঘরের কাজ করে কিন্তু যেটা উৎসাহ নিয়ে না। বরং সে ভালবাসার মানুষকে নিয়ে ভাবতে বেশি পছন্দ করত। ও জানেনা কে সে কিন্তু তার কল্পনা ওর মনকে আন্দোলিত করে যে একদিন সে আসবে, পলিন তার বুক মাথা রাখবে আর সে পলিনকে নিয়ে অনেক দূরে চলে যাবে, অনেক দূরে। পলিন আইভি নামে এক মহিলার গান শুনতে পায় যা ছিল ওর হৃদয়ের কথা। সে গান গায় এক অচেনা পুরুষকে নিয়ে যে জানত

ও দয়াময়, আমার হাত ধর
আমাকে পথ দেখাও, আমাকে দাড়া করাও
আমি ক্লান্ত, পরিশ্রান্ত
ঝড় বা রাতের মধ্য দিয়ে
আমায় আলো দেখাও
আমার হাত ধর ও দয়াময়, আমাকে পথ দেখাও।

আমার পথ হবে দুর্গম
ও দয়াময়, যদি তুমি কাছে আসতে কর বিলম্ব
যখন আমার জীবন যায় যায়
আমার আকৃতি শুনো ও দয়াময়
আমার হাত ধর যাতে পড়ে না যাই
আমার হাত ধর ও দয়াময়, আমাকে পথ দেখাও।

এভাবেই বছরের এক গরম দিনে কেনটাকিতে স্বগৌরভে সে আসল। সে ছিল প্রকাশ, শক্তিশালী, আর তার হলুদ চোখে ছিল বিচক্ষণ, সে এসেছিল তার নিজের সংগীত নিয়ে।

*কেনটাকি- যুক্তরাষ্ট্রের একটি প্রদেশ

পলিন বেড়াতে হেলান দিয়ে বিশ্বাম নিচ্ছিল। ও মাত্র বিষ্টিটের ডোঙলো নীচে নামায় রেখেছে। ও পেছন থেকে কিছু দূরে বাঁশির আওয়াজ পেল। রাজপথের গান হচ্ছিল যেটা মানুষকে খুব আনন্দ দেয়। পলিন ভাল করে গানটা শুনল আর প্রাণ খুলে হাসল। বাঁশির আওয়াজ ধীরে ধীরে বাড়ছিল, কিন্তু পলিন পেছনে ঘুরছিলনা কারণ ও চাইছিল শব্দটা যেন শেষ না হয়। হাসতে হাসতে পলিন অনুভব করতে থাকল কে যেন ওর পায়ে শুরশুরি দিচ্ছে। ও জোরে হেসে উঠল এবং দেখার জন্য ঘুরে দাঁড়াল। বাঁশিবাদক নীচু হয়ে পলিনের ভাঙ্গা পায়ে সুরসুরি দিচ্ছিল আর পায়ে আদর করে দিচ্ছিল। পলিনও হাসি থামাতে পারল না যতক্ষণ না ও হলুদ ভাড়া চোখের চলি ব্রিডলাভকে দেখল।

পলিন ও চলি একে অপরকে ভালবাসত। চলি পলিনকে সঙ্গ দিত আর পলিন তা উপভোগ কত। হাঁটতে গিয়ে যখন পলিন ক্লান্ত হয়ে পড়ত, চলি তখন পা প্রসঙ্গে পলিনের সাথে আলাপ জমাত। পলিনের খুঁতকে চলি পাত্তা দিত না, বরং এগুলোকে সে বানিয়ে দিয়েছিল পলিনের কাছে বিশেষ কিছু। তাই প্রথমবারের মত পলিন অনুভব করল তার ভাঙ্গা পা তার কাছে সম্পদস্বরূপ।

চলির স্পর্শ, তার উদারতা বা প্রানবন্ততা সবকিছুই যেন পলিনের মনমত ছিল। চলি ওকে এতই হাসিয়েছে যেটা আগে কখনও ঘটেনি। তারা বিয়ে করল এবং উত্তরে লরেইন, ওহিওতে চলে আসল। চলি ষ্টিল মিলে কাজ নিল আর পলিন ঘরের কাজ সামাল দিত।

আর তখন পলিন তার সামনের দাঁত হারাল। একবার এক শিকড় চিবাতে গিয়ে পলিনের দাঁত নড়ে যায় এবং পরে বিভিন্নভাবে চাপ খেয়ে একদিন পলিনের দাঁতটা পড়ে যায়। চলিরও ব্যস্ততা বাড়তে থাকে আর পলিন হয়ে যায় একা।

পলিন একা হয়ে পড়ায়, তার স্বামীর কাছে সে বিনোদন খুঁজত। চলি তখনও উদার ছিল কিন্তু ও পলিনকে পুরোপুরি ওর উপর নির্ভরশীল হতে বাঁধা দিত। ওদের কথাবার্তার পরিমান দিনদিন কমতে লাগল। মানুষজন চলির খোঁজে আসলে চলি তাদের সময় দিত, পলিনকে একা রেখে। পলিন কিছু মহিলাদের আচরনে বিরক্ত হয়ে উঠছিল। কারণ ওরা পলিনের কথা শুনে মজা পেত। যেহেতু পলিনের সামনের দাঁত ভাঙ্গা, ওর উচ্চারণে সমস্যা ছিল যেমন বাচ্চারা শব্দের উচ্চারণ পলিন করত বাচ্চারা। তাছাড়া ওর জামা কাপড় বানানোর মন বাসনা জাগে। কিন্তু চলির কাছে টাকা চাইলেই ওর সাথে পলিনের ঝগড়া লাগত। চাকরি নেয়ার পরও পলিনের সাথে চলির ঝগড়া লাগত কারণ চলি পলিনের কেনাকাটায় খুশি হত না আর সেটা বলতেও শুরু করল। ধীরে ধীরে তাদের বিয়েটা ঝগড়ার কালো ছায়ায় ঢেকে গেল। পলিন তাই চলিকে টাকা দিত। নিজের টাকা রাখত জামা কাপড়ের জন্য আর চলিকে দিত ওর মদ কেনার জন্য। তবে কষ্টের বিষয় যে জামাকাপড়ের প্রতি কোনদিনই পলিন টান অনুভব করেনি। পলিন শুধু চাইত ওর দিকে যেন অন্যান্য মহিলারা সুন্দর দৃষ্টি দেয়।

কয়েক মাস পর পলিন এক পরিবারে কাজ নিল। ঐ পরিবারের মহিলা অল্প কিছুতেই কাঁদত। একবার ভাইয়ের পার্টিতে দাওয়াত না পেয়ে কাঁদতে কাঁদতে সে পলিনকে জিজ্ঞেস করল যে সে কী করত এমন অবস্থায়। কিন্তু পলিন উত্তরে বলেছিল যে সে কারো পরোয়া করে না। ভাই না চাইলেও সে চলে যেত। যাই হোক মহিলা পলিনের সাথে ভাল ছিল, সে পলিনকে অনেককিছু দিত, তাকে কাজেও সহায়তা করত। একদিন সেখানে কাজের সময় চলি পলিনের কাছে মদ খাওয়ার জন্য টাকা চায়। যখন ফর্সা মহিলা চলিকে দেখেন, সে দৌড়ে এসে ওকে পুলিশ ডাকার হুমকি দেয় আর চলে যাওয়ার হুকুম দেন, আর চলিও তাকে কড়া কথা শোনায় এবং পলিনকে নিয়ে যাওয়ার জন্য টানাটানি করে। পলিন পুলিশের ঝামেলা ভয় পেত, তাই সে চলির সাথে যাওয়ার জন্য প্রস্তুত হয়। ঐ মহিলাও পলিনকে শোনাল যে সে চলির সাথে থাকলে তাকে কাজেও রাখবে না আবার ওর এগার ডলারও ফেরত দিবে না। গ্যাসের লোক বাসার গ্যাসের লাইন কেটে দিয়েছিল বলে পলিন রান্না করতে পারছিল না। তাই টাকাটা ওর খুব দরকার ছিল। সে বিভিন্নভাবে টাকাটা ফেরত পাওয়ার জন্য মহিলাকে বোঝানোর চেষ্টা করে এমন কী মিথ্যা বলে যে ও চলিকে ছেড়ে দিবে, কিন্তু মহিলার এক কথা, চলিকে ছাড়তে হবে-

পলিন, তুমি তাকে ছেড়ে দিবা কী না? আমি বললাম “জী ম্যাডাম”। সে বলে উঠল “ঠিক আছে, তুমি ওকে ছাড় তারপর কাজে আস আর অতীত ভুলে যাও”। আমি বললাম “এখন কী আমি টাকাটা ফ্যারত পাব?” সে বলে উঠল, “না, শুধুমাত্র তখনই তুমি টাকা পাবে যখন তাকে ছাড়বে। আমি শুধু তুমি আর তোমার ভবিষ্যতের কথা ভাবছি। পলিন, ওর ভিতর ভাল কী আছে, আর ও কী তোমার সাথে ভাল?”

এই কথার উত্তর কী ভাবে বলবে, তা পলিনের জানা ছিল না বলল, “না, ম্যাডাম। সে আমার সাথে ভাল না”। যাই হোক, পলিন টাকাটা না পেয়ে ফেরত চলে আসে। সে ভাবে- ঐ মহিলা বিয়ে করেছে এক ফর্সা হাস্যোজ্জ্বল পুরুষকে তাই ও কোনদিনও পলিন কিংবা চলি- কাউকে বুঝবে না।

এক শীতে পলিন আবিষ্কার করল ও গর্ভবতী। যখন ও চলিকে এই ব্যাপার জানাল, পলিনকে অবাক করে সে খুশি হল, স্বেচ্ছায় মদ্যপান কমাল, তাদের সম্পর্ক আবার বিয়ের আগের দিনের মত হয়ে গেল। কিন্তু তারপরও পলিনের একাকীত্ব কাটছিল না। এর ভেতর আবার এক নতুন কালো ভাবনা তার ভেতর জেগে উঠল- শারীরিক সৌন্দর্য বর্ধন। সম্ভবত এটা মানুষের প্রধান ধ্বংসের কারণ। পলিন মুক্তি দেখত। একমাত্র মুক্তি দেখার সময় নাকী ও খুব খুশিতে থাকত।

ফিল্মে দ্যাখতাম ফর্সা পুরুষরা তাদের স্ত্রীর খেয়াল রাখে, আর তারা সবাই সুন্দর পোষাক পইড়ে থাকে, বড় ও পরিষ্কার বাড়িতে থাকে যেখানে বাথটাব টয়লেটের সাথেই থাকে। এইসব ফিল্ম আমাকে যেমন আনন্দ দিত তেমনি এসব দ্যাখার পর নিজের বাড়িতে ফিরতে বা চলিকে দ্যাখতে কষ্ট লাগত। মনে আছে, একবার আমি ক্লার্ক গ্যাবল* ও জিন হ্যালো* জুটিকে দ্যাখতে গেছিলাম। চুলটা ম্যাগাজিনে দ্যাখা জিন হ্যালোর মত করে বাঁধছিলাম। আমাকে এক সাইড দিয়ে দ্যাখতে প্রায় তার মতই লাগতেছিল। আমি একটা সীটে গিয়ে বসলাম এবং সময়টা ভালই কাটতেছিল। ছবির শেষ মুহুর্তে আমি ক্যান্ডি আনতে উঠলাম। সীটে বসে দিলাম ক্যান্ডিতে এক মস্ত বড় কামড়, আর আমার একটা ভাল দাঁত পড়ে গেল। আমি নিজের চোখে বিশ্বাস করতে পারতেছিলাম না। পাঁচ মাসের গর্ভকালীন সময়ে আমি যেখানে নিজেকে জিন হ্যালোর মত দেখতে চাইছিলাম, আর সেখানে আমার সামনের দাঁত চলে গেল। আমার সব শ্যাষ হয়ে গেল। এরপর থেকে আমি আর কোনকিছুর প্রতি খেয়াল করি নাই এবং কুৎসিৎ হয়ে থাকতেই মনস্থির করলাম। আমি ফিল্ম দ্যাখতে যাইতাম, যেটা আরও কষ্ট দিত। আমি আমার দাঁত ফ্যারত চাইতাম। চলি আমাকে নিয়ে মজা করত, আমরা আবার মারামারি শুরু করলাম। আমি তাকে খুন করার চেষ্টা করতাম। কিন্তু ও আমাকে আন্তে মারত সম্ভবত আমি গর্ভবতী ছিলাম বলে। ও আমাকে পাগল করে তুলছিল। যাই হোক, আমার ছেলে সন্তান হল। এরপর আমি আবার গর্ভধারণ করলাম। কিন্তু যেমন ভাবা যায় তেমনটা সবসময় ঘটে না। ওরা আমার ভিতরকার শিশুটাকে নিয়ে ভয় পাইত, হয়তো গর্ভবদশার জন্য অথবা হয়তো চলির জন্য। আমি তাদের ভালবাসতাম কিন্তু কখনো কখনো ওদের ধরে মারতাম, বকতাম, খারাপ লাগত কিন্তু নিজেকে সামলাতে পারতাম না। যখন আমার দ্বিতীয় সন্তানের জন্ম হল, আমি বলেছিলাম ও দ্যাখতে যেমনই হোক না কেন আমি ওকে ভালবাসব। আমার ছোট্ট মেয়ে শিশুটিকে দেখতে একটা কালো চুলের বল মনে হইত।

পিকোলার জন্মের সময় পলিনকে একটা বড় রুমে অন্য মহিলাদের রাখা হয়। পলিনের ব্যাথা উঠছিল, কিন্তু তা ভয়ঙ্কর ছিল না। কিছুক্ষণ বাদে এক বৃদ্ধ ডাক্তার আসে তার ডেরিভারী সরঞ্জাম নিয়ে। তারপর আসে কিছু অল্পবয়স্ক ডাক্তার। বৃদ্ধ ডাক্তারটা ওদের কীভাবে ডেলিভারী করতে হয় তা শেখাচ্ছিল। তিনি পলিনের দিকে তাকিয়ে বললেন, তোমার কোন সমস্যা হবে না। তারা ঠিকমত ডেলিভারী করল, ব্যাথাহীন ডেলিভারী ঠিক ঘোড়ার ডেলিভারীর মত। এক অল্পবয়স্ক ডাক্তার হাসছিল। তারা শুধু পেট ও দুই পায়ের মাঝখানে তাকায়ছিল। তারা পলিনের সাথে কোন কথা বলেনি। শুধু একজন ওর দিকে একটু তাকিয়েছিল। কিন্তু চোখে চোখ পড়ার পর লজ্জায় মাথা নিচু করে ফেলেছিল। তারপর ঐ ডাক্তাররা অন্যান্য ফর্সা মহিলাদের সাথে সুন্দর করে কথা বলল যা দেখে পলিনের খুব খারাপ লাগল কারণ ওরও তো বাচ্চা হয়েছে, ওর সাথে তো কেউ এত সুন্দর করে কথা বলেনি!

যাই হোক যখন পিকোলাকে পলিনের কাছে দেওয়া হয় তখন পলিনের মনে হয়েছিল সে অনেক স্মার্ট এক বাচ্চা। সুন্দর করে ওকে দুধ খাওয়ানো যেত যেটা ছেলেটার বেলায় কঠিন ছিল। পলিন পিকোলাকে দেখতে ভালবাসত। ওর চোখজোড়া ছিল কোমল আর ভেজা। কিন্তু পলিন জানত-

আমি জানতাম, ও কুৎসিৎ। ওর মাথা ভরা ঘন কাল সুন্দর চুল কিন্তু হে প্রভু, ও তো কুৎসিৎ!

যখন স্যামি ও পিকোলা ছোট ছিল, তখন থেকেই পলিনকে আবার কাজে যেতে হতো। ঘরে দায়িত্বপালনের জন্যই ছিল এই কাজে যাওয়া। পরে পলিন চার্চের যোগ দেয়। সে চার্চে প্রার্থনা করতো যাতে ওর বাচ্চারা তাদের বাবার দোষত্রুটি থেকে দূরে থাকে আর চলিকে দুঃখতো ওর জীবনে এত দুঃখ দুর্দশা এনে দেয়ার জন্য। এরপর পলিন ওর দ্বিতীয় দাঁত হারাল। এরপর থেকে পলিন চলিকে সহ্য করতে পারত না।

সৌভাগ্যবশত পলিন ওর মনমত এক স্থায়ী চাকরি খুঁজে পেল।

*ক্লার্ক গ্যাবল ও জিন হ্যালো ১৯৪০ এর বিখ্যাত তারকা জুটি

পলিন যে পরিবারে কাজ করত, তার সদস্যরা ওর সাথে খুব ভাল আচরণ করত। পলিন তাদের বাসা দেখত, লিলেন কাপড়ের ছান নিত, শিশুর গোলাপি নাইটি থেকে শুরু করে অ্যামব্রয়ডারী করা বালিশের কভার, এমনকি নীলরঙের কার্নফ্লাওয়ারের বিছানার চাদর সবকিছু পলিন ভালবাসত। ও একজন আদর্শ ভৃত্য হয়ে গেল যেটা অবশ্য ওর উপকারেই দিয়েছিল। পলিন মিঃ ফিশারের মেয়েকে গোছল করাত। দাঁত ব্রাশ করে দিত, গা মুছায় কাপড় পরায় দিত। তারপর মেয়ের চুল আঁচড়ায় দিত। এই পরিবারে সে সৌন্দর্য, পরিষ্কার পরিচ্ছন্নতা, আদেশ বা প্রসংশা সব পেয়েছে যেটা পলিনকে তার স্বামী, সন্তান ও সংসার থেকে অনেক দুরে ঠেলে দেয়। মিঃ ফিশাররা পলিনকে ডাকনাম দেয়- “পলি” যেটা পলিন কখনো পায়নি। তাই কিচেন বা ঘর সামলানোর কাজ ও সন্তুষ্টির সাথে পালন করত এই শুনতে শুনতে সে ওর মত ভাল ভৃত্য তারা কখনো পায়নি, ও সত্যিই এক আদর্শ ভৃত্য যাকে মিঃ ফিশাররা কখনো হারাতে চায় না। পলিনও তাই এই কাজকে তার নিজের পৃথিবী মনে করত। আর যখন দেখল চলি সংসারের দায়িত্ব পালন করছে না, তখন সে বার থেকে ষোল ঘন্টা কাজ করত ওর নিজের সংসার চালানোর জন্য।

তবে কখনো কখনো পলিন চলির সঙ্গ খুব মিস করত। ওর আগের কথা মনে পড়ে যখন চলি ওর কাছে আসত জামাকাপড় খুলে ওকে খুব করে আদর করে দিত। পলিন তখন চোখ বন্ধ করে থাকত, যাতে এই আদর চলতেই থাকে, চলতেই থাকে। এক পর্যায়ে পলিন সেই আদরে সাড়া দিত। বিছানা দিয়ে ক্যাঁচ ক্যাঁচ শব্দ বের হত। এরপর ক্লান্ত শরীরে দুজন দুজনের উপর ক্রস আকৃতিতে শুয়ে থাকত। তারপর আবার শুরু হত সেই অনুভূতি। দুজনে দুজনকে ধরে রাখত। চলি ওর সবকিছু পলিনকে উজার করে দিত আর পলিনের ভিতর চলতে থাকত এক অদভুত রামধনু যাত্রা যেটার শেষ ছিলনা। কোন শেষ ছিলনা। কিন্তু পলিন তাকে ধন্যবাদ দিতে গিয়েও দেয়নি, পারেনি কারণ ও ছিল ক্লান্ত ও নড়তে পারছিল না এবং চাইছিলও না।

তবে এসব আর আগের মত নেই। বেশিরভাগ সময় চলি পলিনের কাছে যায় শরীরের টানে যখন পলিন ঘুমিয়ে থাকে। পলিনও আর পান্ডা দেয় না ওসব। পলিন মনে করে ওর প্রভু ওর খেয়াল রাখবে, নিশ্চয়ই রাখবে। তবে একটা জিনিস এখনো পলিন মিস করে- শরীরের ভেতরের সেই কাঙ্ক্ষিত রামধনু যাত্রা।

বাবাকে দেখে বাবার অ-নে-কশজি বা বাতুমিকী জেনের সাথে খেলবে বা বাহাসেহাসে আরহাসে

চলির যখন চারদিন বয়স তখন ওর মা ওকে দুটো লেপ আর একটা পত্রিকা দিয়ে মুড়িয়ে রেললাইনের ধারে রেখে আসে। চলির মৃত জিমি আন্টি তাকে উদ্ধার করে এবং বাসায় ফিরে ওর মাকে চলা কাঠ দিয়ে পিটায় আর ওকে পরে বাচ্চার ধারে কাছে আসতে দেয়নি। জিমি চলিকে বড় করেছেন আর বলেছেন কীভাবে তিনি চলিকে উদ্ধার করে ওর মাকে শান্তি দেন।

চলি ওর আন্টির প্রতি কৃতজ্ঞ ছিল। শুধু কখনো কখনো ওর খারাপ লাগত যখন ও ওর আন্টিকে খাওয়ার পর আঙ্গুল চাটতে দেখত বা তার গা দিয়ে যখন অ্যাসাফিটিডা বা হিপের বাজে গন্ধ বের হত বা যখন দেখত তিনি বুড়ি হয়ে গেছেন।

চার বছর স্কুল পড়াকালীন সময় একদিন চলি জিমি কাছে ওর বাবার নাম জানতে চায়, কিন্তু ওর আন্টি নাম মনে করতে পারে না। পরে অবশ্য অনেক কষ্টে মনে করে বলে স্যামসন। ওর বাবা এখন ম্যাকনে বাস করে।

“তাইলে আমার নাম স্যামসন রাখা হয় নাই ক্যান?” চলি মৃদু স্বারে বলে উঠে।

“ক্যান রাখুম? তোর জন্মের পর তো ও এইখানে ছিল না। তোর মাও তো তোর নাম রাখে নাই। নয় দিনও বেটি তোরে নিজের কাছে রাখবার পারে নাই। তাই আমি আমার মরা ভাই চার্লস ব্রিডলাভের নামে তোর নাম রাখছি। চার্লস বড় ভাল ছিল।”

চলি আর কিছু জিজ্ঞেস করল না।

দুই বছর পর চলি স্কুল ছেড়ে টাইসনস ফিড এন্ড গ্রেইন ষ্টোরে কাজ নিল। ও সেখানে ঘর পরিষ্কার, ভারী ব্যাগ বহন ও টেনে সেগুলোকে মানুষজনের কাছে গিয়ে দেয়া এসব কাজ করত। মাঝে মাঝে ওকে এক দোভাষী মানুষের সাথে সাথে থাকতে বলা হত। ব্লু জ্যাক- মানুষটা বেশ ভালো ছিলেন। তিনি চলিকে অতীতের কথা বলতেন- কীভাবে দাসস্ত মোচন প্রচারকাজ আসল, কীভাবে কালো মানুষেরা চিৎকার করে কাঁদত আর গান গেত। তিনি চলিকে ভূতের গল্প বলতেন। কীভাবে ফর্সা মানুষেরা তার স্ত্রীর মাথা কাটল আর তাকে পুড়িয়ে জলাভূমিতে ফেলে দিল, তারপর সেই গলাকাটা লাশ উপরে উঠে বাড়ি বাড়ি খুঁজত। মাথা ছিল না বলে ও কাঁদত আর চিরুণী চাইত।

চলি ব্লুকে খুব পছন্দ করত। বড় হওয়ার পরও চলি তাকে মনে করত। একবার জুলাই এর চার তারিখে চার্চের পিকনিকে একটা তরমুজ প্রায় ভেঙ্গে ফেলা হয়েছিল। অনেক বাচ্চারা সেখানে ছিল। চার্চের ফাদার তরমুজটা মাটিতে ফাটিয়ে দুই টুকরা করে দিয়েছিল। আর ওর ভেতরে লাল অংশ ঘাসে ছড়ায় ছিটায় গিয়েছিল।

ব্লু লাফ দিয়ে “ইস” দুঃখ করে বলল “Dere go da heart” তার কণ্ঠে দুঃখ এবং সন্তুষ্টি পরিষ্কার ছিল। তবে সবার চোখ ছিল তরমুজের খোলার দিকে যেখানে তরমুজের এক দলা লাল অংশ ছিল। চার্চের ফাদার হেসে বলে উঠলেন, “যাও ব্লু তুমি ওটা নাও”।

ব্লু চলিকে দেখল এবং তাকে ডেকে বলল, “আস, তুমি আর আমি এর প্রানটা খাই”।

বৃদ্ধ লোক আর ছেলেরা একসাথে তরমুজের প্রানটা ভাগাভাগি করে খেল।

বসন্তের কড়া দিনে চলির আন্টি পিচ কবলার* খেয়ে মারা যান। তিনি এক সভায় গিয়েছিলেন। আসার সময় পথে ঝড় বৃষ্টি হয় যেটাতে উনি অনেক অসুস্থ হয়ে যায়। ম্যাডিয়ার নামে এক মহিলার চিকিৎসায় তিনি কিছুদিন সুস্থ ছিলেন। পরে শনিবার রাতে যখন আন্টি বিছানা থেকে উঠে, ইজি ফস্টার তাকে পিচ ফল খেতে দেয় আর পরদিন সকালে যখন চলি জার পরিষ্কার করতে গেল আন্টি জিমিও পরলোক গমন করেন।

* পিচ কবলার- পিচ ফল ও দুধ দিয়ে তৈরী মিষ্টি খাবার

জিমি আন্টির অস্ত্যেষ্টিক্রিয়ায় তার পরিবারের সবাই উপস্থিত হল। চলিও এই প্রথম তাদের দেখল। মহিলারা ঘর ছাফ করছিলেন, ঘরের সবকিছুই বাইরে বের করে আন্টিকে সাদা পোষাক পড়ান হলো। তারা চলিকেও পরিবারের জন্য গাঢ় কালারের সুট, সাদা শার্ট ও টাই দিল। কেউ তার সাথে কথা বলছিল না। চলির চুল কাটা হল। সবাই তাকে আদর করছিল। কারণ সে ছিল জিমির শেষ বয়সে সবচেয়ে কাছে মানুষ। তার ব্যাপারে কথাবর্তা চলছিল, এসময় একজন প্রশ্ন করল,

“কীভাবে তিনি মারা গ্যালেেন?”

“ইজি ফস্টারের পিচ কবলার-এর জন্যে”।

“এইভাবে বইল না”।

মহিলারা বিভিন্ন আলাপ জমাল ইজি ফস্টার জিমির জন্য কি করেছে সেটা নিয়ে। এছাড়া পিচটার জন্য জিমির মৃত্যু বা মৃত্যুর পর জিমি পচাশি ডলার রেখে গেছেন এ জাতীয় কথাবর্তাও হল।

চলি তখনও ওর আন্টি মরার দুঃখ অনুভব করতে পারছিল না। সবকিছু ওর কাছে মজা লাগছিল। চলি বাড়ির বাইরে বের হয়ে আসল। ওর বয়স ১৫ বা ১৬ চলছিল। সে বাইরে এক ছেলেকে দেখল একজায়গায় দাঁড়িয়ে ওর আন্টির পোশাক পানিসিদ্ধ করে ধুচ্ছে।

তারা একজন অন্যজনকে “Hi” জানাল। ১৫ বছর বয়েসী জেক চলিকে সিগারেট দিল। সে চলিকে জিজ্ঞেস করল এখানকার কোন মেয়েকে ও জানে নাকী, সে বলে উঠল “নিশ্চয়ই”।

চলি জানত সব মেয়েরা অস্ত্যেষ্টিক্রিয়ায় রয়েছে এবং সে যেসব মেয়েরা দাঁড়িয়ে বা পেছনে ফিরে রয়েছে তাদের দিকে হাত ইশারা করল, কারণ সে আসলে কাউকেই চিনতনা। এসব মেয়েদের মধ্যে ডারলেনও ছিল। তবে চলি আশা করছিল যাতে জেক কাউকে আনতে না বলে, জেক বলে উঠল, “চল কিছু মেয়েদের ওখান থেকে ডেকে আমরা একসাথে হাটি”।

দুই ছেলে বাড়ির সামনে খোলা বারান্দায় টো টো করে ঘুরতে লাগল। চলি জানত না ওকে কোথা থেকে শুরু করতে হবে। জেক সেখানার রেলিঙে হেলান দিয়ে ভান করতে লাগল যে এসব জিনিসে তার বিন্দুমাত্র আগ্রহ নেই। ও এমন জায়গায় দাঁড়িয়েছিল যাতে সবাই ওকে দেখতে পারে। প্রথম প্রথম কোন মেয়ে ওকে পাত্তা দিচ্ছিল না। কিন্তু পরে সুকি নামে এক মেয়ে ওর এই ভদ্র টান্টিকবাজিতে সাড়া দেয়। কিন্তু সুকি এসব জিনিসে খুব একটা পাত্তা দেওয়ার মত মেয়ে ছিল না।

জেক চলিকে বলল, “আমাকে ওর সাথে হাঁটা দেখতে চাও?”

চলি মনে মনে ভাবল, কখন যে সুকি এসে ওর মুখ বন্ধ করবে, কারণ ও এসবে খুব ভাল ছিল। কিন্তু চলিকে অবাক করে সুকি জেকের সাথে হাঁটতে সম্মতি জানাল।

সেখানে ডারলেন নামে আরেক মেয়ে ছিল। চলি তখন ডারলেনের দিকে ফিরে বলল, “চল, আমরা সামনে আগাই। আমরা শুধু ঐ জলস্রোতের নালা পর্যন্ত যাব”। চলি অপেক্ষা করছিল কখন মেয়েটা অসম্মতি জানাবে। ওর ভয় করতে লাগল। চলি দ্বিতীয়বারে মত ভয় পেল যখন ও দেখতে পারল মেয়েটার চোখভরা উন্মাদনা। চলির মনে হল ও যেন কোথায় হারিয়ে যাচ্ছে।

মেয়েটা বলল, “তুমি চাইলে যাব কিন্তু বেশি দূর যেন না হয় কারণ মা জলদি ফিরতে বলছে”। চলি ও ডারলেন হাঁটতে হাঁটতে মাঠে চলে এল। বাতাস বইছিল, আর পরিবেশটাও ছিলমনোরম। জেক ও সুকি ওদের ধারে কাছে ছিল না। বাতাসে ডারলেনের কাপড় উড়ছিল, চলি ওর সুন্দর সুন্দর পা দেখতে পাচ্ছিল।

চলি বলে উলল, “আমাদের যাওয়া উচিত।”

“হ্যাঁ,” ডারলেন চলে ফিতা বাঁধতে বাঁধতে বলল, “মা কী বকা দেবে?”

“না, দ্যাবেন না।”

“দেবে, যদি কাপড় নোংরা করি, মা বলছে । ”

“কই নোংরা তো হয় নাই” ।

“এই দ্যাখ,” সে তার ড্রেসের ঐ জায়গাটা দেখায় যেখানে আঙ্গুরের রস লেগে আছে ।

চলির দুঃখ হল, কারণ সেটা ওর জন্য হয়েছে । হঠাৎ চলির মনে পড়ল ওর আন্টির অস্ত্যেষ্টিক্রিয়ায় উপস্থিত থাকতে হবে । চলির ভয় লাগা শুরু হয়, বকা খাবে ভেবে ।

“দ্যাও, আমি করি” । চলি দাঁড়ায় ডারলেনের দিকে ঝুকল । ডারলেন ওর হাত চলির শার্টের মধ্যে ঢুকায় দিল । যখন চলি অবাক হয়ে তার দিকে তাকাল তখন সে হাসল, চলিও হাসল ।

“চুপ কইরে বস, নয়তো আমি করব ক্যামনে?”

ডারলেন চলির পাজড়ে গুরগুড়ি দিল । একজন আরেকজনের উপর উঠে আসল । দুজনের হাত একে অন্যের ড্রেসের উপর ছিল । যখন চলি ঝুকল, ওর হাত ওর কোমর বরাবর চলে গেছে, চলি সিরিয়াস হয়ে গেল । ও ভয় পেল । কিন্তু ডারলেন ওর ঠোঁট, মুখে আদর করে চুমু দিল । এরপর ডারলেন আন্তে আন্তে ওর প্যান্ট খুলে নিচে নামাল । চলিও হাঁটু পর্যন্ত প্যান্ট নামাল আর দুইজনের অঙ্গে যেন তরঙ্গ বয়ে গেল । চলি বুঝতেও পারলনা জিনিসটা এত সহজ হবে । ডারলেন হালকা গোঙাল কিন্তু ভেতরের উত্তেজনায় চলি চোখ বুজে ফেলল । ডারলেন কেঁদে উঠল, চলির মনে হলো ও মনে হয় আঘাত পেয়েছে, ও দেখল ডারলেন ওর ঘরের পেছনে কিছু একটার দিকে ভয়ঙ্কর ভাবে তাকিয়ে আছে । চলি পেছন ফিরে তাকায় ।

দুইজন ফর্সা লোক দাঁড়ায় আছে । একজনের হাতে স্পিরিট ল্যাম্প অন্যজনের হাতে ফ্ল্যাশলাইট । ওদের কাছে বন্দুক আছে । লোকদুটো হাসতে থাকে । চলি তাড়াতাড়ি প্যান্ট পড়ার চেষ্টা করে । ফ্ল্যাশলাইট বহনকারী চলি ও ডারলেনের দিকে ফ্ল্যাশলাইট মেরে বলে উঠল “চালায় যা ব্যাটা, নিগ্রো” ।

চলি কিছু বলবে তার আগেই ফর্সা লোকদুটো ওকে জোরে ধাক্কা দিল আর ওদের উপর বন্দুক ঠেকিয়ে তাদেরকে কার্যাদি অব্যাহত রাখতে বলল । চলিকে ওদের সামনে প্যান্ট খুলতে হল, ওদের সামনে ডারলেনকে আবার ভোগ করতে হল ।

“হা হা হা হা হা হা হা । ”

ডারলেন হাত দিয়ে মুখ ঢাকল । চলির এখনও বিশ্বাস হচ্ছে না এসব কী ঘটতেছে তার সাথে ।

“হা হা হা হা হা হা হা । ”

“তাড়াতাড়ি কর, মেয়েটার জন্য তো কিছুই করতেছিস না । ”

“হা হা হা হা হা হা হা । ”

চলি তাড়াহুড়ো করছিল । ডারলেনের দিকে তাকাল । ও ডারলেনকে খুব খুব খুব ঘৃণা করে ।

“হা হা হা হা হা হা হা । ”

কুকুর ডেকে উঠল ।

“চল্ যাই । ”

“ছ”, স্পিরিট ল্যাম্প বলল ।

“চল্ না যাই” ।

“কিন্তু ‘কুন’* তো বের হয় নাই”।

“সময় হলে বের হবে। Good Luck কুন বয়”।

চলি তাড়াতাড়ি উঠে ট্রাউজারের বোতাম লাগাল। ডারলেন নড়ছিল না। চলির ওকে গলা টিপে মেরে ফেলতে ইচ্ছা হল, কিন্তু ও হাত দিয়ে ওর পা সরিয়ে বলল, “আমাদের যাইতে হবে”।

বৃষ্টি হচ্ছিল, তাই চলির স্বস্থি হল যে কাপড়ের জন্য অন্তত বাহানা বানাতে হবে না।

যখন চলি ও ডারলেন বাড়ি ফিরল, সবাই ওদের দেখল। ডারলেনের মা খুব চটে ছিলেন।

সেই রাতে চলি ঘুমাতে পারেনি। প্রতি ক্ষনে ক্ষনে ও ঐ লোকদুটোর হাসির আওয়াজ শুনতে পাচ্ছিল।

পরদিন যখন চলির আঙ্কেল, ঘর ছাড়ার জন্য রেডি হচ্ছেন চলি ঘরে বসে ঝগড়া শুনতে পেল। হঠাৎ ও শুনতে পেল- ডারলেন প্রেগনেন্ট হয়ে যেতে পারে। এটা যদিও অযৌক্তিক এবং একদমই ফালতু ভাবনা কিন্তু ভয় যোগানোর জন্য যথেষ্ট ছিল।

চলি বাড়ি ছাড়ল। ও ঠিক করল যে ও ওর বাবাকে খুঁজবে। ওর আন্টি বলেছিল, ওর বাবা ম্যাকনে চলে গেছে। তাই ও ম্যাকন যাওয়ার জন্য প্রস্তুত হল। কিন্তু এখন ও যাবে কীভাবে? সে বাসস্ট্যাণ্ডে গেল টিকেট কাটতে-

“স্যার, ম্যাকনের টিকেট কত?”

“এগার ডলার। বার বছরের নীচে অর্ধেক। তোমার বয়স কত?”

চলির কাছে বার ডলার আর চার সেন্ট ছিল, ও বলল,

“স্যার আমার বয়স ১২, আর আমার মা আমাকে দশ ডলার দিচ্ছে”।

“তুমি অবশ্যই বার বছরের উপর হবা।”

“দয়া করেন স্যার, আমার মা অসুস্থ।”

“তুমি যে বললা তোমার মা তোমাকে দশ ডলার দিচ্ছে।”

“ঐটা আমার আসল মা না, তিনি ম্যাকনে স্যার।”

লোকটা চলিকে অনেক অপমান করল, কিন্তু চলি কিছুই কানে তুলল না। বরং ও ব্যস্ত ছিল রাস্তা ঘাট দেখায়। অবশেষে ৪ ঘন্টা ও কয়েক মিনিট বাদে গাড়ি ম্যাকনে থামল।

চলি হাঁটছিল। এক গলিতে অনেক লোক জড়ো হতে দেখে ও সেখানে গেল। সেখানে কার্ড খেলা হচ্ছিল। ও ভাবল কীভাবে ও ওর বাবাকে চিনবে। চলি এক সাদা চুলের লোককে পেছন থেকে জিজ্ঞেস করল সে স্যামসন ফুলার নামে কাউকে চিনে কি না। লোকটা বলল, “ফুলার?” নামটা পরিচিত মনে হল। লোকটা এক ব্রাউন জ্যাকেটের লোককে দেখিয়ে হাত ইশারায় জানাল সে স্যামসন ফুলার।

*কুন- নর্থ আমরিকান রেকুন, এক ধরনের মাংসাশী জন্তুবিশেষ; কাল মানুষদের চরমভাবে অপমান করতে এই শব্দ ব্যবহৃত হয়

লাইট ব্রাউন জ্যাকেট পড়া এক লোক দলের শেষে দাঁড়ায় ছিল। সে আরেকজনের উপর খুব রাগের ভঙ্গিতে ছিল। চলি তার দিকে আগাছিল, আর ভাবছিল- তার উদ্দেশ্য পূরণ হতে চলেছে। সামনে চলির বাবা দাঁড়ায় ছিল। কিন্তু বাপের কাছে যেতেই সব উলোটপালট হয়ে গেল। চলির বাবা চলিকে জিজ্ঞেস করেছিল সে কে? কিন্তু চলি ওর নাম ছাড়া বাকি কিছুই বলতে পারেনি। অবশেষে অধৈর্য হয়ে সেখান থেকে চলে গেল। চলিরও আর ওর বাবাকে নিজের পরিচয় দেয়া হল না।

রাতে চলি অনেক ক্লান্ত, পরিশ্রান্ত ছিল। সে এক জায়গায় এসে ঘুমায় পড়ল। রাতে ঘুমের ঘোরে ও জিমির চেহারা দেখতে পেল- অ্যাসাফিটিডা ব্যাগ এবং তার ৪টি স্বর্ণের দাঁত দেখল। ওর খারাপ লাগল। কিছু বলতে পারল না কিন্তু ওর চোখ ভিজে আসছিল। পরবর্তীতে চলি মিউজিশিয়ানদের হেড হয়ে গেল। চলি স্বাধীন ছিল, ভয়ানক স্বাধীন। ভয়, দোষ, লজ্জা, ভালবাসা, দুঃখ বা দুর্দশা সবকিছু থেকে ও স্বাধীন ছিল। চলি তার বাপ-মার কাছ থেকে বিতাড়িত হয়েছিল তাই ওর হারানোর ভয় ছিল না। ও ছিল একা, পুরোপুরি একা।

প্রভুর দয়ায় যেন চলির সাথে পলিনের দেখা হয়, তার সাথে বিয়ে হয়। সে যখন কেনটাকিতে পলিনকে দেখে, পলিন তখন বেড়ায় হেলান দিয়ে ওর ভাঙা পা দিয়ে নিজেকে আঘাত করছিল। ওর পরিচ্ছন্নতা, ওর সৌন্দর্য, ওর আনন্দ সবকিছুই চলিকে মুগ্ধ করেছে, পলিনকে নিয়ে ঘর বাধার স্বপ্ন যুগিয়েছিল। কিন্তু এখন চলি কোন কিছুতেই আগ্রহ পায় না।

বিয়ের পর চলি বলতে পারে না ঠিক কেন এমনটা হল। সে এখন শুধু মদ নিয়ে থাকতেই ভালবাসে। সে জীবনে কখনো তার বাবা-মার সংসার হতে দেখেনি। কীভাবে বাচ্চা বড় করতে হয় তাও কখনো ওর চোখে পড়েনি। তাই চলি কখনো বুঝেনি একটা সম্পর্ক কেমন হওয়া উচিত।

এখন চলি মাতালপ্রায় হয়েই বাসায় থাকে। এক রোববার দুপুরে মদ্যপান অবস্থায় সে দেখে তার মেয়ে কিচেনে খালাবাসন ধুচ্ছে। চলি ওকে দেখল কিন্তু ওর কেমন লাগছিল তা মনে হয় বুঝতেছিলনা। তবে হঠাৎ ও টের পেল যে ওর অস্বস্তিবোধ হচ্ছে। একটু পরই সে বোধ করল তার অস্বস্তি স্বস্তিতে রূপ নিচ্ছে। সে তার অসহায় মেয়ের দিকে তাকাল। ও কেন ওর চেহারা এমন করুণ করে রাখে? ও বাচ্চা হয়েও কেন সুখী না? চলি পিকোলাকে ধরতে চায়, ওকে আদর করতে চায়। কিন্তু সে তার মেয়ের মুখের দিকে তাকাতে পারে না কারণ ওর করুণ চেহারা চলিকে বিরক্ত করে, ভালবাসা তখন হিংস্রতায় রূপ নেয়। চলি পিকোলাকে ফ্রাইপ্যান ধুতে দেখছিল। ওর হঠাৎ মনে হতে থাকে পলিনের কথা। পিকোলাকে দেখে ওর কেনটাকিতে পলিনের সাথে প্রথম দেখার কথা মনে পড়ে, মনে পড়ে কীভাবে ওকে আদর করত। কীভাবে ওর চাহিদা পূরণ করত।

সেই আদর চলি মধ্যে আবার যেন জাগ্রত হলো। ওর চোখ ওর মেয়ের পায়ের দিকে। চলি হামাগুড়ি দিতে দিতে পিকোলার দিকে আগাল, হাত বাড়িয়ে ওর পা ধরে টান মারল। পিকোলা ব্যালেন্স হারিয়ে ফেলল। চলি আরেক হাত বাড়িয়ে মেয়েকে ধরল। পিকোলার কোমর পড়া থেকে বেঁচে গেল। চলি তার মাথা নিচু করে মেয়েকে আদর করতে থাকে। অবাক পিকোলা ভয়ে পাথর হয়ে গেল। কিন্তু চলির কাছে এই পাথর শরীর ও শক্ত ঘাড়টিকে পলিনের হাসির চেয়েও সুন্দর মনে হল। পলিনের স্মৃতি ও বর্তমান ঘটনা সব মিলিয়ে চলি হয়ে উঠে উন্মাদ। সে পিকোলাকে আদর করে ভোগ করছিল। কিন্তু সে আদর স্থায়ী হয় না। ছোট্ট মেয়ের চাপা যোনীপথ সে আদর সহ্য করতে পারেনি। তাই চিৎকার করে ওঠে ছোট্ট মেয়েটি। যদিও এটা চলির জন্য কষ্টকর ছিল, তবুও চলি উঠে গেল। পিকোলাকে দেখে আবার ঘৃণা ও ভালবাসা একত্রিত হতে থাকে। ঘৃণা নয়, মমতাবোধ চলিকে বাধ্য করে পিকোলাকে বিছানায় নিয়ে ঢেকে দিতে।

পিকোলার যখন জ্ঞান ফিরে ও তখন বিছানায় ভারী লেপের নীচে শোয়া। ও অনুভব করতে থাকে দুই পায়ের ফাঁকে অসম্ভব যন্ত্রণা আর দেখতে পায় ওর মায়ের চেহারা যা ওকে ঘুরে ঘুরে দেখছিল।

দেখদেখকুকুরটানাঘেউঘেউকরছেএইতুমিজেনের সাথেখেলবেআরেআরেদেখকুকুরটাদৌড়েপালাল

একদা এক বুড়া লোক ছিল যে মানুষের সান্নিধ্য পছন্দ করত না। সে মনে করতে পারত না ঠিক কখন থেকে তার এই পরিদশা। এমন কী সে এটাও মনে করতে পারে না সে কোনদিন এটা থেকে মুক্তি চেয়েছে কী না। তবে ছোটবেলা থেকেই সে কারো সাথেই কিছু ভাগাভাগি করতে চেত না। তবে পড়াশুনা ভাল জানায় সে অন্য শব্দের চেয়ে একটা শব্দ ভালভাবে শিখেছে যেটা ছিল “মনুষ্যবিদ্বেষী”। অনেক জানত বলে সে মনে করত যে শয়তান ততক্ষণ পর্যন্ত কারো ভেতর আসে না যতক্ষণ না তাকে সুযোগ করে দেয়া হয়। আর “মনুষ্যবিদ্বেষ” তাকে আরাম ও উৎসাহ যোগাতো। সে এই বিষয় নিয়ে অনেক বই পড়ে সর্বকালের সেরা মনুষ্যবিদ্বেষী হয়েছিল। তবে মানুষের চারিত্রিক বৈশিষ্ট্যও সে এ বিষয়ে পড়ে ভালভাবে রঙ করেছিল।

তাই সে অ্যাঙ্কলিকান চার্চের পুরোহিত পদে যোগ দেয়। মানুষ কোন সমস্যা নিয়ে গেলে সে তার সমাধান দিয়ে দিত। সময় ও দুর্ভাগ্যবশত সে সবশেষে যে পদ বেছে নেয় তা হল- স্বপ্নের অনুবাদক, উপদেশদাতা ও ধারাভাষ্যকার। এটা অবশ্য তাকে ভালই মানাত। সর্বোপরি তার চরিত্রেও ব্যালেন্স, গোছাল, বিচক্ষণতা ও একনিষ্ঠতা বিদ্যমান ছিল। তিনি একজন চলমান হোমোসেঞ্জুয়াল হয়ে থাকতে পারতেন কিন্তু সে উৎসাহও হারিয়ে ফেলেন। কারণ ছেলোদের সোহাগ তার কাছে মেয়েদের আদর বা সোহাগের চেয়েও বেশি বিরজিকর মনে হতো। শরীরে বা নিঃশ্বাসে গন্ধ তাকে কষ্ট দিত। লাল চোখ, দাঁতে ক্ষয় বা দাত পড়া, মুখের কালো দাগ বা ব্রন এসবকিছুই তাকে বিরক্ত করত। তাই তার সমস্ত মনযোগ স্থির হল বাচ্চাদের উপর, যাদের শরীর অসহ্যকর না। আর ছেলেরা একরোখা, অপমান করবে বা ভয়ংকর হবে দেখে সে বাচ্চা মেয়েদের প্রতিই তার সমস্ত আগ্রহ দেখাতে লাগল। ওদেরকে সহজেই প্রলোভিত করা যায় ও বশে আনা যায়। তাই তার যৌনতা ছিল লম্পটতা, ওর মেয়েদের আনুকূল্য ছিল সরলতার স্বাদগ্রহণ যেটা ছিল অতিরিক্ত পরিষ্কার পরিচ্ছন্নতার ফলাফল।

যদিও তার নামটা কিচেনের জানালায় সাইন করে দেয়া আছে, শহরের মানুষ তাকে সোপহেড চার্চ বলে ডাকে। কেন তার নামের সাথে চার্চ যুক্ত হল কেউ জানে না তবে পুরোহিতের কাজ করাকালীন হয়ত এ নামটা তার নামের সাথে যুক্ত হয়েছে। তবে সবাই জানত সোপহেড অর্থ শক্ত কোকড়ানো উজ্জল ও চেউ খেলান চুল, যখন সেটা সাবান দিয়ে ঘষা হয়- এ এক ধরনের পুরনো ফর্মুলা।

সোপহেড চার্চ খুব কমই বাচ্চা মেয়েদের সাথে খেলা করত। তাদের আনন্দ দিত। সে এসবের মধ্যে শান্তিতেই ছিল কোন অনুশোচনা ছাড়া। তবে সে প্রভুভক্ত ছিল এবং এ ব্যাপারে খেয়াল রাখত। সোপহেড যখন তার পূর্বের স্মৃতিগুলো মনে করছিল, সে তখন ছোট্ট এক মেয়েকে দেখল তার দরজায় টোকা দিতে। মেয়েটাকে সোপহেডের বার বছরের লাগল, যার ভেতর কোন আকর্ষণ ছিল না। যখন সোপহেড ওকে জিজ্ঞেস করল ও কী চায়, তখন কোন উত্তর না দিয়ে গিফট ও কাজের কথা লেখা সোপহেডের নিজের কার্ড বের করে সোপহেডকে দিল যেখানে লেখা ছিল- “যদি তুমি দুঃখ বা শর্তকে হারাতে পার তবে তা সাধারণ নয়, আমি যাদুমন্ত্র, দুর্ভাগ্য বা শয়তানী প্রলোভন সরাতে পারি। আমিই সত্যিকারের শক্তিশালী প্রেতাভাবিদ এবং আমি সাহায্য করব। যদি তুমি অসুখী, অসাহসী অথবা হতাশায় ভুগছ এমন, আমি তোমাকে সাহায্য করতে পারি। দুর্ভাগ্য কী তোমায় তাড়া করছে? নাকী ভালবাসার রং বদলেছে? আমি তোমায় বলতে পারব কেন; আমিই তোমাকে বলত পারব কে তোমার শত্রু বা কে তোমার মিত্র; আর তোমার ভালবাসা সত্যি না মিথ্যা। যদি তুমি অসুস্থ হও আমি তোমাকে সুস্বাস্থ্যের পথে রাখব। আমি হারান ও চুবি হওয়া জিনিসের দিকে দৃষ্টি দেই। আত্মতৃপ্তি গ্যারান্টি দিচ্ছি আসবে”।

সোপহেড চার্চ মেয়েটাকে ভেতরে আসতে বলল।

“আমি তোমার জন্য কী করতে পারি?”

মেয়েটা পেটের কাছে দুই হাত এক করে দাড়ায় বলে, “মনে হয়, আপনি আমার জন্য এইটা করতে পারবেন।”

“কী?”

“আমি স্কুলে যেতে পারতেছি না। এবং একমাত্র আপনি আমাকে সাহায্য করতে পারবেন।”

“কীভাবে সাহায্য করব বল? ভয় পেয় না।”

“আমার চোখ।”

“কী হয়েছে তোমার চোখে?”

“আমি নীল চোখ চাই।”

এটা ছিল সোপহেডের জন্য সবচেয়ে অদ্ভুত আবেদন। কারণ একটা কুৎসিৎ মেয়ে সুন্দরী হওয়ার জন্য আবেদন করেছে। ওর খুব রাগ হল, কারণ এ ব্যাপারে ও কিছু করতে পারবে না, “আমি তোমার জন্য কিছুই করতে পারবনা। আমি যাদুকর নই। আমি প্রভুর কাজ করি। তিনি আমাকে মাঝে মাঝে তার কাজে ব্যবহার করেন। আমি শুধু নিজেকে বিলীয়ে দেয়ার প্রস্তাব রাখি যার মাধ্যমে তিনি কাজ করেন। যদি তিনি প্রস্তাব রাখেন, তাহলে কাজ করে দেন’।

সোপহেড পেছন ফিরে ছিল। তার মন স্থির হচ্ছিল না, চিন্তা করছিল- পরের কথা কীভাবে সাজানো যায়, কীভাবে এই ছোট্ট শক্তিশালী মনকে কজা করা যায়। সোপহেডের চোখ বাড়ির সামনে ঘুমন্ত কুকুর বকের উপর পড়ল।

“আমাদের অবশ্যই প্রকৃতির সান্নিধ্যে থেকে প্রভুকে কিছু উৎসর্গ করতে হবে। সম্ভবত সাধারণ জীবের মাধ্যমে তিনি কথা বলবেন। চল দেখা যাক।”

সোপহেড চার্চ হাঁটু গেড়ে বসে ঠোঁট নাড়াল। কিছুক্ষণ পর সে কিছু খাবার বের করে টেবিলে রাখল। তারপর পিকোলাকে বলল এটা ঐ জীবকে দিতে যেটা বারান্দার বাইরের অংশে ঘুমাচ্ছিল। মেয়েটা প্যাকেটটা তুলল। প্যাকেটের তীব্র গন্ধে ওর বমি চলে আসতেছিল।

“সাহস আন, মাই চাইল্ড, এটা মিথ্যা হৃদয়ে গ্রহণযোগ্য হবে না।”

“গুড বাই, প্রভু তোমায় দয়া করুক”, বলে সোপহেড সেখান থেকে চলে গেলেন কিন্তু তিনি দেখতে থাকলেন মেয়েটা ধীরে ধীরে ঘুমন্ত কুকুরের কাছে গেল। সে মাথায় হাত রাখতেই কুকুরটা ঘেউ ঘেউ করে উঠল। আর সেটা তিন থেকে চার কামড় খেয়ে ফেলল। এবার আবার গর্জে উঠল। পিকোলা পড়ে যেতে নিচ্ছিল। সোপহেড চার্চ ওকে উপরে তুলল এবং সেই সাথে সোপহেড চার্চ মেয়েটাকে ভোগ করতে লাগল। এরপর মেয়েটা বমি সামলাতে পারলনা। তাই মুখে হাত দিয়ে রুম থেকে বের হয়ে গেল।

সোপহেড চার্চ ক্লাস্ত শরীরে টেবিলে গেল। তারপর সে পেপার ও ফাউন্টেন পেন এনে চিঠি লিখতে শুরু করল। আর সেল্ফে ছিল এক বোতল কালি-

প্রতিঃ যিনি মনুষ্যচরিত্রের জন্ম দিয়েছেন।

প্রিয় প্রভু,

চিঠিটা এই উদ্দেশ্যে লেখা যাতে তোমাকে কিছু সত্যতার সম্মুখীন করতে পারি যেটা হয় কখনো হয়তো তোমার নজরে পেরেনি, নয়ত তুমি এগুলোকে কখনো পাত্তা দাওনি।

একদা আমি তোমারই এক চিরসবুজ, সুন্দর দ্বীপে থাকতাম। দ্বীপটা উত্তর ও দক্ষিণ আমেরিকার মধ্যে দক্ষিণ-আটলান্টিকার ভেতরে ছিল যা ক্যারিবিয়ান সাগর ও গালফ অব মেক্সিকোর সাথে সংযুক্ত হয়েছে। আর সেটা বড় অ্যান্টিলেস, ছোট অ্যান্টিলেস ও বাহামা আইল্যান্ডে বিভক্ত হয়ে গেছে। ঘটনা ঘটেছিল দুই অ্যান্টিলেসের মধ্যে যেটার দিকে দৃষ্টি দাও।

এখন আমরা সেই কলনিতে আছি যেটা অবশ্য ফর্সা চেহারার মালিকদের চরিত্রের মতই নাটকীয় আর নষ্ট। আমাদের লোকালয়ে আমাদের একটা ভাল ও কম কষ্টকর বৈশিষ্ট্যগুলো ধারণ করতে হচ্ছে। আমরা রাজকীয় না কিন্তু আমরা একরোখা, ধনী না কিন্তু শ্রেণীবেদী। আমরা শক্ত কর্তৃত্বে বিশ্বাস করি ও স্কুলের শিক্ষার মূল্য দেই। আমরা সন্তান বড় করি এবং বাচ্চাদের বাড়তে দেই এবং সম্পদে উন্নতি দেই। আমাদের পুরুষত্ব- পাওয়ার জন্য আর আমাদের মাতৃত্ব-মেনে নেওয়ার জন্য। আর তোমার ফলের ভ্রাণ বা কাজের শ্রমকে আমরা ঘৃণা করি।

এই সকালে আমি ঐ কাল মেয়েটা আসার আগে ভেলমার জন্য কেঁদেছিলাম। তবে জোরে না। ভেলমাকে তোমার জানা প্রয়োজন যাতে আমি আজ যা করেছি তা তুমি বুঝতে পার।

ভেলমাকে আমি ভালবাসতাম। ও আমাকে ছেড়ে দিয়েছে ঠিক যেভাবে মানুষ হোটেল ছাড়ে। কাজ শেষ হয়ে গেলে হোটেল রুমের কোন প্রয়োজন পড়েনা। আমার ও হলো সেই এক দশা।

তুমি মনে করতে পার আমরা কেমন দিন পার করেছি? বা তার সুডৌল স্তন দুটো কেমন ছিল- তা তোমাকে বলতে দাও। আমি ক্ষমা প্রার্থনা করছি, যখন তখন, যেখানে সেখানে আমি ভালবাসার বীজ ছড়িয়েছি। আমার কী ক্ষমা চাইতে হবে অচেনাদের ভালবাসার জন্য?

কিন্তু প্রভু তোমার এখানে একটু ভুল হলে গেছে। কীভাবে তুমি এটা হতে দিলে? কেমন করে আমি তোমার চিন্তা থেকে সরে ওদের চিন্তায় ডুব দিলাম? তারা তো কুঁড়ি। তারা ছোট, ভীরা এবং অতি আদুরে ছিল। তুমি কী কখনও সুন্দর সুন্দর মেয়েদের দেখেছ? তোমার সৃষ্টি এই কুঁড়িরা সবচেয়ে সুন্দর বলে বিবেচিত হয়।

আমি এদের স্পর্শ, রুচি ও অনুভূতি সবকিছু ভালবাসি। এগুলো আমার দোষ না। এগুলো আমার জন্য ছিল যাতে এদের জন্য কিছু করা যায়। আমি মানুষদের বলেছিলাম, আমি তোমার সম্পর্কে জানি। তোমার শক্তি সম্পর্কে জানি, যেটা ছিল পুরো মিথ্যা। আমার এটা উচিত হয়নি। স্বীকার করছি, আমার মোটেও উচিত হয়নি টাকার বিনিময়ে এই সাজানো গোছানো মিথ্যা বলা। কিন্তু আমি এটা ঘৃণা করতাম। এমন কী কোন সময়ই আমি পয়সা বা মিথ্যাকে ভালবাসিনি।

কিন্তু চিন্তা করঃ সেই মেয়েটা আমাকে হোটেল রুমে রেখে চলে গেছিল।

চিন্তা করঃ তাদের আশাভরা চোখ বা সুডৌল দুধ।

চিন্তা করঃ কীভাবে আমার শয়তানের প্রয়োজন পড়ল আমার জানার ইচ্ছাকে দমন করতে যেটা আমাকে অসহ্য করে তুলছিল?

চিন্তা করঃ আমি টাকাকে কত ঘৃণা করি!

এখন চিন্তা করঃ আমার আহার না বরং মেয়েটার প্রতি আমার সহনুভূতি বিবেচনা কর যে আজ আমার কাছে কিছু চাইতে এসেছিল। তুমিই বল, একটা মেয়েকে একা তুমি কীভাবে আমার কাছে আনালে? এর কারণ আমি তোমার জন্য কাঁদি, তোমার জন্য আমি তোমার কাজগুলো করতে থাকি। তুমি কী জান, কালো মেয়েটা কেন আমার কাছে এসেছিল? নীল চোখের জন্য। সে হয়ত তোমাকে অনেক ডেকেছে এটা পাওয়ার জন্য, যেটায় তুমি কখনই কর্ণপাত করনি।

তোমাকে বুঝতে হবে যে, “বাচ্চারা কষ্ট পেয়ে আমার কাছে আসে তাই তাদের ক্ষতি করব না” তুমি কী ভুলে গেছ? তুমি কী বাচ্চাদের ভুলে গেছ? হ্যাঁ, তুমি ভুলেছ। তুমি তাদের কষ্টের পথে ছেড়েছ। ছোট বাচ্চার মত। আমি তাদের দেখেছি কাদতে, খুঁড়তে বা থামতে। প্রভু তুমি ভুলে গেছ কীভাবে কখন প্রভু হতে হবে।

আর তাই আমি ঐ কালো মেয়ের চোখ পরিবর্তন করে দিয়েছি। আমি তাকে ধরিনি তবে আমি তাকে নীল চোখ দিয়েছি যা সে চেয়েছে। সন্তুষ্টি বা টাকার জন্য না বরং আমি করেছি যেটা তুমি করনি বা পারনি। আমি কাল কুৎসিত মেয়েটাকে দেখেছি, ওকে ভালবেসেছি। তারপর তোমায় নিয়ে খেলেছি, দারুন খেলা বটে!

আমি অলৌকিক কিছুর জন্ম দিয়েছি। আমি ওকে চোখ দিয়েছি। নীল, নীল নীল চোখ দিয়েছি। কোবাল্ট ব্লু। কেউ চোখ দেখতে পায় না। কিন্তু ও পাবে। এবং ও খুশি থাকবে।

কী, তোমার হিংসা হচ্ছে?

দেখেছ, আমিও সৃষ্টি করেছি, এখন আমি তোমাকে ভয় পাই না। জীবন বা মৃত্যু কোনটাকেই না। সবকিছু ঠিক আছে, সব। তাই চুপ থাকাই শ্রেয়।

ধন্যবাদান্তে,

মিকাহ এলিহু হুইটকম্ব।

সোপহেড চার্চ চিঠির তিন পাতা ভাজ করে এনভেলপে ভরে রাখল। সে সেগারেট বক্স বিছানার নীচে রেখে ঘুমোতে চলে গেল।

ଶ୍ରୀଷ୍ଟକାଳ

গ্রীষ্মকাল আসলেই আমার বাড়ের কথা মনে পড়ে। আমার মনে পড়ে ১৯২৯ এর গ্রীষ্ম বাড়ের কথা। ঐবার টনের্ডো হয়েছিল। আমি দেখেছিলাম এক মেয়ে উড়ে গিয়েছিল। এই গ্রীষ্মকাল ঘন ছিল যখন আমি ও ফ্রিদা বীজ পেয়েছি। আমরা এপ্রিল মাসের অপেক্ষায় থাকলাম। আমরা বীজ কেনাবেচা করতাম। মা আমাদের বলে দিয়েছিল যে শুধুমাত্র সেসব লোক যাদের আমরা চিনি তাদের কাছে বীজ বিক্রি করতে হবে। তাই গ্রীষ্মে আমরা বীজ বেচতে থাকি। আর তাই যেসব বাসায় আমরা গেছি, মানুষজন আমাদের বাড়িতে ঢুকতে বলে পানি বা লেমনেড সাধত। আস্তে আস্তে আমরা ভাঙা গল্পকে জোড়া দিতে লাগলাম। সেটা ছিল গোপন, ভয়ঙ্কর এবং নোংরা। সেটা ছিল পিকোলার গল্প।

“তুমি কী মেয়েটা সম্পর্কে কিছু শুনছ?”

“কী, প্রেগন্যান্ট?”

“হ্যা, তবে বলত কাকে?”

“কে? আমি বাপু ছোট ছেলেদের ব্যাপারে এতকিছু জানিনা।”

“আরে ওটা ছোট কোন ছেলে ছিল না। সবাই বলে ও ছিল চলি।”

“চলি? ওর বাপ?”

“হুম”

“হায় প্রভু দয়া কর। নোংরা নিগ্রো কোথাকার।”

“মনে আছে সেইসময় ও বাড়িটা পুড়ায় দিতে চাইছিল? লোকটা নিশ্চয়ই উম্মাদ।”

“সে এখন কই? মার কাছে?”

“জানিনা, তবে আমার মনে হয় চলিকে থানায় নিয়ে যাওয়া হইছে।”

“মেয়ের তাদেরকে বাচা রাখতে দিবে না। তাই না?”

“জানি না।”

“ব্রিডলাভদের কেউ ঠিক নাই। ছেলেটা যখন তখন এখানে সেখানে ঘুরে বেড়ায়। আর মেয়েটা সব সময় বোকা।”

“কেউ জানে না তারা কোথা থেকে আসছে।”

“কিসের জন্যে ওর এমন করতে হল?”

“নোংরামী যত্নসব।”

“যাই হোক ওরা ওর স্কুল বন্ধ করে দিতেছে।”

“দিতেই হবে। কিছু দোষ পিকোলারও ছিল।”

“কিন্তু ওর তো মাত্র ১২ বছর বয়স।”

“হ্যা, কিন্তু ও মারামারি করল না ক্যান?”

“মনে হয় করছিল।”

“মনে হয় না। ওরা বলছে পিকোলার মা ওকে এত পেটায় ও যে জীবিত আছে এই বেশি।”

পিকোলার জন্য খুব ভাল হবে বাচাটা না বাঁচলে।

“আমরা কোন সাহায্য করতে পারতেছি না। একটা আইন করা উচিত- দুই মানুষ এক হলে ওদের চেয়েও কুৎসিৎ বের করতে হবে। ভাল হলে মাটির ভেতর হবে।”

আমরা পিকোলাকে নিয়ে অস্বস্তি বোধ করতাম, কষ্ট পেতাম আর ওর জন্য দুঃখ করতাম। আমি বিশ্বাস করতাম, আমাদের কষ্ট অনেক গভীর। কাউকে এ গল্প নিয়ে মাতামাতি করতে দেখা যায়নি। কেউকেই এই গল্পে অবাক হত, গল্প থেকে মজা নিত, বিরক্ত বা রাগও করত। কখনও কাউকে বলতে শুনতাম, “বেচারি ছোট মেয়ে” বা “বেচারি বাচ্চা”, আমরা সতর্কতার সাথে চোখ বুজতাম আর দেখতাম শুধুই আবরণ।

আমরা বাচ্চাটার কথা ভাবতাম কিন্তু সবাই চাইত যাতে ওটা মরে যায়। আমি চাইতাম বাচ্চাটা যেন বাঁচে। আমি পিকোলার জন্য দুঃখ অনুভব করছিলাম। ফ্রিদা অবশ্য তা ভাবছিল না। তবে আমরা একটা জিনিস বিবেচনায় আনিনি যে পিকোলার বিয়ে হয়নি। আর যদিও অনেক মেয়ে এমন আছে বিয়ে ছাড়াই যাদের বাচ্চা আছে। কিন্তু পিকোলার ক্ষেত্রে ওর বাচ্চার বাবা ছিল ওর বাবা। আর পিকোলাও সেটা জানত। আমরা পিকোলাকে স্মরণ করলাম।

“আমরা এখন কী করি ফ্রিদা?”

“কী করতে পারি? মিস জনসন বলেছে অলৌকিক শক্তি ছাড়া ওটা বাঁচবে না।”

“তাহলে তাই হোক।”

“মানে- কীভাবে?”

“প্রার্থনা করে।”

“সেটা যথেষ্ট না। মনে আছে পাখিটার কথা?”

“সেটা অন্য ব্যাপার, আমরা পাখিটা আধমরা অবস্থায় পেয়েছিলাম।”

“আমি কেয়ার করি না। তবে আমার মনে হচ্ছে আমাদের শক্ত কিছু করা উচিত।”

“চল উনাকে গিয়ে পিকোর বাচ্চার খোঁজ নেই এবং ওকে বাঁচানোর কথা বলি।”

“ঠিক আছে, কিন্তু আমাদের কিছু দেওয়া উচিত, এই সময়ে।

“দেয়া মানে? আমাদের কাছে দুই ডলার ছাড়া কী আছে?”

“আমরা সেটাই দিতে পারি বা আমাদের বাইসাইকেলটা দিয়ে দিতে পারি, টাকা দিয়ে- চারা লাগিয়ে টাকা নিতে পারি।”

“সব টাকা?”

“ক্লাডিয়া, তুমি এসব করতে চাও কী না?”

“ঠিক আছে।”

“আমাদের তাড়াতাড়ি এসব করতে হবে।”

“ওকে, এখন আমাকে গান গেতে দাও আর তুমি মন্ত্র যপ।”

দেখদেখ একবন্ধু এসেছে ওজেনের সাথে খেলবে ওরানা একটা দারুন খেলা খেলবে খেলজেন খেল

আর কতক্ষণ তুমি এই পুরান জিনিসটার দিকে তাকায় থাকবা?

আমি অনেকক্ষণ ধরে দেখি নাই।

তুমি দেখছ।

তাতে কী? আমি চাইলেই পারি।

আমি বলিনি যে তুমি পার না। আমি বলছি যে কোন একটু পর পর তুমি যেভাবে দেখতেছ, এগুলো তো আর পলায় যাচ্ছে না।

যাবে ও না। কীভাবে এগুলো পলাবে?

আগেরগুলো তো পলায় গেছে।

ওগুলো পলায় নাই, বদলেছে।

পলায় যাওয়া আর বদলে যাওয়ার মধ্যে পার্থক্য কী?

সোপহেড চার্চ বলেছ ওগুলো সারাজীবন থাকবে।

সারা জীবন! বাহ!

হ্যা, যদি তুমি চাও তো।

তোমার এত স্মার্ট না হইলেও চলবে আমার সাথে কথা বলার সময়।

আমি স্মার্ট হইতেছি না। তুমি কী চইতেছ বলতো?

আমি চাচ্ছি অন্যকিছু করতে তোমার আয়না দেখা ছাড়া।

তুমি হিংসুইট্টা।

মোটোও না।

হ্যা, হ্যা। ইস, তোমারও যদি থাকত!

কী করব আমি নীল চোখ দিয়ে?

বেশি কিছুই না।

তোমার থাকলেই হবে, আমার লাগবে না।

এখন কী করতে চাও?

আমরা বাইরে খেলতে পারি।

বাইরে অনেক গরম ।

তুমি তোমার আয়না নিয়ে কোর্ট পকেটে রাখতে পার ।

ওহ্ । তুমি তো দেখছি ভারী হিংসুইট্টা !

দূর্!

হ্যা, সত্যিই ।

সত্যি কী?”

হিংসুইট্টা ।

Ok, তাহলে আমি হিংসুইট্টা ।

দেখছ? আমি বলছি না?

না, আমি বলছি ।

চোখদুটো খুব সুন্দর না?

হ্যা, অনেক ।

আসলেই অনেক?

সত্যি, সত্যি, অনেক সুন্দর ।

সত্যি, সত্যি?

ওহ, তুমি তো দেখছি একটা উম্মাদ!

না, আমি না ।

আমি ওভাবে মিন করে বলিনি ।

তো কী মিন করে বলেছ?

ইস্ । ভেতরে অনেক গরম ।

একটু দাঁড়াও । আমি আমার জুতা পাচ্ছি না ।

ঐ তো ওগুলো ওখানে!

ধন্যবাদ ।

আয়না নিয়েছ?

জি, পাখি ।

তাইলে যাওয়া যাক আর”

কী হইছে?

সূর্যের অনেক আলো। আমার কষ্ট হইতেছে।

আমার হয় না। আমি তো এখনও চোখ বুজি নাই। আমি সূর্যের দিকে তাকায় থাকতে পারি।

এমনটা কইর না।

কেন না? ক্ষতি হবে না।

তাহলে চোখ বুজ। মজা নাও আমাকে নিয়ে।

মজা নিব? ক্যামনে?

জানি না।

হ্যা, তুমি জান, ক্যামনে।

বললাম তো জানি না।

চোখ উপরে তুলে কথা বলতেছনা ক্যান? তোমাকে মিসেস ব্রিডলাভের মত লাগতেছে।

মিসেস ব্রিডলাভ কী তোমার দিকে চোখ নামায় কথা বলে?

এখন বলে। যখন থেকে আমি নীলাঞ্জনা হইছি তখন থেকে বলে। আচ্ছা তুমি কী মনে কর সে হিংসা করে?

করতে পারে, তবে ওরা ভাল।

আমি জানি, সোপহেড আসলেই ভাল একটা কাজ করছে। যে সময়ই হোক, আমি যার দিকে তাকাই, সে চোখ নামায় ফেলে।

এইজন্যেই কী কেউ তোমাকে বলেনি ওগুলো কত সুন্দর?

অবশ্যই। মানুষের কিছু হলে অন্যরা কেউ কিছু বলবে না বা ভাব দেখাবে যে তাকে দেখেনা তা কী হয়, এটা মজার না?

হ্যা।

তুমি একমাত্র বলছ ওগুলো কত সুন্দর।

হ্যা।

তুমি আমার সত্যিকারের বন্ধু। আমি তোমার সম্পর্কে ভুল ভাবছিলাম।

আচ্ছা, ঠিক আছে।

না আসলেই You are my best friend, তোমাকে আমি আগে জানলাম না ক্যান?

আগে তোমার আমাকে দরকার হয় নাই।

তোমাকে দরকার হয় নাই মানে?

মানে তুমি আগে অনেক অস্থির ছিলা। আমার দিকে তাই লক্ষ্যই কর নাই।

হ্যা ঠিক বলছ। আমি অনেক একা ছিলাম। তুমি আমার সামনেই ছিলা।

না সোনা, তোমার চোখের পিছনে।

মানে?

মরিন তোমার চোখ নিয়ে কী বলে?

কিছুই না। তোমাকে কী এই ব্যাপারে কিছু বলছে?

না না।

তুমি মরিনকে পছন্দ কর?

ওহ্! আছে কোনরকম। অর্ধ-সাদা মেয়ে এতটুকুই।

আমি জানি তুমি কী মিন করতেছ? কিন্তু তুমি কী ওর বন্ধু হতে চাও বা ওর সাথে বেড়াতে চাও?

না।

আমিও না। কিন্তু সে অনেক পরিচিত।

কে অত পরিচিত হতে চায়?

আমি না।

আমি ও না।

তুমি তো একেবারেই অপরিচিত। তুমি স্কুলে যাও না?

তুমি ও তো যাও না।

আমি জানি। কিন্তু আমি যেতাম।

কেন বন্ধ করলা?

ওরা বন্ধ করে দিছে।

কারা?

আমি জানি না। যেইদিন থেকে আমি নীল চোখ পাইছি সেইদিন থেকে। পরের দিন মিসেস ব্রিডলাভ আসছিলেন। এখন আমি কিছুতেই স্কুল যাব না। আমি এখন কেয়ার করি না।

কর না মানে?

করি না মানে করি না । সবাই কুসংস্কারাচ্ছন্ন ।

ঠিক বলছ ।

আমার চোখ নীল বলে ওরা সবাই কুসংস্কারাচ্ছন্ন হয়ে গেছে ।

ঠিক ।

এই চোখগুলো অনেক নীল তাই না?

হ্যাঁ ।

জোয়ানার চেয়ে বেশি না?

হ্যাঁ, ডের বেশি ।

আর মাইকেলিনার চেয়েও বেশি নীল না?

হ্যাঁ, ডের বেশি ।

আমার ও তাই মনে হয় । আচ্ছা মাইকেলিনা কী আমার চোখ নিয়ে কিছু বলে গেছেন?

না, কিছুই না ।

সে কী তোমাকে কিছু বলছে?

না ।

ক্যামনে?

ক্যামনে মানে?

কেন তুমি কারো সাথে কথা বল না?

আমি তোমার সাথে কথা বলি ।

আমি বাদে ।

তোমাকে ছাড়া কাউকে আমি পছন্দ করি না ।

তুমি কোথায় থাক?

তোমাকে বলছি একবার ।

তোমার মায়ের নাম কী?

বিরক্ত করতেছ কেন?

আমি অবাক হই, তুমি কারো সাথে কথা বল না, স্কুলে যাওনা । আর কেউ তোমার সাথে কথা বলে না ।

তুমি কী ভাবে বল কেউ আমার সাথে কথা বলে না?

না, কেউ কথা বলে না। এ ঘরে আমার সাথে থাকাকালীন মিসেস ব্রিডলাভ তোমার সাথে কোন কথা বলে নাই। আমার মনে হয় তোমাকে দেখে নাই।

আমাকে দেখল না ক্যান?

জানি না। তোমার পাশ কেটে চলে গেল।

মনে হয় চলি চলে যাওয়ার পর থেকে তার আর ভাল লাগে না।

হ্যা, ঠিক বলছ।

সে চলিকে মনে হয় মিস করে।

আমি জানি না মিস করে কী না। ওতো মাতাল হয়ে ওকে মারত।

তুমি জান, বড়রা কেমন হয়।

হ্যা, না কেমন তারা?

সম্ভবত সে চলিকে অন্যভাবে ভালবাসত।

চলিকে?

নিশ্চয়ই। কেন নয়? যাই হোক আর ভাল না বাসলেও চলিকে দিয়ে সে সেইটা করাত।

সেইটা না।

তুমি কীভাবে জান?

আমি সবসময় তাদের দেখছি। মিসেস ব্রিডলাভ ঐটা পছন্দ করত না।

তাহলে কেন সে চলিকে দিয়ে ওর জন্য সেটা করল?

কারণ চলি ওকে বাধ্য করছে।

কেউ ক্যামনে তোমাকে ঐসব করতে বাধ্য করবে?

খুব সহজ।

তাই নাকী। ক্যামনে?

তারা শুধু তোমাকে বাধ্য করবে, এইটুকুই।

আমার মনে হয় তুমি ঠিক। আর চলি যে কাউকে বাধ্য করতে পারত।

না সে পারত না।

সে তোমাকেও বাধ্য করছে, তাই না?

চুপ কর ।

আমি তো মজা করছিলাম ।

চুপ থাক ।

Ok Ok

সে ক্লান্ত ছিল, বুঝালা? সে কিছই করেনি, শুনছ কিছইনা?

আমি চুপ করতেছি ।

ভাল হয়, আম এসব কথা পছন্দ করি না ।

বলছি তো চুপ করতেছি ।

তুমি সবসময় নোংরা কথা বল । কে বলছে এইসব?

আমি ভুলে গেছি ।

স্যামি?

না, তুমি বলছ ।

না কখনো না ।

হ্যা তুমি বলছ, তুমি যখন ঘুমাচ্ছিলো, ও তখন চেষ্টা করে ।

তুমি না জেনে এসব বলতেছ । এইটা ছিল যখন আমি থালাবাসন পরিস্কার করতেছিলাম তখন ।

ও, হ্যা, থালাবাসন ।

হ্যা, কিচেনে ।

ভাল, আমি খুশি যে তুমি তাকে এটা করতে দাও নাই ।

হ্যা ।

তাই কী?

মানো?

তাকে করতে দাও নাই?

এখন বল, কে উম্মাদ?

মনে হয় আমি ।

অবশ্যই তুমি ।

তবু।

হ্যা, বলে যাও তবু কী?

আমি ভাবি, কী হতো যদিওমন হইতো?

ভয়ানক কিছু।

সত্যিই?

হ্যা।

তাহলে তুমি মিসেস ব্রিডলাভকে কেন জানাও নাই?

আমি তাকে জানাইছি।

আমি প্রথমবারের কথা বলতেছি না। দ্বিতীয়বার যখন ঘটল ঘুমানোর সময়?

আমি ঘুমাইছিলাম না। পড়তেছিলাম।

চিৎকার কর না।

তুমি বুঝ না। তাই না? সে এমন কী আমাকে বিশ্বাস করে নাই যখন আমি বলছি।

তাই তুমি দ্বিতীয়বার আর তাকে এইকথা বল নাই?

সে কোন সময়ই আমাকে বিশ্বাস করে নাই।

O.K., আমি বুঝেছি।

কী বুঝছ?

তোমার মনে হয় নিজেকে ছোট লাগতেছে।

তুমি ছোট বা নীচু যা খুশি বলে যেতে পার। আমি তোমাকে বন্ধু ভাবছিলাম।

আমি আমি

তাহলে চলির ব্যাপারে কোন কথা হবে না।

O.K.

তার ব্যাপারে বলার কিছু নাই, সে চলে গেছে।

হ্যা, উদ্ধার করছে।

হ্যা সেটাই।

আর সামিও চলে গেছে।

হ্যা, সেও ।

তাই তাদের নিয়ে কথা বলার কোন মানে নেই ।

না, কোন মানে নেই ।

সব শেষ ।

হ্যা ।

ভয় পাও চলি যদি আবার ফিরে আসে?

না ।

ওটা খুব ভয়ঙ্কর হবে তাই না?

হ্যা ।

দ্বিতীয়বার কী ভয়ঙ্কর ছিল?

হ্যা ।

সত্যিই? দ্বিতীয়বারও?

আমাকে একা ছাড় । চলে যাও ।

জোঁক করতেছিলাম তো ।

আমি নোংরা কথা শুনব না ।

আমিও না । চল অন্যপ্রসঙ্গে আসি ।

কী?

কেন তোমার চোখ?

ও হ্যা, আমার চোখ, নীল চোখ । আমাকে দেখাও তো ।

কী সুন্দর ওগুলো!

হ্যা, সত্যিই ।

আমার জানামতে পৃথিবীর সবচেয়ে সুন্দর জিনিস ।

সত্যিই?

হ্যা ।

আকাশের চেয়েও সুন্দর?

হ্যা, তার থেকে বেশি ।

অ্যালিস আর জেরির গল্পের চোখগুলোর চেয়েও?

তার থেকেও সুন্দর ।

আর জোয়ানার চেয়ে?

অবশ্যই, তার চেয়ে তোমারটা বেশি নীল ।

মাইকেলিনার চেয়েও নীল?

হ্যা ।

তুমি Sure?

হ্যা অবশ্যই ।

তুমি Sure বললা না ।

বললাম তো আমি Sure , যতক্ষণ না

যতক্ষণ না কী?

কিছু না । আমি এক নীল চোখের মহিলাকে দেখছিলাম । তার চোখদুটো নীল, কিন্তু তোমারটা বেশি নীল ।

সত্যিই?

হ্যা ।

ওহ্ আমি খুশি ।

কিন্তু তুমি তো সবাইকে দেখ নাই, দেখছ কী?

না, সবাইকে না ।

তাহলে আরো থাকবে ।

খুবই অল্প ।

কিন্তু থাকতে পারে । তুমি বলছ । এখানে । কিন্তু সম্ভবত এখানকার কারও নীল চোখ নাই ।

আর অন্য জায়গায়? আমারটা যদি অন্যদের চেয়ে নীল হয়, তবে কেউ তো আছে, যার চোখ আমার চেয়েও নীল?

ফালতু বকনা ।

সত্যিই কী তাই না?

সবসময় না ।

কিন্তু ধর, সিনাথি নামের কেউ বলল দুইজন আছে যার চোখ আমার চেয়েও নীল । আমি একাই নীলাঞ্জনা না ।

তাতে কী? তুমি নীলচোখ চাইছ, তাই পাইছ।

সে নিশ্চয়ই তাদের চোখ নীল করছে।

কে?

মি. সোপহেড।

তোমার মনে আছে কোন নীলের কথা তুমি বলছিলি?

ভুলে গেছি।

ভাল।

দেখ, দেখ ওখানে। ঐ মেয়েটার চোখ দুটো কী আমার চেয়ে বেশি নীল না?

আমার মনে হয় না।

তুমি কি সত্যি ভাল কিছু দেখতে পাও?

হ্যাঁ।

এখানে আরেকজন আসছে। দেখ তারটা আমার চেয়ে নীল কী না।

তুমি পাগল না কী। আমি প্রত্যেকের চোখ দেখব না।

তোমাকে দেখতে হবে।

না মোটেও না।

যদি কারো চোখ আমার চেয়েও নীল হয় তার মানে আরো নীলাঞ্জনা আছে।

পৃথিবীর সাবাই নীলাঞ্জনা হয়ে যাবে।

সেটা তো খুব খারাপ হবে।

প্লিজ, তুমি দেখ।

না।

ধর, আমার চোখ দুটো তেমন নীল না?

তেমন নীল না মানে?

তেমন না মানে... ততটা নীল না কোন কিছুর জন্য বা তোমার জন্য, জানি না।

তুমি গাধার মত বকছ।

যেওনা। আমাকে ছেড়ে যেও না। তুমি ফিরবে যদি আমি ওগুলো পাই?

কী পাও?

নীল চোখ, তুমি ফিরে আসবে?

অবশ্যই। আমি কিছু সময়ের জন্য বাইরে যাচ্ছি।

কথা দাও।

নিশ্চয়ই, ঠিক তোমার চোখের সামনে আমি একটু পর ফিরে আসব।

এই ছিল গল্পের শেষটা।

একটা ছোট্ট কালো মেয়ে ফর্সা মেয়ের নীল চোখ পাওয়ার জন্য উৎসুক হয়ে উঠেছিল যার ভয়বহতা তার জীবনে ধ্বংস ছাড়া আর কিছু দিতে পারেনি।

পিকোলার বাচ্চা খুব তাড়াতাড়ি ভূমিষ্ঠ হল, খুব তাড়াতাড়ি মরেও গেল। এরপর আমি ও ফ্রিদা খুব কমই ওকে দেখেছি। এ ঘটনা নিয়ে অনেক কথাবার্তা বা অনেক মাথা ঘামান হয়েছে। তবে পিকোলার অবস্থা দেখার মত ছিল না। বয়স্ক মানুষেরা ওর দিকে তাকায় চলে যেত। যেসব বাচ্চারা ওকে ভয় পেতনা, তারা ওকে দেখে জোরে জোরে হাসত।

ক্ষতিটা ছিল অসামান্য। ও ওর দিন কাটাত লতা-তন্তুর মত আকড়ানো, উপর থেকে নীচ বা নীচ থেকে উপরে হাটা, ড্রাম বিটের শব্দে মাথা ঝাকানোর মধ্য দিয়ে। কনুই ভাজ করে হাত ঘাড়ের উপর দিয়ে বা পাখির মত দুহাত দুদিকে ছড়িয়ে নিরর্থক উড়তে চেষ্টা করত। বাতাসে হাত মেলে এই মাটির ময়না আকাশের নীলিমাকে ছোয়ার চেষ্টা করলেও সেই নীলিমা ধরতে এমনকী দেখতে পারতনা। তবে মনের গভীরতায় হয়ত তা ছুঁয়ে যেত।

আমরা কখনই ওর ধারেকাছে যেতাম না, চেষ্টা করতাম ওর দিকে না তাকিয়ে ওকে দেখতে। এই কারণে না যে ও হাস্যকার বা ভয়ঙ্কর বা ওকে সাংঘাতিক ভয় পেতাম এমন, আসলে আমরা হেরে গেছিলাম ওকে বুঝতে বা বুঝাতে। আমাদের বাগানের ফুলগুলো ফুটেনি। আমাকে মানতে হল যে ফ্রিদা ঠিক ছিল। আমি চারাগুলো মাটির অনেক গভীরে পুতেছিলাম। আমি কীভাবে এমনটা করলাম? আমরা তাই পিকোলাকে সারা জীবনের মত এড়ায় গেলাম।

আর বছরগুলোও পকেট রুমালের মত ভাঁজ হয়ে গেল। স্যামি অনেক আগেই শহর ছেড়েছিল। চলি ওর ওয়ার্কশপে মরে গিয়েছিল। মিসেস ব্রিডলাভ এখনও ঐ কাজেই আছে। আর পিকোলা ওর মায়ের সাথে শহরের শেষ প্রান্তে কোন এক বাদামী রঙের বাড়িতে থাকছিল। সেখানে ওকে হয়ত সারাদিনে একবার দেখা যেত। পাখির মত অঙ্গভঙ্গি এখন যেন ছুটে যায় সূর্যমুখী ও টায়াররিমের মধ্যে বা মিল্কউইড* বা কোকের বোতলের মধ্যে, সমস্ত আবর্জনা এবং ভাল জিনিসের মধ্য দিয়ে যা সে ছিল। আমরা আমাদের সমস্ত আবর্জনা ওর উপর ফেলছি যা ও নিয়ে নিয়েছিল আর একদিন সে সৌন্দর্য ওর ভিতর ছিল, তা আমাদের দিয়ে দিয়েছিল। আমরা সবাই যারা ওকে চিনতাম, ওর উপর ময়লা বেড়ে বহাল তবিয়তে ছিলাম। আমাদের খুব সুন্দর লাগছিল যখন আমরা ওর অসুন্দর চেহারার সামনে পা ফাঁক করে দাঁড়িয়েছিলাম।

আমরা ওর সরলতায় সুসজ্জিত হলাম, ওর দোষে পবিত্র হলাম, ব্যথায় উজ্জ্বল হলাম, উদ্ভট আচরণে আমরা হাসতাম। ওর অস্পষ্টতা আমাদের বিশ্বাস যোগায় যে আমরা কত বাকপটু। ওর দারিদ্রতা আমাদের করেছে ভদ্র। এমনকী ওর দিবাস্বপ্নে আমরা আমাদের দুঃস্বপ্নকে চাপতে অভ্যস্ত হয়েছি। আর এখন আমাদের ঘৃণা ওর প্রাপ্য। আমরা আমাদের গর্ব ওর সামনে বাড়িয়েছি, আমাদের চরিত্রকে ওর দুর্বলতার সামনে পেতে দিয়েছি, আর হাই তুলেছি আমাদের কল্পনা শক্তিতে।

* মিল্কউইড- এক প্রকার গাছ

আর কল্পনা এই ছিল যে, আমরা শক্তিশালী ছিলাম স্বাধীন নয়। শুধুমাত্র অনুমতিপ্রাপ্ত ছিলাম। আমরা সহানুভূতিক না, শুধু আন্তরিক ছিলাম, ভাল না কিন্তু ভদ্র ছিলাম। আমরা বাঁচার আশা ছেড়ে নিজেদের সাহসী বানানোর জন্য মৃত্যুকে ডাক দিয়েছিলাম। আমরা বুদ্ধিলাভের জন্য ভাল ব্যকরণ পরিবর্তন করেছিলাম। পরিপক্বতা পেতে নিজেদের অভ্যাস বদলেছিলাম। পুরান চিন্তাকে নতুন ধাঁচে, নতুন শব্দে সাজিয়ে মিথ্যাকে সত্য করে তুলেছিলাম।

তবে ওর পদচারণা পাগলামীর দিকে গেছে যেটা স্বাভাবিকভাবেই ভবিষ্যতে ওকে হতাশ করার আগেই রক্ষা দিয়েছে।

ওহ, আমাদের মধ্যে কেউ কেউ ওকে ভালবাসত। ম্যাগিনট লাইন। চলিও ওকে ভালবাসত। আমি নিশ্চিত ও ভালবাসত। সে যে কোন মূল্যে পিকোলাকে ভালবাসত। ওকে স্পর্শ করত, ওকে আবৃত করত এবং নিজের থেকে কিছু পিকোলাকে দিয়েছিল। কিন্তু ওর স্পর্শটা ছিল ভয়ঙ্কর, যেটা ওর গর্ভে হতাশা ও মৃত্যুর জন্ম দিয়েছিল। ভালবাসার মানুষ ছাড়া ভালবাসা কখনও সম্ভব না। জঘন্য মানুষের ভালবাসা জঘন্য, হিংস্র মানুষের ভালবাসা হিংস্র, দুর্বলের ভালবাসা দুর্বল, বোকাদের ভালবাসা বোকামী, কিন্তু এক স্বাধীন মানুষের ভালবাসা বিপদজনক। এসব মানুষের ভালবাসায় ভালবাসার পাত্রী কখনই লাভবান হয় না। পাত্র একাই ভালবাসার উপহার পায়। আর সে যাকে ভালবাসে সে তার চোখে চোখ রাখলেই সে হয় ছেঁড়া, ফাঁটা ও স্তব্ধ।

আর এখন যখন ওকে ডাষ্টবিনে কিছু খুঁজতে দেখি, মনে হয় ও কী খুঁজে? যে জিনিসকে আমরা খুন করেছি সেটা? আমি বলি- কীভাবে আমি বীজগুলোকে মাটির অনেক গভীরে পুঁতেছি, কীভাবে এটার জন্য এই জায়গা, এই শহর এবং এই পৃথিবী দায়ী। এমনকী এখন আমার মনে হয়, এই দেশের প্রতিটা জায়গাই ম্যারিগোল্ড জন্মানোর জন্য প্রতিকূল। এর মাটি কিছু জাতের ফুলের জন্য ভাল না। এ মাটি কিছু বীজে পুষ্টি দেয় না, ফল ধারণে ভূমিকা রাখে না, আর যখন এটি তার নিজ ইচ্ছাশক্তিকে মেরে ফেলে, আমরা মৌনসম্মতি দেই বা বলি যে ক্ষতিগ্রস্তের বেঁচে থাকার কোন অধিকার নেই। অবশ্যই আমরা ভুল ছিলাম, কিন্তু এটা কোন ব্যাপার না। আমরা বুঝতে অনেক দেরী করে ফেলেছি। অন্তত শহরের শেষ সীমানার আবর্জনা স্তুপ এবং সূর্যমুখীর মাঝে আমরা অনেক অনেক অনেক দেরী করে ফেলেছি।

= 0 =

CONCLUSION

A translation is not an easy task as it is not only a translation of the language but also a translation of many more things like accent, behaviour, culture etc. Before translating *The Bluest Eye*, I thought it would be a hard job; while doing this translation, it became even more difficult than ever and after finishing this work it seems I am not sure what my work will be able to satisfy readers or not. Actually, it is hard to satisfy people with translation as it cannot be as perfect as the original one (see Bassnett, 2002).

Indeed, while translating the text, I found that there were many things inside the novel regarding words, sentences and meaning that proved very difficult to translate. For example, in the second paragraph of the first section of *The Bluest Eye*, we came across the following lines:

“Our innocence and faith were no more productive than his lust or despair. What is clear now is that of all of that hope, fear, lust, love, and grief, nothing remains but Pecola and the unyielding earth.”(Morrison, 1970: 04) These lines have been translated in thus- “না চলির লালসা বা হতাশা ভাল কিছু দিতে পেরেছে, না পেরেছে আমাদের নিঃস্পাপ মন বা বিশ্বাস। এখন সব পরিস্কার- আমাদের আশা, ভালবাসা, ভয় কিংবা ক্ষোভ কোন কিছুই পিকোলা আর তার নির্মম পৃথিবীর কাছে কিছু না।”

Here in the translation, I have maintained dynamic equivalence as formal equivalence proved difficult for translating this part of the novel. Again the paragraph in the last section:

“So it was .

A little black girl yearns for the blue eyes of a little white girl, and the horror at the heart of her yearning is exceeded only by the evil of fulfillment.”(Morrison, 1970:162) has been translated in the following manner:

“এই ছিল গল্পের শেষটা।

একটা ছোট্ট কালো মেয়ে ফর্সা মেয়ের নীল চোখ পাওয়ার জন্য উৎসুক হয়ে উঠেছিল যার ভয়বহতা তার জীবনে ধ্বংস ছাড়া আর কিছু দিতে পারেনি। ”

In this translation, also, I have used dynamic equivalence because here in this extract, the phrase “the horror at the heart of her yearning is exceeded only by the evil of fulfillment” proved very hard to translate literally.

Here in my translation, I tried to translate the American text dynamically so that it can connect to Bangladeshi readers. Morrison’s *The Bluest Eye* is a novel, where we meet lower class black people who care little a bit education; it is a novel that is a “lament for all starved and stunted children everywhere” (Morrison, 1970). In this translation, I have tried to dep[ict a way of life not only by translating the description of some lives, but also by giving them a Bengali rural accent. For example, in the first section that is “Autumn,” there is a paragraph dealing with the lifestyle of little Claudia and her family, which goes as follows:

“Our house is old, cold, and green. At night a kerosene lamp lights one large room. The others are braced in darkness, peopled by roaches and mice.”(Morrison,1970:05) I have translated the paragraph in the following way:

“আমাদের বাসাটা পুরান, ঠান্ডা আর সবুজ রঙের। রাতে শুধু এক রুমে কেরোসিনের লাইট জ্বালান হয়। আর অন্যরুমগুলো তখন অন্ধকার, আর হাঁদুর বা তেলাপোকায় ভরা থাকে।”

Here in these lines one can notice the language, used by a young girl in a mature voice, and for this reason, I have used simple Bengali words to express a young but experienced voice. Again, there is a conversation among the ladies of the black community in Lorain, Ohio in the first section, which is presented thus: “You know him,” she said to her friends. “Henry Washington. He’s been living over there with Miss Della Jones on Thirteenth Street. But she’s too addled now to keep up. So he’s looking for another place.” (Morrison,1970:07)This has been translated in the following way:

“তোরা উনারে চিনস”, মা তার বান্ধবীদের বললেন, “হেনরি ওয়াশিংটন, উনি মিস ডেলা জোনের সাথে ১৩ নম্বর রাস্তায় থাইকতেন । কিন্তু মহিলার আর পোষাইল না । তাই হেনরি থাকার জায়গা খুঁজতেছে ।”

In Bangladesh, as elsewhere the language of the working class people is quite different from that of those in sophisticated society. Their accents do not match standard Bengali. In this translated work I tried to depict the varieties of dialect to reflect the class position of the characters of this novel.

However, while translating I found many words and phrases that proved difficult to translate; most of the time I have used dynamic equivalence and translated the meaning of the section, although at times I have skipped that untranslatable portion. In this novel, for example, there is a long erotic description on sexual intercourse between Pauline and Cholly Breedlove, stated by Pauline using the first person narrative; but in my translation, I used third person narrative to describe this situation while retaining the originality of the meaning. The long paragraph has been translated in the following way:

“তবে কখনো কখনো পলিন চলির সঙ্গ খুব মিস করত । ওর আগের কথা মনে পড়ে যখন চলি ওর কাছে আসত জামাকাপড় খুলে ওকে খুব করে আদর করে দিত । পলিন তখন চোখ বন্ধ করে থাকত, যাতে এই আদর চলতেই থাকে, চলতেই থাকে । এক পর্যায়ে পলিন সেই আদরে সাড়া দিত । বিছানা দিয়ে ক্যাঁচ ক্যাঁচ শব্দ বের হত । এরপর ক্লান্ত শরীরে দুজন দুজনের উপর ক্রস আকৃতিতে শুয়ে থাকত । তারপর আবার শুরু হত সেই অনুভূতি । দুজনে দুজনকে ধরে রাখত । চলি ওর সবকিছু পলিনকে উজার করে দিত আর পলিনের ভিতর চলতে থাকত এক অদভূত রামধনু যাত্রা যেটার শেষ ছিলনা । কোন শেষ ছিলনা । কিন্তু পলিন তাকে ধন্যবাদ দিতে গিয়েও দেয়নি, পারেনি কারণ ও ছিল ক্লান্ত ও নড়তে পারছিল না এবং চাইছিলও না । ”

Last but not the least, this work tried to translate a classic novel within a quite short period of time; for this reason, there some unconscious or unintentional flaws may be found in this translation. The work, however, is an effort to bring a Nobel Prize winning English novel close to our Bangladeshi urban people. It will hopefully be considered a successful work that will hopefully satisfy everyone.

BIBLIOGRAPHY:

- Morrison, T. (1970). *The Bluest Eye*. London: Vintage.
- Bassnett, S. (2002). *Translation Studies*. (3rd ed., pp. 11, 25, 33, 58, 116). New York: Routledge.
- Hatim B. and Munday J. (2004). *Translation: An Advanced Resource Book*. (pp. 26, 148-51, 170, 171,174). New York: Routledge.
- The World as India- The St. Jerome Lecture on Literary Translation. Sontag, Susan (2007). *At the Same Time*. London: Penguin.
- Delgado, R. and Stefanic, J. (2000). *Critical Race Theory: the Cutting Edge*. (2nd ed. pp. 268 and 269). Philadelphia: Temple University Press
- Ryan, M. (1999). *Theory: A Practical Introduction*. London: Blackwell.
- Randall, V. Defining Race Racism and Racial Discrimination. *Academic.udayton.edu*. retrieved March 10, 2010 from <http://academic.udayton.edu/race/01race/race08.htm>